শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল জুলাই ২০২২ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | ঃ ২৪ জুলাই ২০২২ খ্রিঃ |
| সময় | ঃ বেলা ১২.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে লোডশেডিং এর কারণে মারাত্মক রকমের অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। বিদ্যুৎ যাওয়ার সাথে সাথে হাসপাতালের সকল কার্যক্রম স্থবির হয়ে যায়। জেনারেটরের মাধ্যমে সর্বোচ্চ একঘন্টা পর্যন্ত সেবা নিশ্চিত করা যায়। তিনি হাসপাতাল এরিয়ায় লোডশেডিং কমানোর অনুরোধ জানান। এছাড়া হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, হাসপাতাল একটি জরুরী সেবার স্থান। এই জরুরী সেবার স্থানে বিদ্যুৎ লোডশেডিং কমানো যায় কিনা বিদ্যুৎ বিভাগের প্রতিনিধিকে অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, খরিফ-১/২০২২ মৌসুমে ১১৪৯৫ হেক্টর আউশ আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। ১১৫২০ হেক্টর আউশ আবাদ অর্জিত হয়েছে। লক্ষ্যমাত্রার চেয়ে বেশী আউশ আবাদ হয়েছে। বর্তমানে আউশ ধানের মাঠের অবস্থা ভাল। চলতি খরিফ-২/২০২২ মৌসুমে এ পর্যন্ত ২২০ হেক্টর রোপাআমন বীজতলা হয়েছে। ১৫৩৩৬ হেক্টর রোপা আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বর্তমানে মাঠে আমন ধান রোপনের কাজ শুরু হয়েছে। এ পর্যন্ত ২৫০ হেক্টর রোপা আমন ধান আবাদ হয়েছে। উৎপাদন বৃদ্ধি ও উৎপাদন খরচ কমানোর লক্ষ্যে কৃষিতে খামার যান্ত্রিকীকরণ জরুরী। উন্নয়ন সহায়ক (ভুর্তকী) আওতায় কৃষকদেরকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে ধান রোপন যন্ত্র (রাইস ট্রান্সপ্লান্টার) ক্রয়ে উৎসাহী করার জন্য মাঠ পর্যায়ে উদ্বুদ্ধকরণ কাজ চলছে। এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সংশ্লিস্ট সকলের সহযোগিতা প্রয়োজন। এছাড়া শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন এলাকায় বিশেষ করে ভুনবীর ও আশিদ্রোন ইউনিয়নে ফসলী জমির ভূ-উপরিভাগের মাটি ও বালু এভাবে অপসারণ হতে থাকলে ভবিষ্যতে ফসল উৎপাদন হুমকির মুখ পড়বে। এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া সকল কাজ স্বাভাবিকভাবে চলছে। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি ডা: সম্পদ সিংহ, উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা জানান, এনএটিপি ও এলডিডিপি প্রকল্পের আওতায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে ক্ষুরা রোগের টীকা বিনামূল্যে প্রয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে। শ্রীমঙ্গল উপজেলায় এলএসডি নামক ভাইরাল ডিজিজ ছড়িয়ে পড়ায় উপজেলা ভেটেরিনারি হাসপাতালে আক্রান্ত পশুর সংখ্যা দিন দিন বাড়ছে। খুবই গুরত্ব সহকারে আক্রান্ত প্রাণিদের সেবা প্রদান করা হচ্ছে এবং মালিকগণকে রোগ প্রতিরোধ করণের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: এলএসডি নামক ভাইরাল ডিজিজ প্রতিরোধে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, আগামী ২৩-২৯শে জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২খ্রিঃ উদ্যাপিত হবে। তিনি সপ্তাহব্যাপি সকল কার্যক্রমে সকলের উপস্থিতি ও সার্বিক সহযোগিতাকরণের জন্য অনুরোধ জানান। সভায় মৎস্য কর্মকর্তা আরো জানান, দেশিয় প্রজাতির ছোট মাছের প্রধান প্রজনন মৌসুম বিশেষ করে জ্যৈষ্ঠ্য ও আষাঢ় মাস, ঐ সময়ে জেলেদের মাছ ধরা থেকে বিরত রাখতে পারলে হাওরে মাছের উৎপাদন বহুগুণ বৃদ্ধি পাবে। তিনি এই দুই মাস নিবন্ধিত জেলেদের মাঝে বিশেষ প্রণোদনা বা ভিজিএফ প্রদানের বিষয়ে সভায় মতামত ব্যক্ত করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: জ্যৈষ্ঠ্য ও আষাঢ় মাসে জেলেদের মাছ ধরা থেকে বিরত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানবৃন্দ উন্নয়ন অগ্রযাত্রা বজায় রাখার স্বার্থে নিজেদের ইউনিয়নে সারাবছর কি কি উন্নয়নমূলক কাজ কার্যক্রম করবেন তার একটি তালিকা প্রস্তুত করে ইউনিয়ন পরিষদের প্যাডে দেয়ার অনুরোধ জানান। তিনি আরো বলেন, উপজেলা উন্নয়ন পরিচালন (জাইকার) অর্থায়নে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য মাল্টিপারপাস বিল্ডিং নির্মাণ কাজের কার্যাদেশ ঠিকাদারকে প্রদান করা হয়েছে এবং শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তার পাশে পুকুর রয়েছে পুকুরের পাড় ভেঙ্গে রাস্তার ক্ষতি হচ্ছে। তিনি রাস্তার পাশে পুকুর নির্মাণে নিরুসাহিত করার অনুরোধ জানান। তাছাড়া শ্রীমঙ্গল উপজেলার ৯টি ইউনিয়নের অনেক এলাকায় কোন ধরনের সয়েল টেষ্ট ছাড়াই ১ম-৪র্থ তলা পর্যন্ত বিল্ডিং নির্মাণ করা হচ্ছে। সয়েল টেষ্ট ছাড়া বিল্ডিং নির্মাণ করলে অনেক সময় ঝুঁকির সম্ভাবনা থেকে যায়। তিনি ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দকে বিল্ডিং নির্মাণের সয়েল টেষ্ট এবং নকশা অনুমোদনে এলাকার জনসাধারণকে উৎসাহিত করার অনুরোধ জানান। প্রতি ০৩ মাস অন্তর অন্তর বিল্ডিং নির্মাণের নকশা অনুমোদনের সভা অনুষ্ঠিত হয়ে থাকে।<br><br>সিদ্ধান্তঃ ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানবৃন্দ বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উন্নয়নমূলক কার্যক্রমের তালিকা প্রস্তুত করে আগামী ৭দিনের মধ্যে উপজেলা প্রকৌশলী বরাবরে প্রেরণের অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, শ্রীমঙ্গল উপজেলায় ৫টি ব্রীজের কাজ চলমান আছে। কালাপুর বরুনা সাইটের গ্রাডার ও ছাদ ঢালাইয়ের কার্যক্রম চলছে। অন্যান্য ব্রীজের পাইলিং এর কাজ শেষ হয়েছে। এইচবিবি রাস্তার কার্যক্রম ৫০%। কাবিখা ও টিআর কাজও শেষ হয়েছে। বীরমুক্তিযোদ্ধাদের জন্য ২৪ টি গৃহের মধ্যে ১৭টি গৃহনির্মাণের টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী কয়েকদিনের মধ্যে গৃহ নির্মাণ কার্যাদেশ প্রদান করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, শ্রীমঙ্গল উপজেলায় ৯৪৫জন ভূমিহীন ও গৃহহীনের তালিকা চূড়ান্ত করা হয়েছে তার মধ্যে ৬৫০জন ভূমিহীনকে গৃহ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২৯৫জন ভূমিহীনকে গৃহপ্রদান করা হলে শ্রীমঙ্গল উপজেলা ভূমিহীন ও গৃহহীন মুক্ত হবে।<br><br>সিদ্ধান্তঃ বীরমুক্তিযোদ্ধাদের জন্য গৃহ নির্মাণ কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, গর্ভবতী মায়েদের তালিকা সংগ্রহ করা হয়েছে। প্রতি রবিবার ও বুধবার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতি প্রয়োগের কার্যক্রম পরিচালিত হয়। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা পপঃ কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমাজসেবা কর্মকর্তা |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, ৩০ জুন সমাপ্ত হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের সকল ধরনের ব্যয় বরাদ্দ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া ১৩৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে নিয়মিত পাঠদান কার্যক্রম চলছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য ৫-১১ বছরের ছাত্র-ছাত্রীদের তালিকা প্রস্তুত করা হচ্ছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডেক্স বেঞ্চ প্রদানের জন্য তালিকা প্রস্তুত করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিজিডি খাদ্যের ডিও দেয়া হয়নি। W.T.C ও IGA দু'টি প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কিশোর কিশোরী ক্লাবে দুই দিনের খাবার দেয়া হতো। সরকারী সিদ্ধান্তে বর্তমানে একদিন খাবার দেয়া হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি। আগামী সভায় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, পল্লী প্রগতি ও সদাবিক প্রকল্পের প্রায় ১৪.০০ লক্ষ টাকা ঋণ খেলাপী রয়েছে। আদায়ের জন্য প্রশাসনিক সহায়তা কামনা করেন। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, ২০২১-২০২২ সনের সমবায় সমিতি সমূহের অডিট বরাদ্দ ইতোমধ্যে প্রদান করা হয়েছে। নিয়মিত অডিট কার্যক্রম চলছে। আশ্রয়ণ প্রকল্পে যারা ঋণ গ্রহণ করেছেন বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ আদায় সম্ভব হচ্ছে না। সরকারী রাজস্ব আদায় ও জমা নিয়মিতভাবে করা হচ্ছে। এছাড়া বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |

| | | |
|---|---|---|
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বোরো সংগ্রহ ২০২২ খ্রিঃ চলমান আছে। ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ১২৬৮.০০ মেঃটন তন্মধ্যে সংগ্রহ হয়েছে ৩৬০.০০ মেঃটন। সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩৫৯৭.০০ মেঃটন, তন্মধ্যে সংগ্রহ হয়েছে ২৮০০.০০০ মেঃটন। সংগ্রহ কার্যক্রম অব্যাহত আছে। খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাগণের হালনাগাদ তালিকা ইউনিয়ন পরিষদ থেকে পাওয়া গিয়েছে এবং তালিকাগুলো খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ইউডিসি উদ্যোক্তগণ এই তালিকার মধ্যে থাকা ভুলত্রুটি সংশোধনের জন্য কাজ করবেন এবং এই কাজে ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে সহযোগিতা করার অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাগণের হালনাগাদ তালিকা খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে দ্রুত আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| রাজস্ব তহবিল হতে ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহনির্মাণ | সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার ০৪/০১/২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১নং স্মারকমূলে ভূমিহীন ও গৃহহীনদের জন্য শ্রীমঙ্গল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০২টি গৃহ নির্মাণের নির্দেশনা পাওয়া যায়। কিন্তু ভূমিহীন ও গৃহহীনদের জন্য শ্রীমঙ্গল উপজেলা পরিষদের রাজস্ব তহিবল হতে গৃহ নির্মাণ করা সম্ভব হয়নি। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত পত্রের নির্দেশনা মোতাবেক ভূমিহীন ও গৃহহীনদের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রাক্কলিত ব্যয় ভ্যাট ও আইটি ব্যতীত ১,৭১,০০০/- (এক লক্ষ একাত্তর হাজার) টাকা, ভ্যাট ও আইটিসহ প্রাক্কলিত ব্যয় ১,৮৭,২৪৫/- (এক লক্ষ সাতাশি হাজার দুইশত পঁয়তাল্লিশ) টাকা এবং সরাসরি ক্রয় প্রক্রিয়া (ডিপিএম) পদ্ধতিতে ঠিকাদারের মাধ্যমে নির্মানের ক্ষেত্রে নূন্যতম প্রাক্কলিত ব্যয় ২,১২,৪৪৩/- (দুই লক্ষ বার হাজার চারশত তেঁতাল্লিশ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে গৃহ নির্মাণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। সে মোতাবেক উপজেলা পরিষদের অর্থায়নে প্রাক্কলন অনুযায়ী গৃহ নির্মাণ করার অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য শ্রীমঙ্গল উপজেলা পরিষদের রাজস্ব তহিবল হতে ০২টি গৃহ নির্মাণের সর্বসম্মত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| গ্রামপুলিশ : নিয়োগ সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগের নিমিত্ত বাচাই কমিটি কর্তৃক বাচাই প্রক্রিয়া সম্পন্ন করে সুপারিশ দাখিল করা হয়েছে। দাখিলকৃত তালিকা অনুযায়ী (তালিকা ক-দ্রষ্টব্য) বাচাই প্রক্রিয়া সম্পন্ন করে নিয়োগ প্রদানের নিমিত্ত উপজেলা পরিষদের সভায় অনুমোদনের বিধান রয়েছে। সে মোতাবেক গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) বাচাইকৃতদের নামের তালিকা সভায় উপস্থাপন করা হয়।<br><br>সিদ্ধান্তঃ বিভিন্ন ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগের নিমিত্ত বাচাই কমিটি কর্তৃক বাচাই প্রক্রিয়া সম্পন্ন করে সুপারিশকৃত উপস্থাপিত গ্রাম পুলিশের (দফাদার ও মহল্লাদার) নামের তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাল্টিপারপাস বিল্ডিং সংক্রান্ত | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের নামে বরাদ্দকৃত জাইকার অর্থায়নে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য একটি মাল্টিপারপাস বিল্ডিং নির্মাণের বিষয়ে বিগত ২৭/০৪/২০২২ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। সে মোতাবেক মাল্টিপারপাস বিল্ডিং নির্মাণের যাবতীয় কর্মকান্ড সম্পন্ন হয়েছে। কিন্তু উক্ত বিল্ডিং নির্মাণের জন্য যে স্থানটি নির্বাচন করা হয়েছে সেই স্থানটি উপজেলা পরিষদের না হওয়ায় উক্ত স্থানে বিল্ডিং নির্মাণ যুক্তিযুক্ত হবে না। সেজন্য প্রস্তাবিত মাল্টিপারপাস বিল্ডিং এর স্থানটি উপজেলা পরিষদের নামে হওয়া বাঞ্চনীয়। যেহেতু উক্ত স্থানটি সরকারি খাস জমি সেহেতু উক্ত স্থানটি উপজেলা পরিষদের নামে বন্দোবস্ত প্রদানের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয় বরাবরে আবেদন করা প্রয়োজন। এমতাবস্থায়, উক্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস বিল্ডিং নির্মাণের স্থানটি উপজেলা পরিষদের নামে বরাদ্দ প্রদানের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয় বরাবরে আবেদন প্রেরণের প্রস্তাব করেন।<br>সিদ্ধান্তঃ শ্রীমঙ্গল উপজেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস বিল্ডিং নির্মাণের জন্য প্রস্তাবিত স্থানটি শ্রীমঙ্গল উপজেলা পরিষদের নামে বন্দোবস্ত প্রদানের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয় বরাবরে আবেদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| চেয়ারম্যান ১নং মির্জাপুর ইউপি | সভায় চেয়ারম্যান ১নং মির্জাপুর ইউপি জানান, বৌলাশির বাজারে ডিলারদের কাছে এমওপি সার ও টিএসপি সার নেই। মির্জাপুর ইউনিয়নে যে সারের ডিলার রয়েছে, ডিলার এমওপি সার যে দামে ক্রয় করেছেন তার চেয়ে দ্বিগুণ দামে কৃষকদের নিকট বিক্রি করছেন। বেশি দামে বিক্রি করার কারণে কৃষকরা খুবই ক্ষতির সম্মুখিন হচ্ছেন।<br>সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, এমওপি সার বেশি দামে বিক্রির অভিযোগ পাওয়ার সাথে সাথে তিনি পরিদর্শন করেন। পরিদর্শনকালে এই অভিযোগের সত্যতা পাওয়া যায়। তিনি এই ডিলারের লাইসেন্স বাতিল করবেন মর্মে সভাকে অবহিত করেন।<br>সিদ্ধান্তঃ উপজেলা কৃষি কর্মকর্তাকে নিয়মিত মনিটরিং করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| চেয়ারম্যান ৪নং সিন্দুরখান ইউপি | চেয়ারম্যান, ৪নং সিন্দুরখান ইউপি বলেন, ১) সিন্দুরখান ইউনিয়নে সারের ডিলার কম থাকায় ইউনিয়নের কৃষকদের সারের চাহিদা পূরণ করার জন্য শ্রীমঙ্গল শহর হতে সার ক্রয় করে থাকেন, শহর থেকে সার ক্রয় করার ফলে কৃষকদের খরচের মাত্রা বেড়ে যায়। তিনি সিন্দুরখান ইউনিয়নে আরো সারের ডিলার নিয়োগের অনুরোধ জানান। তিনি বলেন, ৭নং রাজঘাট ও ৯নং সাতগাঁও ইউনিয়ন চা বাগান অধ্যুষিত হওয়া পর্যাপ্ত কৃষক নেই কিন্তু এখানে অতিরিক্ত সারের ডিলার রয়েছে। ২) উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এর আওতায় মহিলাদের সেলাই প্রশিক্ষণের জন্য উপজেলায় বিদ্যমান | উপজেলা কৃষি কর্মকর্তা ও মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | সেলাই প্রশিক্ষণ কেন্দ্র হতে সিন্দুরখান ইউনিয়ন পরিষদ অনেক দূরে হওয়ার কারণে অনেক মহিলা শিক্ষার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন না। তিনি ইউনিয়ন ভিত্তিক একটি সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের অনুরোধ জানান। ৩) আমার বাড়ি আমার খামার প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রীর একটি অগ্রাধিকার প্রকল্প। তিনি এই প্রকল্পের আওতায় ইউনিয়ন পরিষদে উপকারভোগী নির্বাচনের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দের মতামত গ্রহণ করলে সাধারণ জনগণ আরও বেশী উপকৃত হতো। | |
| চেয়ারম্যান ৬নং আশিদ্রোণ ইউপি | চেয়ারম্যান, ৬নং আশিদ্রোণ ইউপি জানান, আশিদ্রোন এবং সিন্দুরখান ইউনিয়ন কৃষি নির্ভর এলাকা। এই দু'টি ইউনিয়নে মাত্র দুইজন সারের ডিলার আছে। কিন্তু আমাদের পাশ্ববর্তী ইউনিয়ন রাজঘাট, এই রাজঘাট ইউনিয়নে প্রয়োজনের তুলনায় অধিক সারের ডিলার রয়েছে। তিনি রাজঘাটে অতিরিক্ত সারের ডিলার বাতিল করে আশিদ্রোণ ও সিন্দুরখানে নিয়োগ প্রদানের অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ সারের ডিলার নিয়োগের বিষয়ে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| বিবিধ ০২ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তি অনুদান প্রদানের জন্য ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোছাঃসাহেদা বেগম, স্বাঃ মোঃ রাজু মিয়া, সিরাজনগর, কালাপুর | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | সামাজিক অনুদান খাত | ২০০০/- |
| ০২ | জনাব মোঃ নবিজ উল্যা, পিঃ মোঃ ওয়াব আলী, যাত্রাপাশা, মির্জাপুর। | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৩ | জনাব সিতেশ দাশ, পিঃ সুরেন্দ্র দাশ, সুষমা রানী দাশ, বৌলাশীর, মির্জাপুর। | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৪ | জনাব আঃ মন্নাফ, পিঃ মৃত আরছান উদ্দিন, মাঃ গুলেছা বিবি, হাজীপুর, কালাপুর | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৫ | জনাব মিছিল মিয়া, পিঃ মুতি মিয়া, সুইলপুর, মির্জাপুর। | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৬ | রুনা বেগম, পিঃ মান্নান মিয়া, সুনগইড়, শ্রীমঙ্গল। | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৭ | জনাব কিরনা কর, লাহারপুর, সিক্কা, সিন্দুরখান | দুঃস্থ বিধবা মহিলার বসতঘর নির্মাণের জন্য আর্থিক সহায়তা | ঐ | ৫০০০/- |
| ০৮ | জনাব সত্যনারায়ন কাহার, সিন্দুরখান বাজার, ৭নং ওয়ার্ড। | গৃহ নির্মাণের জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৯ | জনাব জায়দা বেগম, স্বাঃ মৃ মোঃ সহিল মিয়া, কালাপুর | কিডনী রোগ ও হাড়ক্ষয় রোগের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ১০ | সুমিত্রা নায়েক, স্বাঃ জিতেন নায়েক, আমরাইলছড়া চা বাগান। | দুরারোগ্য ক্যান্সার রোগের চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ৫০০০/- |
| ১১ | জনাব হিরণ পাল, পিঃ মৃত সতিশ পাল, ভাগলপুর, নারাইনছড়া, কালাপুর | ধনুস্টঙ্কার রোগের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.২২ তারিখ: ৩১/০৭/২০২২

বিতরণ: কার্যার্থে।

১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।

২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

৩। উপজেলা..............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৪। চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৫। বেগম..................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

০৭।............................................................।

৩১.০৭.২২

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল আগস্ট ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১১ আগস্ট ২০২২ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের শোকের মাস আগস্ট, স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে কোভিড পরিস্থিতি অত্যন্ত সুন্দরভাবে মোকাবেলা করা সম্ভব হয়েছে। এখন ৫বছর থেকে তদুর্ধ্বদের ভ্যাকসিনের আওতায় আনা হবে। শিক্ষার্থীদের স্কুলে গিয়ে রেজিষ্ট্রেশন করতে হবে। এখন প্রায় ঘরেই জ্বরের রোগী রয়েছে, তাদেরকে ম্যালেরিয়ার টেস্ট করাতে হবে। চা শ্রমিকরা বাগানে চা পাতা কিংবা গাছ কাটতে গিয়ে জ্বরে আক্রান্ত হলে তাদেরকে ও ম্যালেরিয়া টেস্ট করা হবে। ইউনিয়ন পরিষদ গুলোতে সভা হয় আমাদেরকে জানালে হাসপাতালের কর্তব্যরত ডাক্তারগণ বিভিন্ন বিষয়ে ব্রিফিং দিবেন। এছাড়া হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>সিদ্ধান্তঃ ৫বছর থেকে তদুর্ধ্বদের ভ্যাকসিনের আওতায় আনার জন্য রেজিষ্ট্রেশন কার্যক্রম শতভাগ নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, রোপা আমন ২০২২ মৌসুমের আবাদ লক্ষ্যমাত্রা ১৫৩৩২ হেক্টর ধরা হয়েছে। এর মধ্যে ৩৮১২ হেক্টর রোপন করা হয়েছে। বাকী রোপা আমন আউশ ধান কাটার পর লাগানো হবে। ২০২২-২৩ অর্থ বছরে উন্নয়ন সহায়তার (ভূর্তকি) প্রদানের জন্য কৃষিযন্ত্রের আগ্রহী কৃষকদের ১ম কিস্তির তালিকা আগামী ২৮/০৮/২০২২ তারিখের মধ্যে উপজেলা কৃষি অফিস, শ্রীমঙ্গল কার্যালয়ে জমা দিতে হবে। যন্ত্রগুলোর মধ্যে কম্বাইন হারভেস্টার, মেইশ শেলার, রিপার, ড্রায়ার, পাওয়ার স্প্রেয়ার, পাওয়ার উইডার, শিডার, বেড প্লান্টার, পাওয়ার থ্রেসার ইত্যাদি কৃষি যন্ত্র সম্পৃক্ত আছে। এ ব্যাপারে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সকল কর্মকর্তাদের সহযোগিতা কামনা করছি। আমদানি নির্ভরতা কমানোর উদ্দেশ্য তৈল ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের মাঝে উপকরণ সহায়তা প্রদানের নিমিত্তে প্রকল্প করা হয়। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, চলতি মাসে ৪২০৮টি গরুকে ও ১৯৫০০টি হাঁস-মুরগীকে প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে এবং হাঁস ও মুরগীকে যথাক্রমে টিকা প্রদান করা হচ্ছে। ৩৫৬টি গাভীর কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্পাদিত হয়েছে। প্রাণিসম্পদ ক্যাম্পাসের ঘাস চাষ নার্সারী হতে ২১জন কৃষক/খামারীদের ১০.৫ একর জমিতে লাগানোর জন্য বিনামূল্যে অধিক উৎপাদনশীল উন্নত জাতের নেপিয়ার পাকচং ও জার্মান ঘাস কাটিং প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, গত ২৩শে জুলাই থেকে ২৯ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদ্‌যাপিত হয়েছে। এই অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বিভিন্ন দপ্তরের অফিসারবৃন্দ ও নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া বিল নার্সারি কর্মসূচির আওতায় বাইক্কা বিলে প্রায় ১০০০ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ বাইক্কা বিলের মাছের পোনা অবমুক্ত করা হয়েছে যাতে জাল দিয়ে মাছের পোনা নষ্ট না করে সেদিকে নজর রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মাল্টিপারপাস সেন্টার এর সাইট লে-আউট এর প্রস্তুতি চলছে। আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানবৃন্দের মাধ্যমে এডিপি'র প্রকল্প তালিকা পাওয়া গেছে। এছাড়া তিনি জানান, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক ভুনবীর-মির্জাপুর রোডে রাস্তার সোল্ডারে অবগত না করে খুটি স্থাপন করা হচ্ছে। এই খুঁটি স্থাপনের ফলে রাস্তার কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্তঃ ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত প্রকল্প তালিকা দ্রুততার সাথে যাচাই বাচাই করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি। আগামী সভায় তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, গর্ভবতী মায়েদের তালিকা সংগ্রহ করা হয়েছে। প্রতি রবিবার ও বুধবার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতি প্রয়োগের কার্যক্রম পরিচালিত হয়। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, জন্মনিবন্ধনের টার্গেট ছিল ৪৭৬ জন শিশু জন্মনিবন্ধন করতে হবে। কিন্তু তার স্থলে ২৭/০৭/২০২২ পর্যন্ত পাওয়া গেছে মাত্র ৩৬। ইউনিয়ন পরিষদ সচিবগণকে নিয়ে সভা করায় কয়েকদিনের ভিতরে তার সংখ্যা দাড়ায় ১৭৬জন। তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে নিয়ে কাজ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রমে ইউনিয়ন পরিষদকে সহায়তা প্রদানের জন্য শ্রীমঙ্গল উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীকে ধন্যবাদ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীকে এককালীন নগদ আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ থেকে তালিকা পাওয়া গেছে। তার মধ্যে ৬৮জনকে বাচাই করে ৪০০০/- (চার হাজার) টাকা প্রদান করা হবে। প্রাপ্ত তালিকা সভায় অনুমোদন করার আহবান জানান। তিনি আরো বলেন, সরকার প্রতিবন্ধী ভাতা প্রদানের নিমিত্তে অনলাইনে আবেদন করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ইতোমধ্যে চিঠি প্রত্যেক ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। ১০ আগস্ট থেকে ১০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত আবেদন করা যাবে। প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে বরাদ্দ প্রদান করা হবে।<br><br>সিদ্ধান্তঃ ক্ষুদ্র নৃ-তাত্ত্বিকগণের তালিকা যাচাইবাচাই করে নগদ ৪০০০/- (চার হাজার) প্রদানের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানান এবং প্রতিবন্ধী ভাতা গ্রহণে ইচ্ছুক প্রতিবন্ধীগণ নির্ধারিত তারিখ অর্থাৎ ১০ সেপ্টেম্বর এর মধ্যে অনলাইনে আবেদন করার জন্য প্রত্যেক ইউপি চেয়ারম্যান ও উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, গত ০৩/০৮/২০২২তারিখে ১০১টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপস্থিতিতে ইন্টারনেট রাউটার বিতরণ করা হয়েছে। এছাড়া ৫-১১ বছর বয়সী শিশুদের কোভিড-১৯ টিকাদানের জন্য সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাবৃন্দ কার্যক্রম শুরু করেছেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান।<br>সিদ্ধান্তঃ | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য ৫-১১ বছরের ছাত্র-ছাত্রীদের তালিকা প্রস্তুত করা হচ্ছে। জাতীয় শোক দিবসের গৃহিত কার্যক্রম অনুযায়ী মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানে "বঙ্গবন্ধু অলিম্পিয়ার্ড" কুইজ প্রতিযোগিতা চলছে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে "মুজিব আমার পিতা" তথ্যচিত্র প্রদর্শন করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ৮ই আগস্ট ২০২২ বঙ্গমাতা এর ৯২তম জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় উপস্থাপন করা হয়। উক্ত অনুষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, কালাপুর আশ্রয়ণ প্রকল্প মাজদিহিতে নলকূপ স্থাপন করা হয়েছে। পাইপলাইনের কাজ বাকী। তাছাড়া তিনি আরো বলেন, আশ্রয়ণ প্রকল্পে পানির যথাযথ ব্যবহার করা হচ্ছে না। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, পল্লী প্রগতি ও সদাবিক প্রকল্পের প্রায় ১৪.০০ লক্ষ টাকা ঋণ খেলাপী রয়েছে। আদায়ের জন্য প্রশাসনিক সহায়তা কামনা করেন। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় শ্রীমঙ্গল উপজেলায় ১৫১টি নিবন্ধিত সমবায় সমিতি রয়েছে। নিবন্ধিত সমবায় সমিতি সমূহের অডিট কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হচ্ছে। সরকারী রাজস্ব আদায় ও জমা নিয়মিতভাবে করা হচ্ছে। এছাড়া বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |

| | | |
|---|---|---|
| বন বিভাগ | সভায় রেঞ্জ কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, করাতকলের গাছগুলো রাস্তার উপর পড়ে আছে। সে বিষয়ে বনবিভাগের দৃষ্টি আকর্ষণ করেন, যাতে করে রাস্তায় পড়ে থাকা গাছগুলোর বিষয়ে মনিটরিং জোরদার করা হয়। এছাড়া শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে বড় বড় গাছ রয়েছে সেগুলো দেখে পরিমাপ করার অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, ১নং মির্জাপুর বলেন, মির্জাপুর ইউনিয়নে রাস্তার পাশে অনেক মরা গাছ রয়েছে যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। এই গাছগুলো কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ করাতকলের গাছ যেন রাস্তায় পড়ে না থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বোরো সংগ্রহ ২০২২ খ্রিঃ চলমান আছে। ধান সংগ্রহ হয়েছে ৪০০,০০০ মেঃটন। খাদ্যবান্ধব কর্মসূচির সর্বশেষ হালনাগাদ তালিকা খাদ্য অধিদপ্তরে ওয়েব সাইটে যথাসময়ে আপলোড করা হয়েছে। বর্তমানে কার্ডধারী ভোক্তাগণের অনলাইন যাচাই কার্যক্রম অব্যাহত আছে। শ্রীমঙ্গল উপজেলায় ৬৭৩৪টি কার্ডের মধ্যে ২০০০ কার্ড অনলাইন যাচাই সম্ভব হয়েছে। উক্ত যাচাই কার্যক্রম সুষ্ঠুভাবে সমপন্ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যান মহোদয়গণের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ দ্রুততার সহিত অবশিষ্ট ৪৭৩৪টি কার্ড খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে দ্রুত আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সংক্রান্ত | উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জনান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের ৫ম পর্যায়ের সক্ষমতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প সমূহ বাস্তবায়ন চলমান আছে। পাশাপাশি ৪র্থ পর্যায়ের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক ০৩ টি উপ-প্রকল্প-এর কার্যক্রম চলমান আছে এবং ৫ম পর্যায়ের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক ০১টি উপ-প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম অতি অল্প সময়ের মধ্যে (আগামী সপ্তাহে) শুরু হবে।<br>**সিদ্ধান্ত :** সক্ষমতা উন্নয়ন ও অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প বাস্তবায়নের সময় প্রয়োজনীয় মনিটরিং নিশ্চিত করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফ্যাসিলিটেটর প/জাইকা |
| বিবিধ ০১ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তি অনুদান প্রদানের জন্য ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আবুল নায়েব বাবুল গ্রামঃ জিলাদপুর, আশিদ্রোণ ২নং ওয়ার্ড, শ্রীমঙ্গল | বাচ্চা ছেলের মাথার চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | সামাজিক অনুদান খাত | ৩০০০/- |
| ০২ | জনাব সুফিয়া বেগম, স্বাঃ আঃ জলিল, বৌলাছড়া, মির্জাপুর। | জটিল রোগের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ৩০০০/- |
| ০৩ | জনাব যমুনা বেগম, পিতাঃ মৃত আনওার উল্লা, সুইনপুর, মির্জাপুর | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৪ | জনাব সঞ্জিত সরকার, ছাত্রাবট, মির্জাপুর, শ্রীমঙ্গল | দুর্ঘটনা পা ভেঙ্গে যাওয়ায় চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৫ | জনাব সাফিয়া বেগম, স্বাঃ মোঃ কুটি মিয়া, স্টেশন রোড, শ্রীমঙ্গল | গলার চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ৫০০০/- |
| ০৬ | জনাব মোঃ সরাজ মিয়া, পিঃ মোঃ আব্দুল খালিক,কামারগাঁও,সিন্দুরখান | মেয়ের বিয়ের শাড়ি ক্রয়ের জন্য আর্থিক সহায়তা | ঐ | ১০০০/- |
| ০৭ | মোঃ আবুল কালাম, পিঃ মোঃ আঃখালেক, হামিদপুর, তেলিআন্দা, সিক্কা, শ্রীমঙ্গল। | ভাড়া বসতঘর নির্মাণের জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৮ | জনাব সিরাজ মিয়া, সুইলপুর ১নং ওয়ার্ড, মির্জাপুর | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৯ | রীনা বেগম, স্বাঃ রুস্তম আলী, আলিসারকুল, ভুনবীর, শ্রীমঙ্গল | আলসার ও পিত্রথলীতে পাথর রোগের চিকিৎসার জন্য সহায়তা | ঐ | ২০০০/- |
| ১০ | জনাব সাথী দে, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) পশ্চিম ভাড়াউড়া, সরঃ প্রাঃ বিদ্যালয় | বঙ্গবন্ধু ফুটবল টুর্নামেন্ট-২০২২ খেলায় জেলা অংশগ্রহণের জন্য জার্সি ক্রয় বাবদ আর্থিক সহায়তা | ঐ | ৫০০০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ১১ | জনাব ঝুনু মল্লিক, স্বা: বাবুল মল্লিক, পূর্বসিরাজনগর, কালাপুর | স্বামী মানসিক রোগী হওয়ায় চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- | |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.২২.২৫ তারিখ: ৩১/০৮/২০২২

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা..............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম....................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।..................................................................।

৩১/৮/২২
(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল সেপ্টেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ০৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে কোভিড পরিস্থিতি অত্যন্ত সুন্দরভাবে মোকাবেলা করা সম্ভব হয়েছে। তিনি বলেন, বর্তমানে মশার উপদ্রব বেড়ে যাওয়ায় ম্যালেরিয়া রোগী সংখ্যা দিন দিন বৃদ্ধি পেয়েছে সাথে সাপে কাটার রোগীর সংখ্যা দিন দিন পাচ্ছে। আমাদের হাসপাতালে সাপে কাঁটার ভ্যাকসিন পর্যাপ্ত পরিমাণে রয়েছে। এছাড়া হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, রোপা আমন ২০২২ মৌসুমের আবাদ লক্ষ্যমাত্রা ১৫৩৩২ হেক্টর জমি। এ পর্যন্ত আবাদ হয়েছে ১২৮৮১ হেক্টর জমি। প্রতিবছর রবি মৌসুমে চা বাগান কর্তৃপক্ষ চা বাগানের মধ্যে দিয়ে যেসব ছাড়া প্রবাহিত হয়েছে সেই চারা গুলিতে বাঁধ দিয়ে পানি সম্পূর্ণরূপে বন্ধ করে দেয়া হয়, যার ফলে কৃষকরা বোরোসহ বিভিন্ন রবি ফসল আবাদ করলেও পরবর্তীতে পানির অভাবে ফসল নষ্ট হয়ে যায়। এ ব্যাপারে পূর্বেও মাসিক সভায় বিষয়টি উপস্থাপিত হয়েছে। চা বাগান কর্তৃপক্ষ যাতে বাধ দিয়ে পানি প্রবাহে বাধা সৃষ্টি না পারে সে বিষয়ে একটি সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব জানান। এছাড়া সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, মৎস্য বিভাগের নিয়মিত কার্যক্রম যেমন: মাছ চাষীদের পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান, প্রশিক্ষণ প্রদান, মৎস্য আইন বাস্তবায়ন প্রভৃতি চলমান রয়েছে। রাজস্ব বাজেটের আওতায় উপজেলার বিভিন্ন প্রাতিষ্ঠানিক ও উন্মুক্ত জলাশয়ে প্রায় ৪৬৫ কেজি পোনা মাছ অবমুক্তির উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ মোবাইল কোর্ট কার্যক্রম জোরদারকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি বলেন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মাল্টিপারপাস সেন্টার এর সাইট লে-আউট এর প্রস্তুতি চলছে। আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানবৃন্দের মাধ্যমে এডিপি'র প্রকল্প তালিকা পাওয়া গেছে। তালিকা যাচাই বাচাই করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রকল্প তালিকা দ্রুত যাচাই বাচাইকরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, ২০২২-২৩ অর্থবছরের কাবিটা/কাবিখা চাল ও গম এবং টিআর বরাদ্দ পাওয়া গেছে। বিভাজন করে ইউনিয়ন পরিষদ হতে তালিকা চাহিদা চাওয়া হবে। শ্রীমঙ্গলে ভুমিহীন ও গৃহহীনের জন্য ১২০টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত ঘরের কাজ শুরু করা হবে। টিসিবির নিত্য প্রয়োজনীয় পন্য বিক্রয় ১৫৬৭৫টি কার্ডের বিপরীতে মালামাল বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, আগস্ট/২২ মাসে সর্বমোট ৩১৯জনের জন্মতালিকা ইউনিয়ন পর্যায়ে দাখিল করা হয়েছে। গর্ভবতী মায়ের তালিকা নিয়মিত ইউনিয়ন পরিষদে দাখিল করা হচ্ছে। আগস্ট/২২ মাসের ২০-২২ তারিখ পরিবার পরিকল্পনা সেবার বিশেষ ব্যবস্থা নেয়া হয়েছে। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প:প: কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, অদ্য ০৮/০৯/২০২২ তারিখ বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মো: আব্দুস শহীদ এমপি, সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ মহোদয় এঁর উপস্থিতিতে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস স্ট্রোকে প্যারালাইজড রোগীদের মধ্যে ৮টি চেক বিতরণ করা হয়েছে। সরকার প্রতিবন্ধী ভাতা প্রদানের নিমিত্তে অনলাইনে আবেদন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। আগামী ১০ সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত আবেদন করা | সমাজসেবা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | যাবে। প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে বরাদ্দ প্রদান করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ প্রতিবন্ধী ভাতা গ্রহণে ইচ্ছুক প্রতিবন্ধীগণ নির্ধারিত তারিখ অর্থাৎ ১০ সেপ্টেম্বর/২০২২ এর মধ্যে অনলাইনে আবেদন করার জন্য প্রত্যেক ইউপি চেয়ারম্যান ও উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, স্কুল গুলোর সাপ্তাহিক ছুটি দু'দিন হওয়াতে নতুন রুটিনে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ক্লাস চলমান আছে। তিনি বলেন, বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ীতা অবলম্বন করার জন্য সকল বিদ্যালয়ে নির্দেশনা দেয়া হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান।<br>সিদ্ধান্তঃ বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ীতা অবলম্বন করার জন্য সকল বিদ্যালয়ে নির্দেশনা প্রেরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, ৩০/০৮/২০২২ইং তারিখ হইতে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (জাইকা) মাধ্যমে উপজেলা পর্যায়ে বিভিন্ন মাধ্যমিক স্কুল ও মাদ্রাসার ৩২জন গণিত শিক্ষকের গণিত বিষয়ে ৫ দিনের প্রশিক্ষণ দেওয়া হবে। গ্রীষ্মকালীন খেলাধুলা উপজেলা পর্যায়ে ০৬/০৯/২০২২ইং তারিখ হইতে ০৮/০৯/২০২২ইং তারিখ পর্যন্ত চলমান আছে। উক্ত খেলা পরিচালনার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রতিবারের ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদানের জন্য অনুরোধ জ্ঞাপন করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।<br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে হতে ৪৯ গ্রীষ্মকালীন খেলাধুলা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা হিসাব রক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, ইতোমধ্যে সকল অফিস প্রধান ও আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে সকল গেজেটেড কর্মকর্তার ছুটির তথ্য ও জিপিএফ নমিনীর তথ্য আইবাস++ এ এন্ট্রির পত্র দেয়া হয়েছে। এ ব্যাপারে সিজিএফ মহোদয়ের নির্দেশনা রয়েছে। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিজিডির নাম পরিবর্তন হয়ে VWB নামকরণ হয়েছে। VWB এর বরাদ্দ পাওয়া গিয়েছে। জুলাই ও আগস্ট/২০২২ মাসের খাদ্য বরাদ্দ দেয়া হয়েছে ও বিতরণ সম্পন্ন হয়েছে। কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম যথারীতি চলছে। সপ্তাহে দুই দিন স্কুল বন্ধ থাকায় এখন থেকে ক্লাব শুক্র ও শনিবারের পূর্বের সময়ে কার্যক্রম পরিচালিত হচ্ছে। WIC ও IGA প্রশিক্ষণ কার্যক্রম যথারীতি চলছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তাশ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বোরো সংগ্রহ ২০২২ খ্রি: ৩১শে আগষ্ট শেষ হয়েছে। উক্ত মৌসুমে সিদ্ধ চাল ১০০%, আতপ চাল ১০০% এবং ধান ৩২% সংগ্রহ হয়েছে। ওএমএস কার্যক্রম শ্রীমঙ্গল পৌরসভায় গত ০১/০৯/২০২২খ্রি: তারিখ থেকে শুরু হয়েছে। নিম্ন আয়ের মানুষকে অগ্রাধিকার দিয়ে ৪জন ডিলারের মাধ্যমে শুক্রবার ও শনিবার ব্যতিত সপ্তাহে ৫দিন বিক্রয় কার্যক্রম চলমান আছে। প্রতি ভোক্ত ৩০টাকা দরে ৫ কেজি চাল কিনতে পারছেন। ইউনিয়ন পর্যায়ে খাদ্যবান্ধব কর্মসূচির কার্যক্রম ০১/০৯/২০২২ খ্রি: তারিখ থেকে চলমান। বর্তমানে ইউডিসি কর্তৃক যাচাইকৃত ভোক্তা তালিকা যাচাই করে অনুমোদনের জন্য প্রস্তুত করার কাজ চলমান আছে। আগামী কয়েক দিনের মধ্যে ভোক্তাগণের মাঝে চাল বিতরণ শুরু হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| পল্লী বিদ্যুতায়ন বিভাগ | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির এজিএম (ইএন্ডসি), মৌলভীবাজার বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী " শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ" এই প্রত্যয়কে সামনে রেখে পল্লী বিদ্যুৎ সমিতি মৌলভীবাজার জেলার সকল উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করেছেন, প্রত্যন্ত অঞ্চলে বিদ্যুৎ দিতে গিয়ে বর্তমান সরকার সম্পূর্ণ বিনামূল্যে ট্রান্সফরমারসহ সকল সরঞ্জামাদি সরবরাহ করেছেন। কিন্তু একটা অসাধু কুচক্রিমহল সরকারের এই উন্নয়নকে ধুলিস্যাৎ করার জন্য ট্রান্সফরমার চুরি আরম্ভ করেছে। এই ট্রান্সফরমার চুরির ফলে সরকারের রাজস্ব ব্যাহত হচ্ছে। তিনি ট্রান্সফরমার চুরিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| তথ্য আপা | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | |
| বিবিধ ০১ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তি অনুদান প্রদানের জন্য ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | জামাল মিয়া, গ্রাম: মাজদিহি চা বাগান, কালাপুর, শ্রীমঙ্গল | মেয়ের ক্যান্সারের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | সামাজিক অনুদান খাত | ৩০০০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ০২ | জনাব মোঃসাইদুল ইসলাম মুহিত, পরিচালক, খারিজ্জমা মাওঃ অক্রেমিয়া গাছলীর (রহঃ) হাফিজিয়া মাদ্রাসা | পবিত্র রবিউল আউয়াল উদ্‌যাপন উপলক্ষ্যে আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- | |
| | ০৩ | জনাব মোঃ মতিন, শান্তিবাগ, শ্রীমঙ্গল | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- | |
| | ০৪ | জনাব বেলা রায়, উদনারপাড়, ভোজপুর, আশিদ্রোন, শ্রীমঙ্গল | চোখের ছানি পড়ায় চোখের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ৫০০০/- | |
| | ০৫ | জনাব বিজলীয়া ভাসকর, স্বাঃ রাজু তাসকর, সুইপার কলোনী, কলেজ রোড, শ্রীমঙ্গল | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ৫০০০/- | |
| | ০৬ | জনাব প্রেম লাল গৌড়, মাষ্টারপাড়া, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ৫০০০/- | |
| | ০৭ | ঝলক দেবরায়, সাধারণ সম্পাদক, সার্বজনীন শ্রীকৃষ্ণ জন্মাষ্টমী উদ্‌যাপন পরিষদ ১৪২৯ বঙ্গাব্দ। | শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী অনুষ্ঠানে চাউল বরাদ্দকরণ | ঐ | ১৫০০০/- | |
| | ০৮ | মোঃ মোহিদ মিয়া, সাধারণ সম্পাদক, শ্রীমঙ্গল থানা পাবলিক বাবুর্চি শ্রমিক ইউনিয়ন | আর্থিক সহায়তা প্রদান | ঐ | ৫০০০/- | |
| | ০৯ | জনাব মোঃ এরশাদ মিয়া, পিঃ মৃ ফজর উল্লাহ, বাদে আলীশা, ভুনবীর, শ্রীমঙ্গল | বসবাসের ঘর শিলাবৃষ্টিতে নষ্ট হওয়ায় ঢেউটিন ক্রয়ের জন্য আর্থিক সহায়তা | অপ্রত্যাশিত | ২০০০/- | |
| | ১০ | জনাব অরুন মাহালী, লাখাইছড়া চা বাগান, ৮নং কালিঘাট ইউপি ১নং ওয়ার্ড। | গ্রী টিলা ধসে মৃত্যু হওয়ায় ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সহায়তা | ঐ | ১০০০০/- | |
| | ১১ | রিপন ভৌমিক, লাখাইছড়া চা বাগান, ৮নং কালিঘাট ইউপি ১নং ওয়ার্ড। | গ্রী টিলা ধসে মৃত্যু হওয়ায় ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সহায়তা | ঐ | ১০০০০/- | |
| | ১২ | মিঠুন ভৌমিক, লাখাইছড়া চা বাগান, ৮নং কালিঘাট ইউপি ১নং ওয়ার্ড। | গ্রী টিলা ধসে মৃত্যু হওয়ায় ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সহায়তা | ঐ | ১০০০০/- | |
| | ১৩ | স্বপন চন্দ্র ভৌমিক, লাখাইছড়া চা বাগান, ৮নং কালিঘাট ইউপি ১নং ওয়ার্ড। | গ্রী টিলা ধসে মৃত্যু হওয়ায় ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সহায়তা | ঐ | ১০০০০/- | |
| | ১৪ | জনাব রুমকি আক্তার, প্রথম শ্রেণির ছাত্রী, শাসন সরকারী প্রাথমিক বিদ্যালয়। | মর্মান্তিকভাবে সড়ক দুর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন থাকায় চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা। | ঐ | ৩০০০০/- | |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নংঃ ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.২৭

তারিখঃ ২৬/০৯/২০২২

বিতরণঃ কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা...............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান...........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম.................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।.........................................................।

২৬.০৯.২২
(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল অক্টোবর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১৩ অক্টোবর ২০২২ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, ক) ডেঙ্গু রোগের আক্রমণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। শ্রীমঙ্গল উপজেলায় যেন এর প্রভাব বিস্তার করতে না পারে সে জন্য আপনার বাড়ির আশপাশের ঝোপঝাঁড় আঙ্গিনা পরিষ্কার রাখতে হবে। তাহলে ডেঙ্গুর আক্রমন থেকে রক্ষা পাওয়া যাবে। খ) বর্তমানে বিষাক্ত সাপের উপদ্রব বেড়ে গেছে হাসপাতালে প্রতিনিয়তই সাপে কাটার রোগী পাওয়া যাচ্ছে। হাসপাতালে সাপের কাটার ঔষধ পর্যাপ্ত পরিমাণে রয়েছে। হাসপাতালে ডেঙ্গু ও ম্যালেরিয়া টেস্ট ফ্রি তে করানো যাবে কোন অর্থ ব্যয় হবে না। সাথে সাথে ডেঙ্গু রোগের প্রভাব যেন তা বাড়ে সেজন্য ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ হবে। এছাড়া হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, ডেঙ্গু রোগী ঢাকা হতে আসলে সশরীরে মশারীর নিচে ঘুমানুর ব্যবস্থা করতে হবে। এছাড়া তিনি বলেন, প্রত্যেকটা ডিপার্টমেন্টে বেশ কিছু এচিভমেন্ট রয়েছে সেগুলোর একটি ডকুমেন্ট বানাতে হবে। আপনার দপ্তর হতে কি ধরনের সেবা আপনি দিয়েছেন এবং সরকার হতে আপনি কি সেবা পেয়েছেন তার ডকুমেন্ট আগামী মাসেই দিবেন। ডিসেম্বর মাসে উন্নয়ন মেলা হবে।<br><br>সভায় চেয়ারম্যান, ১নং মির্জাপুর ইউপি বলেন, শ্রীমঙ্গল হাসপাতাল হতে একটি টিকা কার্ড পাওয়া গেছে এই টিকা কার্ডে সেবা প্রদানকারীর স্বাক্ষর কিংবা মোবাইল নম্বর নেই। এই কার্ড যে হাসপাতালের কিংবা জাল এটি কিভাবে বুঝা যাবে।<br><br>সিদ্ধান্তঃ ১। ডেঙ্গু রোগী ঢাকা হতে শ্রীমঙ্গল আসলে স্বশরীরে ২-৩দিন মশারি নিচে ঘুমানোর ব্যবস্থা গ্রহণ এবং বিজ্ঞাপন/মাইকের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। স্বাক্ষর নেই এমন কোন কার্ড জনসাধারনের হাতে কোন ভাবেই দেয়া যাবে না। স্বাক্ষর ছাড়া কোন কার্ড পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অবগত করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) শ্রীমঙ্গল |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গিকার হলো অব্যবহৃত কোন জায়গা খালি না থাকে সেগুলো চাষের আওতায় আনা। তিনি বলেন, শীতকালীন সময়ে প্রচুর পরিমাণ জায়গা খালি থেকে যায়। কোন জায়গা যাতে খালি না থাকে তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান মির্জাপুর ইউপি জানান, মির্জাপুর ইউনিয়নের কয়েকটি গ্রামের কৃষকরা উপজেলা কৃষি অফিস হতে বীজ সংগ্রহ করেছেন সে বীজে ধান হয়নি। ধান না হওয়ার কারণে কৃষকরা খুবই ক্ষতির সম্মুখীন হচ্ছে। কৃষকরা খুবই নিরুপায়, ধারকর্জ করে ধান চাষ করে থাকে এখন ধান না হওয়ায় কৃষকরা খুবই আর্থিক দৈন্যতায় ভুগছে।<br><br>সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, কৃষকরা হয়ত বাহিরের কোন ডিলারের কাছ থেকে ধানের বীজ নেয়ার কারণে কৃষকরা ক্ষতির সম্মুখীন হয়েছে। তিনি বলেন ব্রি-২৮-২৯ ধান চাষ করে কৃষকরা ক্ষতির সম্মুখীন হচ্ছে। ব্রি ২৮-২৯ ব্রীজের পরিবর্তে ৮৮ ও ৮৯ লাগানোর জন্য কৃষকদেরকে উদ্বুদ্ধ করতে হবে। তিনি আরো বলেন, শীতকালীন সময়ে আশিদ্রোণ ইউনিয়নে প্রচুর পরিমাণ সবজি চাষ করা হয় আর কালাপুর ইউনিয়নে কোন ছড়া বা নদী না থাকার কারণে শীতকালীন সময়ে চাষযোগ্য জায়গা খালি থেকে যায়।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, ২০২৩ সালে হয়ত খাদ্য সংকট দেখা দিতে পারে, খাদ্য সংকট মোকাবিলা আমাদেরকে সচেষ্ট থাকবে এবং কোন পতিত জমি যেন না থাকে। সব জমি যাতে চাষের আওতায় আনা হয়।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, খাদ্য উৎপাদন বাড়াতে হবে। অনেক ইউনিয়নে দেখা যায় পানির অভাবে কৃষি চাষ হচ্ছে না। কৃষকরা যাতে পানির উৎস খুজে পায় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, সিন্দুরখান ইউপি বলেন, সিন্দুরখান ইউনিয়নে একজন সারের ডিলার আছে। কিন্তু ডিলারের কোন | উপ: কৃষি কর্মকর্তা |

<table>
<tr>
<td></td>
<td>গুদাম ঘর নেই তিনি শহর থেকে সার ক্রয় করে সিন্দুরখান ইউনিয়নে কেজি প্রতি ৫-১০ টাকা বেশি দামে বিক্রি করে থাকেন।<br>সিদ্ধান্তঃ ১। প্রত্যেক ইউনিয়নে শীতকালীন সময়ে কোন জমি যাতে পতিত পড়ে না থাকে সেদিক সর্তক থাকার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। মির্জাপুর ইউয়িনের ক্ষতিগ্রস্থ কৃষকদের ক্ষতির হাত রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। সারের দাম কেউ বেশি রাখলে গোপনে উপজেলা কৃষি কর্মকর্তাকে জানানোর অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>প্রাণিসম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, বিগত মাসে ২৯৮৪টি গবাদিপশুকে এবং ২৩৫০০টি হাঁস মুরগীর টিকা প্রদান করা হয়েছে। তৎসঙ্গে ৩৬৮৪টি গবাদিপশুর এবং ১৩২৭৬টি হাঁস মুরগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৩৩২টি গাভীকে কৃত্রিম প্রজনন এর আওতায় আনা হয়েছে। নতুন করে আরো ০৪ (চার) জন কৃষককে ১.২৫ একর জমিতে উন্নত প্রযুক্তির ঘাস লাগানোর জন্য কাটিং সরবরাহ করা হয়েছে। মোবাইল ভেটেনারী ক্লিনিক গাড়ির মাধ্যমে শ্রীমঙ্গল উপজেলার দূরবর্তী অঞ্চলের ৩৫ জন কৃষককে জরুরী চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তিনি বলেন, প্রাণিসম্পদ অফিস হতে শ্রীমঙ্গল উপজেলায় প্রচুর পরিমাণে দুধ ও ডিমের চাহিদা পূরণ করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>প্রাণি সম্পদ কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>মৎস্য বিভাগ</td>
<td>সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, আসন্ন শুষ্ক মৌসুমে হাওরে পানি কমার সাথে সাথে মৎস্য সম্পদ আহরণের পরিমান বৃদ্ধি পাবে। অবৈধ জাল এবং সরঞ্জামাদি ব্যবহার করে যেন মাছ ধরা না হয় সেজন্য তিনি জনসচেতনতা বৃদ্ধির জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ মোবাইল কোর্ট কার্যক্রম জোরদারকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>প্রকৌশল বিভাগ</td>
<td>ক) সভায় উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থবছরে উপজেলা রাজস্ব উন্নয়ন/উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা ও প্রকল্প কমিটি পাওয়া গেছে। উক্ত প্রকল্প গুলো পিআইসি/কোটেশন/টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রকল্প কমিটি দাখিল করা হয়েছে (পরিশিষ্ট-খ)। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন প্রস্তুতক্রমে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রাক্কলন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>খ) উপজেলা পরিষদের সভাকক্ষটি'র উপরিভাগ টিন দ্বারা নির্মিত। সম্প্রতি লক্ষ্য করা গেছে বৃষ্টি হলেই সভা কক্ষের বিভিন্ন প্রান্তে বৃষ্টির পানি অব্যাহতভাবে কক্ষের মধ্যে পড়ে। ফলে কক্ষের বিভিন্ন দ্রব্য সামগ্রী বিশেষ করে টেবিল, চেয়ার এবং কক্ষে স্থাপিত জাতির পিতা'র ছবি এবং মাননীয় প্রধানমন্ত্রীর ছবি নষ্ট হয়ে যাচ্ছে। এছাড়া আবাসিক ভবন চম্পা (উপজেলা প্রকৌশলীর) কক্ষ মেরামত করণের জন্য অনুরোধ করেন। ভবনের এমতাবস্থায় জরুরী ভিত্তিতে পরিষদের হল রুমের ছাদ এবং সিলিং মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস বিল্ডিং স্থাপন প্রকল্পে বিদ্যুৎ সংযোগ নেই। তিনি মাল্টিপারপাস সেন্টার বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য পল্লী বিদ্যুতায়ন বিভাগের কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>ঘ) উপজেলা প্রকৌশলী আরো বলেন, রাস্তার পাশে পুকুর নির্মাণ, গৃহ নির্মাণে রাস্তার পাশে থাকা পানি নিকাশনে/অপসারণ বিষয়ক সচেতনতা করার জন্য অনুরোধ জ্ঞাপন করেন।<br>ঙ) ২০২২-২৩ অর্থবছরে নতুন ০৫টি ঠিকাদরী লাইসেন্স এর জন্য আবেদন পাওয়া যায়, প্রাপ্ত আবেদনপত্র যাচাইঅন্তে সঠিক পাওয়ায় উপজেলা পরিষদের আওতায় তালিকাভুক্ত ঠিকাদারর হিসাবে অনুমোদনের প্রস্তাব করেন।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা</th></tr>
<tr><td>০১</td><td>জাবেদা এন্টারপ্রাইজ, প্রো: শেখ শহীদুর রহমান শহীন, নইয়ারকুল, সাতগাঁও, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০২</td><td>মেসার্স শাহিল এন্টারপ্রাইজ, প্রো: আব্দুল নাইয়ান চৌধুরী, এহসান করিম রোড, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৩</td><td>মেসার্স ভাই ভাই এন্টারপ্রাইজ, মো: বদরুল আলম, সাতগাঁও বাজার, ভুনবীর, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৪</td><td>মেসার্স আমির এন্টারপ্রাইজ, প্রো: মো: আজিজুর রহমান নাঈম, মিশন রোড, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৫</td><td>তানিম রিসোর্ট, প্রো: হারুণ আহমেদ, ইছবপুর, শ্রীমঙ্গল।</td></tr>
</table>
সিদ্ধান্তঃ ১। উপজেলা প্রকৌশলী উপস্থাপিত প্রকল্প গুলি (পরিশিষ্ট "খ" সংযোজনী) সরেজমিনে যাচাইঅন্তে প্রাক্কলন প্রস্তুত করতঃ বিধিমতে পিআইসি/কোটেশন/টেন্ডারের মাধ্যমে কাজ দ্রুত বাস্তবায়ন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। উপজেলা পরিষদের সভাকক্ষটি'র উপরিভাগ মেরামতের নিমিত্ত প্রাক্কলন এবং চম্পা ভবনের ২য় তলার প্রকৌশলীর থাকার কক্ষ মেরামতকরণের উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। ক্ষুদ্র নৃ গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস বিল্ডিংয়ের বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। সভায় বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত ০৫ (পাঁচ) জন ঠিকাদারকে শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতাভুক্তকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ</td>
<td>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, ২০২২-২৩ অর্থবছরের কাবিটা/কাবিখা চাল ও গম এবং টিআর বরাদ্দের বিভাজন করে দেয়া হয়েছে এবং কয়েকটি ইউনিয়নের তালিকা পাওয়া গেছে। আগামী ০৩ দিনের মধ্যে তালিকা অনুমোদনের জেলায় প্রেরণ করতে হবে। শ্রীমঙ্গলে ভূমিহীন ও গৃহহীনের জন্য ১২০টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে এরই মধ্যে ০৫টি ঘরের কাজ শুরু হয়েছে। ০১টি সাইডের ১০টি ঘরের জন্য জায়গা নির্বাচন করা হয়েছে। আগামী সপ্তাহে ঘরের কাজ শুরু করা হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ভূমিহীন ও গৃহহীনদের জন্য বরাদ্দকৃত ঘরগুলোর কাজ যথাযথভাবে হচ্ছে কিনা তা নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>পরিবার</td>
<td>সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, সেপ্টেম্বর/২২ মাসে ৩২৮ জন শিশুর জন্য তালিকা ইউনিয়ন পর্যায়ে</td>
<td>উপজেলা</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| পরিকল্পনা বিভাগ | দাখিল করা হয়েছে। গর্ভবতী মায়েদের তালিকা ইউনিয়ন পর্যায়ে দাখিল করা হচ্ছে। উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কাম স্টোর নির্মানের জন্য জায়গা নির্বাচনের প্রস্তাব করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এঁর সাথে আলোচনার মাধ্যমে জায়গা নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন। তাছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | প:প: কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, বয়স কম হওয়ার কারণে এ উপজেলায় ১২১৮জন বয়স্কভাতাভোগীকে অযাচাইকৃত করে সমাজসেবা অধিদপ্তর ঢাকা থেকে ফেরত পাঠানো হয়েছে। এ তালিকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান বরাবরে পত্র দেয়া হয়েছে। অযাচাইকৃত ব্যক্তিকে বাদ দিয়ে উপর্যুক্ত ব্যক্তিকে প্রতিস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়। জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে এ উপজেলায় ৬১৬জনকে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে এককালিন অনুদান প্রদান করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন সমূহ থেকে তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত তালিকা সভায় উপস্থাপন করা হয় এবং অনুমোদন করার আহবান জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: অযাচাইকৃত উপকারভোগীকে যাচাই-বাছাই করে বাতিল করে তাদের পরিবর্তে উর্পযুক্ত লোকের তালিকা আগামী ১০ (দশ) দিনের মধ্যে জমা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, দীর্ঘ ০২ বৎসর বদলী কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষকগণের বদলী হয়নি। বর্তমানে শিক্ষকগণের বদলী অনলাইন শুরু হয়েছে। শুধুমাত্র উপজেলার ভিতরে বদলী কার্যক্রম চলছে। তিনি বলেন, ৫-১১ বছরের শিশুদের কোভিড-১৯ এর টিকা কার্যক্রম শুরু প্রক্রিয়া চলছে। এই টিকা কার্যক্রম উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সার্বিক তত্ত্বধানে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান।<br>সিদ্ধান্ত: বিদ্যুৎ ব্যবহারে মিত্যব্যয়ীতা অবলম্বন করার জন্য সকল বিদ্যালয়ে নির্দেশনা প্রেরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, খেলা পরিচালনার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা অনুদান পাওয়া গেছে। তিনি বলেন, এসএসসি ও দাখিল পরীক্ষা ২০২২ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা-২০২২ আগামী ৩০/১০/২০২২ তারিখ হতে অনুষ্ঠিত হবে এবং ০৬/১১/২০২২ তারিখ হতে এইচ.এস.সি/সমমান পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মা ও শিশু সহাতায় কর্মসূচির কোন নীতিমালা ও বরাদ্দ না থাকায় কার্যক্রমটি শুরু করা যাচ্ছে না। VWB এর ২২-২৩ চক্রের উপকারভোগী বাচাইয়ের পরিপত্র পাওয়া যায়নি। বিধায় VWB উপকারভোগী নির্বাচন কার্যক্রম শুরু হয়। ২০-২১ চক্রের উপকারভোগীদের মাঝে অক্টোবর মাসের খাদ্যের ডিও দেয়া হয়েছে। WIC প্রশিক্ষন কার্যক্রমে ৩০ জনের স্থলে ১০জন উপকারভোগী কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে বাছাই সম্পন্ন হয়েছে প্রশিক্ষন যথারীতি চলছে। জয়িতা বাছাই কার্যক্রম ২০২২ শুরু হয়েছে। ৫টি ক্যাটাগরীতে বাছাই কার্যক্রম সম্পন্ন হবে। আগ্রহী নারী প্রার্থীদের অত্র অফিসের সাথে যোগাযোগ করে ফরম পুরণ করার জন্য অনুরোধ করা হলো। এই বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ-সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় এ মাস পর্যন্ত সর্বমোট ১৫৪টি সমবায় সমিতি নিবন্ধিত রয়েছে। সমবায় সমিতি সমূহের অডিট কার্যক্রম ভ্রাম্যমান প্রশিক্ষণ, সমবায়ীদের বিভিন্ন ট্রেড প্রশিক্ষন প্রদানব লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয়েছে। চলতি সনে সমবায় সমিতি সমূহের নিকট হতে লাভের উপর অডিট টিম ১,১৩,৮৫০/- (এক লক্ষ তের হাজার আটশত পঞ্চাশ) টাকা পরিশোধ করা হয়েছে। সমবায় উন্নয়ন তহবিল বাবদ মং-৮৩,৫৯২/- (তিরাশি হাজার পাঁচশত বিরানব্বই) টাকা পরিশোধ করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তাশ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, শ্রীমঙ্গল পৌরসভায় ৪জন ডিলার সপ্তাহে ৫দিন খোলা বাজারে চাল বিক্রয় করছেন। আগামী ১৭/১০/২০২২খ্রি: থেকে প্রতি ডিলার সপ্তাহে ৫দিন দৈনিক ১ মে:টন চাল বিক্রয় করবেন। শ্রীমঙ্গল উপজেলায় ৯টি ইউনিয়নে খাদ্যবান্ধব কার্যক্রম চলমান আছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে অনলাইন ভোক্তা যাচাই কার্যক্রম আগামী ১৫/১০/২০২২খ্রি: পর্যন্ত চলবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| পল্লী বিদ্যুৎতায়ন বিভাগ | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির এজিএম (ইএন্ডসি), মৌলভীবাজার বলেন, রাশিয়া ইউক্রেন যুদ্ধ আন্তর্জাতিক তেলের বাজারে অস্থিরতা বিরাজ করছে। যার কারণে ডিজেল কেন্দ্রিক বিদ্যুৎ কেন্দ্রগুলোর উৎপাদন স্থগিত রয়েছে। এজন্য সারাদেশে ব্যাপক লোডশেডিং হচ্ছে। উক্ত লোডশেডিং একটি জাতীয় সমস্যা সকলকে ধৈর্য্য সহকারে লোডশেডিং মোকাবিলা করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| অফিসার্স ক্লাব মেরামত সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, শ্রীমঙ্গল অফিসার্স ক্লাব ভবনটি পুরাতন ভবনের সংলগ্ন হওয়ায় পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণকালে উক্ত অফিসার্স ক্লাবের ভবনটি ভেঙ্গে ফেলতে হচ্ছে। উক্ত ভবনটি ভেঙ্গে ফেলায় শ্রীমঙ্গল অফিসার্স ক্লাবের সদস্যদের বসার স্থান থাকবেনা। ফলে অফিসারদের বসার জন্য নতুন স্থান ও ভবনের প্রয়োজন। | |

<table>
<tr>
<td></td>
<td>এমতাবস্থায়, অফিসার্স ক্লাবের নিজস্ব উদ্যোগ এবং স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিগণের সহযোগিতায় উপজেলা পরিষদের আবাসিক এলাকায় চম্পা ভবনের পাশে খালি জায়গায় একটি নতুন ভবন স্থাপনের মাধ্যমে অফিসার্স ক্লাবের কার্যক্রম পরিচালনার প্রস্তাব করেন।<br><br>সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তাদের মানসিক উৎকর্ষের বিষয়টি বিবেচনায় রেখে উপজেলা পরিষদের আবাসিক এলাকায় চম্পা ভবনের পাশে খালি জায়গায় অফিসার্স ক্লাবের কার্যক্রম পরিচালনার জন্য একটি নতুন ভবন স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>তথ্য আপা</td>
<td>সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সংক্রান্ত</td>
<td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর কার্যক্রম ভালভাবে চলছে এবং আগামী মাসের ১ম সপ্তাহে অনলাইন অ্যাসেসমেন্ট-এর জন্য ট্রেনিং হবে। পাশাপাশি তিনি বলেন যে, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ৪র্থ পর্যায়ের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প-এর কাজ শেষ হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদার-বিল প্রদানের জন্য আবেদন করেছেন। যানিম্নোক্ত-
<table>
<tr><th>ক্র.নং</th><th>প্রকল্পেরআইডি</th><th>প্রকল্পেরনাম</th><th>টাকারপরিমান (ভ্যাট ও আয়করব্যতীত)</th><th>টাকারপরিমান (ভ্যাট ও আয়করসহ)</th></tr>
<tr><td>১.</td><td>INF-২০১৯-২০-৬০৫৮৮৩-০১</td><td>কোভিড-১৯ মহামারী মোকাবেলার জন্য শ্রীমঙ্গল উপজেলার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন</td><td>৭,১০,০৬২.০০</td><td>৭,৯৩,৩৬৬.০০</td></tr>
<tr><td>২.</td><td>INF-২০১৯-২০-৬০৫৮৮৩-০২</td><td>শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন মাধ্যমিক/মাদ্রাসা ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু নিচু বেঞ্চ সরবরাহকরণ ।</td><td>১২,৩০,১৩৮.০০</td><td>১৫,০০,১৭০.০০</td></tr>
<tr><td>৩.</td><td>INF-২০১৯-২০-৬০৫৮৮৩-০৩</td><td>শ্রীমঙ্গল উপজেলাপরিষদের আওতায়উদয়ন স্কুলেশার্লসকর্ণারনির্মাণ</td><td>১৪,৩৭,১৮৬.০০</td><td>১৬,০৫,৭৯৫.০০</td></tr>
</table>
পরে তিনি, উপরিউক্ত উপ-প্রকল্পের কাজ পরিদর্শন করে, কাজ সমাপ্তীকরণ সার্টিফিকেট প্রদানপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদার-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পাঠানোর অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত : উপ-প্রকল্পের কাজ পরিদর্শন করে, কাজ সমাপ্তীকরণ সার্টিফিকেট প্রদান পূর্বক সংশ্লিষ্ট ঠিকাদারগণ-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ জাইকা, শ্রীমঙ্গল</td>
</tr>
<tr>
<td>মেয়াদোত্তীর্ণ/ ঝুকিপূর্ণ গাছ কর্তন</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের ০১টি ঝুঁকিপূর্ণ ও ২টি ঝড়ে উপড়ে পড়াগাছসমূহে কর্তনের নিমিত্ত ৪২.০২ ঘন ফুট এবং ২০ ঘন ফুট জ্বালানী বাবদ রাজস্ব মূল্য বাবদ ১৫,৮৯১ (পনের হাজার আটশত একানব্বই) টাকা নির্ধারণ রেঞ্জ কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার কর্তৃক প্রদত্ত প্রতিবেদনের প্রেক্ষিতে ১৩/১০/২০২২তারিখে অনুষ্ঠিত উপাজেলা পরিষদের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বিধিমোতাবেক গাছসমূহ কর্তন ও অপসারণের অনুমোদন প্রদান করা হয়েছে। তিনি আরও জানান স্থানীয় সরকার বিভাগ, উপ-২ শাখা এর স্মারক নং-উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ তারিখ-১৫/০৮/২০০৭মূলে জারিকৃত পরিপত্র মোতাবেক গঠিতহ কমিটি কর্তৃক ও সুপারিশ প্রদান করা হয়েছে। গাছসমূহ বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করা হয়।<br><br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের ০১টি ঝুকিপূর্ণ ও ২টি ঝড়ে উপড়ে পড়া গাছসমূহ বিধি মোতাবেক নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। রেঞ্জ বন কর্মকর্তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার ও রেঞ্জ বন কর্মকর্তা, শ্রীমঙ্গল</td>
</tr>
<tr>
<td>সামাজিক সম্প্রীতি কমিটির সভা সংক্রান্ত</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার জানান, ১৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উপজেলা-০১ শাখার ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০২২ (অংশ-২) নং স্মারক মূলে "সামাজিক সম্প্রীতি কমিটিসমূহের কার্যসম্পাদনকল্পে ব্যয় নির্বাহের লক্ষ্যে শ্রীমঙ্গল উপজেলা পরিষদে সামাজিক সম্প্রীতি অনুষ্ঠান বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত অর্থ সংশ্লিষ্ট যোগানদারগণকে পরিশোধের নিমিত্ত উপজেলা পরিষদ হতে পরিশোধের জন্য অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্তঃ ব্যয়িত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদের বাজেটে রক্ষিত বিবিধ খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল</td>
</tr>
<tr>
<td>হাউজিং এস্টেট সংক্রান্ত</td>
<td>সভায় জানানো হয়, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন শ্রীমঙ্গল হাউজিং এস্টেটটি এলএ কেইস নং-২০/৭৮-৭৯ মোতাবেক ২০.৭৭ একর জমি শ্রীমঙ্গল উপজেলা পরিষদের নামে অধিগ্রহণ পূর্বক ১৭৭টি প্লট নির্মাণ করে তৎকালীন উপজেলা পরিষদ তা বিভিন্ন ব্যক্তিবর্গের নামে বরাদ্দ প্রদান করেন। উপজেলা পরিষদের মালিকানাধীন উক্ত ভূমির রেকর্ড অনুযায়ী ভূমি উন্নয়ন কর নিয়মিত উপজেলা পরিষদ কর্তৃক পরিশোধ করা অব্যাহত ছিল। তৎপরবর্তী সময়ে আরএস রেকর্ডের কার্যক্রম সম্পন্ন হওয়ার পর দেখা যায় যে, উক্ত উপজেলা পরিষদের মালিকানাধীন হাউজিং এস্টেটের ভূমি বিভিন্ন ব্যক্তি ও সরকারের নামে রেকর্ডভূক্ত হয়েছে। এতে হাউজিং এস্টেটের ভূমিতে বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিবর্গের বিভিন্ন দালিলিক কার্যক্রম পরিচালনায় মারাত্মক সমস্যা তৈরি হয়েছে। এমতাবস্থায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের উক্ত সম্পত্তি উপজেলা পরিষদের নামে রেকর্ড সংশোধনের কার্যক্রম গ্রহণের মাধ্যমে প্লটের বাসিন্দাদের সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়।<br><br>সিদ্ধান্তঃ হাউজিং এস্টেটের ভূমিতে বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিবর্গের বিভিন্ন দালিলিক কার্যক্রম পরিচালনায় বিদ্যমান সমস্যা সমাধানে শ্রীমঙ্গল উপজেলা পরিষদের উক্ত সম্পত্তি উপজেলা পরিষদের নামে রেকর্ড সংশোধনের কার্যক্রম গ্রহণের মাধ্যমে প্লটের বাসিন্দাদের সমস্যা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
</table>

**লিগ্যাল এইড সংক্রান্ত**

সভায় জানানো হয় জেলা লিগ্যাল এইড অফিসারের কার্যালয়, জেলা জজ আদালত, মৌলভীবাজার এর বিগত ০৮/০৯/২০২২খ্রিঃ জে:লি:এ:অ:কা:জে:জে:আ:মৌল:/২০২২ নং স্মারক মূলে প্রেরিত পত্রে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (উপজেলা, ইউনিয়ন কমিটি গঠন, দায়িত্ব, কার্যাবলি ইত্যাদি) প্রবিধানমালা-২০১১ এর ৩(১) ধারামতে উপজেলা কমিটি গঠন, ৫(১) ধারা অনুযায়ী সভানুষ্ঠান এবং ৬ধারা অনুযায়ী কার্যাবলির প্রতিবেদন জেলা লিগ্যাল এইড কমিটির বরাবরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে নতুন উপজেলা কমিটি গঠন করা হয়েছে। কিন্তু ইউনিয়ন পরিষদে নতুন পরিষদ গঠিত হওয়ার পর ইউনিয়ন কমিটি গঠন সম্পন্ন না হওয়ায় তা সম্পন্ন করার জন্য পত্র প্রদান করা হয়েছে। ইতোমধ্যে গরীব অথবা অসহায় বিচার প্রার্থীরা যেন বিনামূল্যে বিচার পায় সেজন্য লিগ্যাল এইড কার্যক্রম জোরদার করার লক্ষ্যে আগামী ১৪ নভেম্বর ২০২২ তারিখে শ্রীমঙ্গল উপজেলার সকল শ্রেণি পেশার মানুষ এবং জেলা লিগ্যাল এইড কমিটির সদস্যগণের উপস্থিতিতে একটি গণজমায়েতের আয়োজন করা হবে। লিগ্যাল এইড কার্যক্রমের প্রচারণা ও গণজমায়েত কার্যক্রমকে আরো বেশি গতিশীল করার লক্ষ্যে বিভিন্ন পোষ্টার, লিফলেট, স্টিকার, ফেস্টুন ও ব্যানার তৈরির মাধ্যমে প্রচারণা করা আবশ্যক। এমতাবস্থায়, অসহায় বিচার প্রার্থীদের সুবিধার বিষয়টি বিবেচনায় নিয়ে উপজেলা পরিষদের অর্থায়নে উক্ত প্রচার, প্রচারণা কার্যক্রম এবং গণজমায়েতের আয়োজনের প্রস্তাব করা হয়।

সিদ্ধান্তঃ গরীব অথবা অসহায় বিচার প্রার্থীরা যেন বিনামূল্যে বিচার পায় সেজন্য লিগ্যাল এইড কার্যক্রম জোরদার করার লক্ষ্যে আগামী ১৪ নভেম্বর ২০২২ তারিখে শ্রীমঙ্গল উপজেলার সকল শ্রেণি পেশার মানুষ এবং জেলা লিগ্যাল এইড কমিটির সদস্যগণের উপস্থিতিতে অনুষ্ঠিতব্য গণজমায়েত এবং লিগ্যাল এইড কার্যক্রমের প্রচারণার জন্য বিভিন্ন পোষ্টার, লিফলেট, স্টিকার, ফেস্টুন ও ব্যানার তৈরির ব্যয় উপজেলা পরিষদের অর্থায়নে করার প্রস্তাবটি সর্বসম্মতক্রমে গৃহিত হয়।

**বিবিধ ০১**

উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান/অপ্রত্যাশিত খাত হতে অনুদান প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | আলেয়া বেগম, জালালীয়া সড়ক উত্তর, রূপসপুর, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ১৫০০/- |
| ০২ | সারফুল বেগম, শমসেরগঞ্জ, রায়পরান, মির্জাপুর | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৩ | রেখা বেগম, শান্তিবাগ, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ১০০০/- |
| ০৪ | আলম, পিতা: মৃত আব্দুল মালেক, ৬নং ওয়ার্ড মিলবরনগর। | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৫ | শাহনাজ আক্তার, স্বামী: মোহাম্মদ আলী, রামনগর (কাজিয়ারপুল), আশিদ্রোণ, শ্রীমঙ্গল | মেয়ের ক্যান্সারের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ১০০০০/- |
| ০৬ | লিলি বেগম, মুসলিমবাগ আ/এ, শ্রীমঙ্গল | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৭ | অনিক কুমার রায়, শ্যামলী, শ্রীমঙ্গল | চিকিৎসার বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৮ | সন্তোষ গোয়ালা, শ্রীমঙ্গল জগন্নাথ দেবের মন্দির, উদনাছড়া ৮নং বস্তি, শ্রীমঙ্গল | হারমোনিয়াম ক্রয়ের জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ১৫০০০/- |
| ০৯ | কাঞ্চন বেগম, স্বা: আব্দুল কাদির, উত্তরসুর, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ১০ | মো: মসুদ মিয়া, নয়নশ্রী, ৫নং কালাপুর ইউপি, শ্রীমঙ্গল | প্রতিবন্ধী কন্যা সন্তানদের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ১১ | মোছা: আসমা বেগম, স্বা: বিল্লাল মিয়া, মাধবপাশা, সাতগাঁও, শ্রীমঙ্গল। | শারীরিক অসুস্থতাজনিত কারণে আর্থিক সহায়তা। | ঐ | ২০০০/- |
| ১২ | মো: আছকির মিয়া, পি: মন্নান মিয়া, নওয়াগাঁও শ্রীমঙ্গল। | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ১৩ | মোছা: লুৎফা বেগম, স্বা: মৃত কুদ্দুছ মিয়া, উত্তরসুর। | মেয়ের চিকিৎসার বাবদ আর্থিক সহায়তা | ঐ | ১০০০/- |
| ১৪ | মো: সরু মিয়া, বৌলাশীর, মির্জাপুর, শ্রীমঙ্গল | মেয়ের বিয়ের জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ১৫ | নৃপেন রায়, পিতা: মেগা রায়, ফুলছড়া চা বাগান, কালিঘাট | বজ্রপাতে মৃত্যুবরণ করায় পরিবারকে আর্থিক সহায়তা প্রদান | অপ্রত্যাশিত অনুদান খাত | ১০০০০/- |
| ১৬ | উম্মত আলী, পিতা: ছিমাই মিয়া, গ্রাম: বরুনা হামিদনগর, কালাপুর, শ্রীমঙ্গল | বজ্রপাতে মৃত্যুবরণ করায় পরিবারকে আর্থিক সহায়তা প্রদান | ঐ | ১০০০০/- |

চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার

**বিবিধ ০২**

সভায় জানানো হয় যে, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের বাথরুমের পানির লাইন নষ্ট হয়ে যাওয়ায় এবং বেসিন ভেঙ্গে পড়ায়, বাসভবনের ইলেকট্রিকের মেরামত কাজ এবং উপজেলা পরিষদ কমপ্লেক্সের প্রশাসনিক ভবনের পর্চের রং করানোর জন্য সভায় প্রস্তাব করা হয়।

সিদ্ধান্তঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের বাথরুমের পানির লাইন, বেসিন, বাসভবনের ইলেকট্রিকের মেরামত ও উপজেলা পরিষদ কমপ্লেক্সের পর্চের রং করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

উপজেলা প্রকৌশলী

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.৩০

তারিখ: ২০/১০/২০২২

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা...............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান...............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম...................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।.............................................................।

20/10/22

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল নভেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১৬ নভেম্বর ২০২২ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি বলেন, টিকাকার্ড এর E-tracker software চালু করার পাইলটিং প্রজেক্ট মৌলভীবাজার জেলায় চালু হয়েছে। সারা বাংলাদেশে এটা চালু হলে টিকা কার্ড জালিয়াতি বন্ধ হয়ে যাবে। স্বাস্থ্য বিভাগে সফলতা নিয়ে একটা ডকুমেন্টারি তৈরির প্রক্রিয়া চলমান আছে। শীতকালে ঠান্ডাজনিত সমস্যা বেড়ে যায় বিশেষ করে শিশু বাচ্চাদের। শিশুদের যেন ঠান্ডাজনিত সমস্যা দেখা না দেয় সেদিকে নজর দেয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, শীতকালিন শাকসজির আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের ১০০০জন কৃষক কিষাণিদের মাঝে শাকসজির বীজ ও সার বিতরণ কার্যক্রম প্রায় সমাপ্তির পর্যায়ে। রবি/২০২২-২৩ মৌসুমে গম, ভুট্টা, সরিষা, সূর্যমূখী, মুগ ও শীতকালিন পেঁয়াজ আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের ২০১০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক কিষাণিদের মাঝে বীজ ও সার বিতরণ কার্যক্রম চলমান। চলতি খরিফ-২/২০২২ মৌসুমে ১৫৩৭২ হেক্টর জমিতে রোপাআমন ফসল আবাদ হয়েছে। রোপাআমন ধান প্রায় ১২% কর্তন অগ্রগতি হয়েছে। নমুনা শস্য কর্তনে রোপাআমন ফসলের আশানুরূপ ফলন পাওয়া গেছে। এছাড়া গত ১০ নভেম্বর ২০২২ তারিখে অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনার লক্ষ্যে সমন্বিত কৃষি পরিকল্পনা বাস্তবায়নে আশিদ্রোণ ইউনিয়ন পরিষদ মাঠে কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। উক্ত কৃষক সমাবেশে কৃষি অফিসের উদ্যোগে ১০০০জন কৃষক কিষাণিকে ১টি করে হাইব্রিড রেড লেডি জাতের পেঁপে চারা ও শাকসজির বীজ বিতরন করা হয়। তিনি কৃষক সমাবেশ সফলভাবে বাস্তবায়নে উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার ১ ইঞ্চি জমিও অনাবাদি থাকবে না তাই এই আহবানে সারা দিয়ে পতিত জমি আবাদের আওতায় আনার জন্য সকলকে অনুরোধ জ্ঞাপন করেন এবং বলেন বিভিন্ন ইউনিয়নে পতিত জমি আবাদের জন্য আবেদন পত্র পাওয়া গেছে উন্নয়ন তহবিল হতে আর্থিক সহায়তা পেলে মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকারকে বাস্তবায়ন করা যাবে। এছাড়া সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, এলডিডিপি প্রকল্পের আওতায় চলতি মাসে শ্রীমঙ্গল উপজেলায় ০৮টি গ্রামে পিজি ভিত্তিক ০৮টি লাইভস্টক ফার্মারস ফিল্ড স্কুল পরিচালনার কার্যক্রম শুরু হয়েছে। তৎসঙ্গে ডলুছড়া ও বিষামনি গ্রামের ক্ষুদ্র নৃগোষ্ঠী অধ্যুষিত এলাকার জনগণের নিকট ভেটেরিনারি মেডিকেল টিমের মাধ্যমে স্থানীয় স্কুল মাঠে বিনামূল্যে গবাদিপশুর টিকা, ক্রিমিনাশক ঔষধ ও বিভিন্ন রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়া মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (গাড়ী) রাখার জন্য ২০২২-২৩ সালের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প হতে গাড়ী রাখার গ্যারেজ নির্মাণ করে দেয়ার অনুরোধ জানান। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, মাছের উৎপাদন বৃদ্ধি এবং সবার পুষ্টি সমতা নিশ্চিতকরণের লক্ষ্যে মৎস্য বিভাগ নিরলস কাজ করে যাচ্ছে। তিনি বলেন, গত ৪ মাসে হাওরে ৪টি মোবাইল কোর্ট পরিচালনা করে অবৈধ জাল জব্দ করা হয়েছে। তিনি মৎস্য সংরক্ষণ কে সামাজিক আন্দোলন পরিণত করার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ মোবাইল কোর্ট কার্যক্রম জোরদারকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি বলেন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মাল্টিপারপাস সেন্টার এর সাইট লে-আউট এর প্রস্তুতি চলছে। আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পিআইসি ও কোটেশন কাজ চলমান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্তঃ প্রকল্প কাজের গুণগতমান নিশ্চিতকরণ, প্রকল্পের কাজ শুরু হওয়ার আগে একটি ছবি এবং প্রকল্প কাজ শেষ হওয়ার ছবি বাধ্যতামূলকভাবে রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, ভূমিহীন ও গৃহহীনের জন্য ১২০টি ঘরের বরাদ্দের মধ্যে ২৬টি ঘরের কাজ চলমান আছে। ২০২২-২৩অর্থবছরে এইচবিবি করণ রাস্তার ১০০০ মিটার এর কাজের টেন্ডার এর জন্য পত্র পাওয়া গেছে। আগামী সপ্তাহে টেন্ডার কার্যক্রম প্রক্রিয়া শুরু হবে ও ২৬/১১/২০২২ তারিখ হতে ইজিপিপি কর্মসূচির কার্যক্রম ০৯টি ইউনিয়ন পরিষদে শুরু হবে । এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প:প: কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, ২০২২-২৩অর্থবছরে প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতা প্রদানের জন্য অত্র উপজেলায় ৪৯০জনের বরাদ্দ পাওয়া গেছে। অনলাইনে যারা আবেদন করেছেন তাদের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণের নিকট প্রেরণ করা হয়েছে। অনলাইনে আবেদনের তালিকা থেকে যাচাই বাছাই করে ইউনিয়নের বরাদ্দ অনুযায়ী তালিকা প্রণয়ন করে উপজেলা সমাজসেবা কার্যালয়ে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উপজেলা সমাজসেবা অফিসার সভায় আরো জানান যে, বয়স কম হওয়ার কারণে এ উপজেলায় ১২১৮ জন বয়স্কভাতাভোগীকে অযাচাইকৃত করে সমাজসেবা অধিদপ্তর ঢাকা থেকে ফেরত পাঠানো হয়েছে। এ তালিকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান বরাবরে পত্র দেয়া হয়েছিল কিন্তু এখনো বেশিরভাগ ইউনিয়ন থেকে তালিকা পাওয়া যায় নাই। ফলে কার্যক্রম বিঘ্নিত হচ্ছে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ১। প্রতিবন্ধীভাতা প্রদানের জন্য অনলাইন তালিকা যাচাই বাচাই করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে তালিকা প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। বয়স্কভাতাভোগী অযাচাইকৃত তালিকা যাচাই বাছাই করে তাদের পরিবর্তে উপর্যুক্ত লোকের তালিকা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে জমা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, অনলাইনে শিক্ষকবৃন্দের বদলী কার্যক্রম চালু হয়েছে। আজ পর্যন্ত দুই দফায় ২৪জনের বদলীর আদেশ হয়েছে। আবেদনকারীদের পর্যায়ক্রমে আদেশ আসবে। ৫-১১ বয়সের শিশুদের কোভিড-১৯ এর টিকাদান প্রায় শেষের দিকে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান।<br>সিদ্ধান্তঃ ৫-১১ বছরের শিশুদের কোভিড-১৯ টিকা গ্রহণ করা থেকে বাদ না যায় সেদিকে দৃষ্টি রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা হিসাব রক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, সকল কর্মকর্তাদের IBAS++ এ জিপিএফ এর নমিনি এন্ট্রির বাধ্যবাধকতা রয়েছে এ বিষয়ে সকল কর্মকর্তাদের চিঠি দেওয়া হয়েছে এ ব্যাপারে সকলকে নিজ নিজ জিপিএফ এর নমিনি এন্ট্রি দিয়ে এই কার্যালয়ে প্রেরনের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। সকল কর্মকর্তাদের ছুটির হিসাব IBAS++ এ এন্ট্রির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে ইতোমধ্যে পত্র দেয়া হয়েছে। সকলকে নিজ নিজ ছুটি সংক্রান্ত তথ্যাবলি এ কার্যালয়ে প্রেরণ করা জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিজিডির নাম পরিবর্তন হয়ে VWB পরিপত্র পাওয়া গিয়েছে। গত ০৬/১১/২২ইং তারিখ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউপি সচিবদের নিয়ে অবহিত সভা অনুষ্ঠিত হয় এবং ০৭/১১/২২ইং তারিখ থেকে অনলাইনে আবেদন কার্যক্রম চলছে ২৫ তারিখ পর্যন্ত আহবান কার্যক্রম অব্যাহত থাকবে। সকল চেয়ারম্যান মহোদয়কে তার ৩০০ কার্ড সংখ্যা ১০% বেশি আবেদন করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। এবিষয়ে অগ্রগতি জানানোর জন্য অনুরোধ করা হয়। চলমান চক্রে খাদ্য ডিও দেয়ার হয়েছে WTC ও IGA প্রশিক্ষণ যথারীতি চলছে। কিশোর কিশোরী ক্লাবের সদস্যদের সপ্তাহে দু'দিন ক্লাব চলাকালীন সময়ে নাস্তা দেয়া হচ্ছে। জয়িতা কার্যক্রমের আবেদন চলছে। আগামী ২০ তারিখ পর্যন্ত চলবে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, হাওর অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল ইউনিয়নের রাধানগর এলাকায় ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য বাস্তবায়িত মাল্টিপারপাস সেন্টারে একটি ইম্প্রুভ ল্যাট্রিন, উপজেলা পরিষদে অফিসার্স ক্লাবে একটি ইম্প্রুভ ল্যাট্রিন নির্মাণ করার জন্য প্রস্তাব করেন। এছাড়া বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ-সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি আগামী সভা তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, এ মাস পর্যন্ত সর্বমোট ১৫৫টি নিবন্ধিত সমবায় সমিতি রয়েছে। সমবায় সমিতিসমূহের অডিট কার্যক্রম, ভ্রাম্যমান প্রশিক্ষণ, সমবায় প্রতিষ্ঠান, বিভিন্ন ট্রেড প্রশিক্ষণ প্রদান লক্ষ্যমাত্রা অনুযায়ী | উপজেলা সমবায় কর্মকর্তাশ্রীমঙ্গল |

| | | |
|---|---|---|
| | সম্পন্ন হয়েছে। চলতি মাস পর্যন্ত সরকারি রাজস্ব বাবদ মং-১,১৩,৮৫০/- পরিশোধ করা হয়েছে। সমবায় উন্নয়ন তহবিল মং-৮৩,৫৯২/- টাকা পরিশোধ করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, আমন সংগ্রহ ২০২২ মৌসুমে শ্রীমঙ্গল উপজেলায় ২৬৭৫.০০০ মে:টন সিদ্ধ চাল এবং ৮৩৯.০০০ মে:টন ধানের সংগ্রহ লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। খাদ্য বিভাগ সংগ্রহ কার্যক্রম শতভাগ সফল করার জন্য প্রস্তুত আছে। ধান সংগ্রহ কার্যক্রম আগামী ১৭/১১/২০২২খ্রি: থেকে ২৮/১২/২০২২খ্রি: পর্যন্ত চলবে। শ্রীমঙ্গল পৌরসভায় ৪জন ডিলার সপ্তাহে ৫দিন ১.০০০ মে:টন করে চাল বিক্রয় করছেন। উক্ত কার্যক্রম সেপ্টেম্বর ২২খ্রি: থেকে চলমান আছে। শ্রীমঙ্গল উপজেলায় চলমান খাদ্যবান্ধব কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সঠিকভাবে যাচাইকৃত ভোক্তাদের নভেম্বর/২২ মাসে ভোক্তাগণকে পুষ্টি চাল সরবরাহ করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| পল্লী বিদ্যুৎতায়ন বিভাগ | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির এজিএম (ইএন্ডসি), মৌলভীবাজার বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী " শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ" এই প্রত্যয়কে সামনে রেখে পল্লী বিদ্যুৎ সমিতি মৌলভীবাজার জেলার সকল উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করেছেন, প্রত্যন্ত অঞ্চলে বিদ্যুৎ দিতে গিয়ে বর্তমান সরকার সম্পূর্ণ বিনামূল্যে ট্রান্সফরমারসহ সকল সরঞ্জামাদি সরবরাহ করেছেন। কিন্তু একটা অসাধু কুচক্রিমহল সরকারের এই উন্নয়নকে ধুলিস্যাৎ করার জন্য ট্রান্সফরমার চুরি আরম্ভ করেছে। এই ট্রান্সফরমার চুরির ফলে সরকারের রাজস্ব ব্যাহত হচ্ছে। তিনি ট্রান্সফরমার চুরিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, মির্জাপুর ইউপি বলেন, প্রতিনিয়তই বিদ্যুতের টান্সফরমার চুরি হচ্ছে ট্রান্সফরমার যাতে চুরি না হয় সেদিকে বিদ্যুৎ বিভাগকে সুদৃষ্টি দেয়ার অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, সিন্দুরখান ও আশিদ্রোণ ইউপি বলেন, বিদ্যুতের ট্রান্সফরমার চুরি সাথে বিদ্যুৎ বিভাগের লোক জড়িত থাকতে পারে কারণ বিদ্যুৎতের খুঁটিতে একমাত্র তারাই উঠতে পারে যারা লাইনের কাজে পারদর্শী। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| তথ্য আপা | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | |
| বিবিধ ০১ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তি অনুদান প্রদানের জন্য ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | মো: ইসমাইল হোসেন, গ্রাম: শাসন, ভূনবীর, শ্রীমঙ্গল। | সড়ক দুর্ঘটনায় পঙ্গু হওয়া ব্যক্তি চলাফেরার জন্য হুইল চেয়ার ক্রয় বাবদ আর্থিক অনুদান | অনুদান খাত | ৮,৫০০/- |
| ০২ | মো: শামীম মিয়া, পরিচালক, গ্লোরিয়াস কম্পিউটার ট্রেনিং সেন্টার, শ্রীমঙ্গল। | কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমে কম্পিউটার ক্রয়ের জন্য আর্থিক অনুদান প্রদান। | ঐ | ২৫,০০০/- |
| ০৩ | সভাপতি, সরকারী ৩য় শ্রেণির কর্মচারী ক্লাব, শ্রীমঙ্গল। | সরকারী ৩য় শ্রেণির কর্মচারী ক্লাবের টিভি নষ্ট হয়ে যাওয়ায় নতুন টিভি ক্রয় করার জন্য আর্থিক প্রদান | ঐ | ২৩৯০০/- |
| ০৪ | ওয়াহিদ, সাং-কুঞ্জবন, জানাউড়া, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। | টিউমার জনিতে রোগের চিকিৎসার জন্য আর্থিক প্রদান। | ঐ | ২০০০/- |
| ০৫ | কাঞ্চন বিবি, স্বামী: সমুজ মিয়া, মাজদিহি পাহাড়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। | চিকিৎসার জন্য আর্থিক প্রদান। | ঐ | ২০০০/- |
| ০৬ | আ: রহমান, পিতা: মৃত শাহ আনজব আলী, মাজদিহি, নারাইনছড়া, কালাপুর। | কন্যার বিবাহের জন্য আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ২০০০/- |
| ০৭ | সুমিত্রা বৈদ্য, স্বামী: তিপেন্দ্র বৈদ্য, পূর্ব শ্রীমঙ্গল, ৩নং শ্রীমঙ্গল ইউপি। | ক্যান্সার আক্রান্ত রোগীর চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৮ | আজিরুন নেছা, স্বামী: তাজিম উল্লা, গ্রাম: শহরশ্রী, ডাক: মির্জাপুর বাজার, উপজেলা: শ্রীমঙ্গল, মৌলভীবাজার। | জটিল রোগে আক্রান্ত হওয়ায় চিকিৎসার জন্য আর্থিক প্রদান। | ঐ | ২০০০/- |
| ০৯ | রমজান আলী, পি: আকবর আলী, মাতা: পরতিঙ্গা বিবি, সুইলপুর, ডাক: শমসেরগঞ্জ বাজার, শ্রীমঙ্গল। | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ২০০০/- |
| ১০ | মমতা বেগম, স্বা: মো: মখলিছ মিয়া, রাজাপুর, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ২০০০/- |
| ১১ | মোছা: রুমি বেগম, পি: সাজিদ উল্ল্যাহ,মাতা: মনোয়ারা বেগম, বৌলাশীর, মির্জাপুর। | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ১২ | মো: মনির মিয়া, সিন্দুরখান রোড, শ্রীমঙ্গল। | আর্থিক অনুদান প্রদান। | ঐ | ৩০০০/- |
| ১৩ | দিনেশ দেবনাথ, সবুজবাগ আ/এ, শ্রীমঙ্গল | দুটি পা কাটায় চলাচলের জন্য একজোড়া জুতা ক্রয়ের জন্য আর্থিক অনুদান প্রদান। | ঐ | ১৫০০/- |
| ১৪ | তৃপ্তা দেবনাথ, স্বা: রিংকু দেবনাথ, খন্দকারগুল, কালিঘা, শ্রীমঙ্গল | ভাঙ্গা ঘর মেরামতের জন্য আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ২০০০/- |
| ১৫ | ফরকিছ মিয়া, পি: মৃত আব্দুল গফুর, সংকরসেনা, আশিদ্রোণ, শ্রীমঙ্গল | পাগল কুকুরে কামড় দেয়ায় চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৬ | মোঃ হারিছ মিয়া, লামুয়া, কালাপুর, শ্রীমঙ্গল | সড়ক দুর্ঘটনায় আহত হওয়ায় চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ৫০০০/- | |
| ১৭ | এলিনা আক্তার, পিঃ আমান মিয়া, মাতাঃ পিয়ারা বেগম, কালাপুর, শ্রীমঙ্গল। | স্ট্রোক রোগীর চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান। | ঐ | ২০০০/- | |
| ১৮ | সুর ব্যানার্জি, স্বাঃ কল্যাণ ব্যানার্জি, রাজাপুর, কালাপুর। | প্যারালাইসিস রোগ আক্রান্ত চিকিৎসার জন্য আর্থিক অনুদান | ঐ | ২০০০/- | |
| ১৯ | মোঃ আলাউদ্দীন মিয়া, সাং-পলুবী, পূর্বাশা আ/এ, শ্রীমঙ্গল | চিকিৎসার জন্য আর্থিক অনুদান | ঐ | ২০০০/- | |

| | | |
|---|---|---|
| বিবিধ ০২ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও ৩য় শ্রেণির ডরমেটরীতে ব্যবহৃত সাবমারসিবল পানির পাম্প হঠাৎ নষ্ট হয়ে যাওয়ায় তাৎক্ষণিভাবে নতুন সাবমারসিবল পাম্প ক্রয় এবং মজুরীসহ মোট ১৬০৮০/- (ষোল হাজার আশি) টাকা টাকা ব্যয় হয়।<br><br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের কাজে ব্যবহৃত পানির পাম্প নতুন ক্রয় ও মজুরীসহ ১৬০৮০/- (ষোল হাজার আশি) টাকা উপজেলা পরিষদের পানি পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |
| বিবিধ ০২ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদে দাপ্তরিক কাজে ব্যবহৃত ফটোকপি মেশিনটি পুরাতন হয়ে যাওয়ায় নতুন যন্ত্রাংশ সংযোজন করা হয়। নতুন যন্ত্রাংশ সংযোজন ও কাজের মজুরীসহ ২৩,৮০০/- (তেইশ হাজার আটশত) টাকা ব্যয় হয়।<br><br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের দাপ্তরিক কাজের জন্য ব্যবহৃত ফটোকপি মেশিনের যন্ত্রাংশ সংযোজন মজুরী বিল ২৩,৮০০/- (তেইশ হাজার আটশত) টাকা উপজেলা পরিষদের অফিস সরঞ্জমাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |
| বিবিধ ০২ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের নিচতলার বাথরুমের ময়লা পরিষ্কার না হওয়ায় দুগর্ন্ধের সৃষ্টি হয়। নিচতলার বাথরুম, চেয়ারম্যান, মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারের বাথরুমে পাইপ, পানির টেপ, হ্যান্ড সাওয়ার এবং উপজেলা কনফারেন্স কক্ষের বাথরুমের লাইট, পাইপ, ফ্লাসার এবং পানির ট্যাংকির নতুন পাইপ লাগানো এবং সহ মোট ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকা ব্যয় হয়।<br>সিদ্ধান্তঃ উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| বিবিধ ০৩ | <u>ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ এর ভ্রমণ ভাতা ঃ</u> উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় (পুরুষ/মহিলা) শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন উন্নয়ন কার্যক্রম দর্শনের যাওয়ায় ভ্রমণ ভাতা প্রদানের জন্য প্রস্তাব করেন।<br>**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যানদ্বয়ের ভ্রমণ ভাতা প্রন্তুতক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |
| বিবিধ ০৪ | উপজেলা পরিষদের কর্মরত কর্মচারী জনাব সুদীপ দাশ, সাঁট মুদ্রাক্ষরিক ও জনাব মোঃ তোয়েল আহমেদ, গাড়ীচালক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল। প্রবিধি অনুবিভাগ, প্রবিধি--৩ অধিশাখার ২৯/০৬/২০২২ তারিখের ০৭.১৭৩.০৩১০২.০০.০৩০.২০১০-৭৯নং স্মারক মূল্যে তাদের সন্তানদ্বয় প্রথম শ্রেণিতে ভর্তি হওয়ায় তারা শিক্ষা ভাতা পাওয়ার আবেদন করেছেন।<br>সিদ্ধান্তঃ বিধিমোতাবেক উপজেলা পরিষদ কর্মচারী জনাব সুদীপ দাশ, সাঁট মুদ্রাক্ষরিক ও জনাব মোঃ তোয়েল আহমেদ, গাড়ীচালক, শ্রীমঙ্গলকে "শিক্ষা সহায়তা ভাতা" প্রদানের জন্য উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |
| বিবিধঃ ০৫ | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক ব্যবহৃত জীপ গাড়ী নং-মৌলভীবাজার-ঘ-১১-০০৮৬ গাড়ীটি পুরাতন হয়ে যাওয়ায় গাড়ীর অনেক যন্ত্রাংশ নষ্ট হয়ে গেছে। ফলে প্রায়শঃই গাড়ীটি বিকল হয়ে যায়। গাড়ীটি চালু রাখতে মেরামত করা জরুরী প্রয়োজন। বিআরটিএ, মৌলভীবাজার অফিস হতে গাড়ীর যে যন্ত্রাংশ সংযোজন ও মেরামত করার প্রয়োজন তার প্রত্যায়ন অনুযায়ী পরবর্তী কাযক্রম গ্রহণক্রমে সকল কাগজপত্র স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এবিষয়ে পরিষদের সভায় অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন।<br>**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের জীপ গাড়ী নং-মৌলভীবাজার-ঘ-১১-০০৮৬ মেরামতের প্রস্তাব সর্বসম্মতিক্রমে সভায় গৃহিত ও অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.২৭০.৩০ তারিখ: ২৬/১১/২০২২

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা..............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম..................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।.............................................................।

২৮.১১.২২

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল ডিসেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | ঃ ১৯ ডিসেম্বর ২০২২ খ্রিঃ |
| সময় | ঃ বেলা ১২.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

<u>সংশোধনী:</u> উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের ভিজিডি কার্ড সকল চেয়ারম্যান মহোদয়কে ৩০০ কার্ড এর সংখ্যার স্থলে যার যার ইউনিয়নে যতগুলো কার্ড বরাদ্দ রয়েছে তার স্থলে ২০% বেশি কার্ড বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় স্বাস্থ্য বিভাগ সম্পর্কে আলোচনা সম্ভব হয়নি। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, চেয়ারম্যান, শ্রীমঙ্গল উপজেলা পরিষদ এডিপি খাতের সিংহভাগ অর্থ কৃষিখাতে কৃষকদের উন্নয়নের স্বার্থে বরাদ্দ প্রদান করেছেন। এজন্য কৃষি বিভাগের পক্ষ থেকে চেয়ারম্যান মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, সেচযন্ত্র ব্যবহারের মাধ্যমে বিভিন্ন ফসলের আবাদ এলাকা ও উৎপাদন বৃদ্ধির জন্য এডিপির অর্থ হতে ২৭টি এলএলপি এবং বিভিন্ন ছড়ায় ক্রসবাঁধ দিয়ে পানির ব্যবস্থা করে প্রায় ২৫০ হেঃ জমি আবাদের আওতায় আসবে। এছাড়া কালাপুর ইউনিয়নের পানি উৎস না থাকায় ৫,৭,৮,৯নং ওয়ার্ডে যদি ২টি গভীর নলকূপ দেয়া যায় তাহলে প্রায় ৫০০ বিঘা জমি আবাদের আওতায় আসবে। গভীর নলকূপ স্থাপনের জন্য বিএডিসিতে প্রস্তাব করা হবে।<br><br>সভায় চেয়ারম্যান, কালাপুর ইউনিয়ন পরিষদ বলেন, আমার প্রতিবেশি ইউনিয়ন শ্রীমঙ্গল সদর ইউনিয়ন পরিষদ। শ্রীমঙ্গল ইউনিয়নের জাগছড়া ইছবপুরের মধ্য দিয়ে একটি ছড়া প্রবাহিত হয়েছে যার ৮০% ভাগ পানি হাইল হাওরে পতিত পানি জনগণের কোন কাজে লাগে না। ২টি স্লুইচ গেইট জাগছড়ায় নির্মাণ করা হয়েছে। তিনি প্রস্তাব করেন বিকল্প যদি আরেকটি স্লুইচ গেইট জাগছড়াতে নির্মাণ করা হয় তাহলে কালাপুরের তিনটি গ্রামে প্রায় ৩০০ থেকে ৪০০মণ ধান উৎপাদন সম্ভব হবে। তিনি আরো বলেন, ভুনবীর-সিন্দুরখান-আশিদ্রোণ ইউপিতে রাবার ড্যাম আছে কিন্তু কালাপুর ইউনিয়নে কোন রাবার ড্যাম নেই। তিনি বলেন, পানি সরবরাহের জন্য ১০টি গভীর নলকূপ প্রয়োজন। এরই মধ্যে ৪টি গভীর নলকূপের আবেদন কৃষি অফিসে দেয়া হয়েছে আরো ৬টি গভীর নলকূপ যেন কৃষিখাতে ব্যবহারের জন্য কালাপুর ইউনিয়নে স্থাপন করা হয় সে জন্য প্রস্তাব করেন।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, "এক ইঞ্চি ভূমিও অনাবাদি থাকবেনা" মাননীয় প্রধানমন্ত্রীর এ অঙ্গীকার বাস্তবায়নে আশিদ্রোণ ইউনিয়নে অনুষ্ঠিত কৃষি সমাবেশের মাধ্যমে কৃষি জমি চাষের আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি কৃষি কর্মকর্তাকে বলেন, কৃষকদের সহায়তা করতে যেখানে পানি লাগে সেখানে পানি দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২৭টি এলএলপি শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন স্থানে প্রদান করা হবে যার আনুমানিক মূল্য ৮.০০ লক্ষ টাকা। এছাড়া কালাপুর ইউনিয়নে ০১টি স্লুইচ গেইট নির্মাণের প্রস্তাব করা হয়েছে। শ্রীমঙ্গল রাবার অফিসের সামনে ০১টি স্লুইচ গেইট নির্মাণ করা হবে, এই স্লুইচ গেইট দিয়ে লামুয়া-কাকিয়াবাজারসহ প্রায় ২.০০ কি:মি পর্যন্ত পানি যতখুশি তত দেয়া যাবে। তিনি বলেন, এডিপি'র অর্থ বেশির ভাগ ক্ষেত্রেই অবকাঠামোগত খাতে | উপ: কৃষি কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | ব্যয় করা হয়। প্রত্যেক দপ্তরের অনুকূলে এডিপির অর্থ ব্যয়ের নির্দেশনা রয়েছে। তাই আগামী অর্থবছরে ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউপি চেয়ারম্যানবৃন্দসহ সকলেই অবকাঠামোগত খাত ছাড়াও অন্যান্য কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, সমাজসেবা ও জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগকে প্রাধান্য দিয়ে প্রকল্প বাস্তবায়ন করার অনুরোধ জানান।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সারা বাংলাদেশে যত উপজেলা চেয়ারম্যান রয়েছেন তাঁদের মধ্যে শ্রীমঙ্গল উপজেলার উপজেলা চেয়ারম্যান অন্যতম, যিনি এডিপি প্রকল্পের সিংহভাগ অর্থ কৃষিখাতে কৃষকদের কল্যাণে ব্যয় করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন, তিনি চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জানান।<br>সভায় চেয়ারম্যান সিন্দুরখান ইউপি কৃষিখাতে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় বরাদ্দকৃত বেশিরভাগ অর্থ ব্যয় করায় সিন্দুরখান ইউনিয়নের কৃষকদের পক্ষ থেকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, সিন্দুরখান লাংলিয়াছড়া নদীর উপর ০১টি সুইচ গেইট ছিল। সুইট গেইটের কারণে দুটি পাড় বন্যায় প্লাবিত হয়ে ভেঙ্গে যায় এবং এলাকায় কৃষিখাতে মারাত্মক ক্ষতি হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ তাৎক্ষণিকভাবে দুটি পাড় মেরামতের জন্য ২.০০ লক্ষ টাকা বরাদ্দের সিদ্ধান্ত গ্রহণ করেন। তাছাড়া তিনি বলেন, কৃষি কাজের জন্য কৃষি বিভাগ থেকে সেচের মেশিন দেয়া হচ্ছে কিন্তু বর্তমানে ডিজেলের এর দাম বেশি এবং মেশিন চালানোর জন্যও মানুষ রাখতে হয়। যেখানে বিদুৎতের ব্যবস্থা আছে সেখানে বিদ্যুতের ব্যবস্থা করে দেয়া জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় সংশ্লিষ্টদের অনুরোধ জানিয়েছেন। চেয়ারম্যান সিন্দুরখান ইউপি বলেন, কুঞ্জবন এলাকায় গভীর নলকূপ স্থাপনের ০৩টি আবেদন কৃষি অফিসে জমা আছে, সেগুলোর পরিবর্তে কটিয়ার কোনা এলাকায় উক্ত ৩টি নলকূপ বসানোর জন্য তিনি অনুরোধ জানান। চেয়ারম্যান, সিন্দুরখান ইউনিয়ন পরিষদ আরো বলেন, চা বাগান গুলোতে বড় বড় বাঁধ দেয়া হয়। এর আগেও সিন্দুরখান-বিদ্যাবিল-রাজঘাট চা বাগানগুলোতে বড় বড় বাঁধ দিয়ে পানি আটকিয়ে রাখা হয়েছিল। বর্তমানে তারা পুর্বের পদ্ধতি অনুসরণ না করে বিকল্প পদ্ধতি হিসেবে বড় বড় পুকুর খনন করে পানি আটকিয়ে রাখছেন। লাংলিয়াছড়া সুইচ গেইটের পাশে একটি কেনেল রয়েছে। কেনেল এর পাশে একজন ভদ্র লোকের নিজস্ব কিছু জমি রয়েছে তার জায়গা উপর দিয়ে পানি যেতে দিবেন না। পানি না দেয়ার কারণে ঐ এলাকার প্রায় ১৫০ বিঘা জমি চাষের আওতায় আনা সম্ভব হচ্ছে না। এছাড়া তিনি সিন্দুরখান ইউনিয়নে কি পরিমাণ চাষাবাদ হয়েছে তার একটি তালিকা সভায় উপস্থাপন করেন: ১। সরিষা আবাদ ২৭ হেক্টর, ভুট্টা আবাদ ২ হেক্টর, গম ৪০ হেক্টর এবং বোরো আবাদ হয়েছে ১২০০ হেক্টর।<br>সিদ্ধান্ত: ১। কালাপুর ইউনিয়নের পানি উৎসে না থাকায় ৫,৭,৮,৯নং ওয়ার্ডে প্রায় ৫০০ বিঘা জমি আবাদের আওতায় আনার লক্ষ্যে যদি ২টি গভীর নলকূপ স্থাপনের নিমিত্ত বিএডিসিতে প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি বলেন, এলডিডিপি প্রকল্পের আওতায় চলতি মাসে শ্রীমঙ্গল উপজেলায় ০৮টি গ্রামে পিজি ভিত্তিক ০৮টি লাইভস্টক ফার্মারস ফিল্ড স্কুল পরিচালনার কার্যক্রম শুরু হয়েছে। তৎসঙ্গে ডলুছড়া ও বিষামনি গ্রামের ক্ষুদ্র নৃগোষ্ঠী অধ্যুষিত এলাকার জনগণের নিকট ভেটেরিনারি মেডিকেল টিমের মাধ্যমে স্থানীয় স্কুল মাঠে বিনামূল্যে গবাদিপশুর টিকা, ক্রিমিনাশক ঔষধ ও বিভিন্ন রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (গাড়ী) রাখার জন্য ২০২২-২৩ সালের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প হতে গাড়ী রাখার গ্যারেজ নির্মাণ করে দেয়ার অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি বলেন, মাছের উৎপাদন বৃদ্ধি এবং সবার পুষ্টি সমতা নিশ্চিতকরণের লক্ষ্যে মৎস্য বিভাগ নিরলস কাজ করে যাচ্ছে। তিনি বলেন, তিনি মৎস্য সংরক্ষণ কে সামাজিক আন্দোলন পরিণত করার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: মোবাইল কোর্ট কার্যক্রম জোরদারকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি বলেন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মাল্টিপারপাস সেন্টার এর সাইট লে-আউট এর প্রস্তুতি চলছে। আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পিআইসি ও কোটেশন কাজ চলমান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: প্রকল্প কাজের গুণগতমান নিশ্চিতকরণ, প্রকল্পের কাজ শুরু হওয়ার আগে একটি ছবি এবং প্রকল্প কাজ শেষ হওয়ার ছবি বাধ্যতামূলকভাবে রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প:প: কর্মকর্তা |

| বিভাগ | | |
|---|---|---|
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ৯নং সাতগাঁও ইউনিয়নের ২৪৬জন বয়স্ক ভাতা গ্রহিতার নাম অযাচাইকৃত হিসেবে পাওয়া গেছে। অযাচাইকৃত ২৪৬জনের ব্যক্তিকে নীতিমালা মোতাবেক প্রতিস্থাপন করার জন্য চেয়ারম্যান, ৯নং সাতগাঁও ইউনিয়নকে পত্র প্রদান করা হলে ৯নং সাতগাঁও ইউনিয়ন চেয়ারম্যান তাঁর কার্যালয়ের স্মারক নং-২৩৬/২২ তারিখ ২২/১১/২০২২ খ্রি: মোতাবেক জানান যে, তার ওয়ার্ডের সকল ওয়ার্ড যাচাই করে বয়স্কভাতার উপর্যুক্ত ১৪জন পাওয়া গেছে। অবশিষ্ট ২৩২জন উপর্যুক্ত উপাকারভোগী তার ইউনিয়নে নাই।<br><br>সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে ৯নং সাতগাঁও ইউনিয়নের বয়স্কভাতা প্রাপ্তির উপর্যুক্ত ২৩২ জন্য উপকারভোগী না পাওয়া ৩নং শ্রীমঙ্গল ইউনিয়ন পরিষদ কে ২২২জন এবং ৫নং কালাপুর ইউনিয়নকে ১০ জন কে ঐ বরাদ্দ প্রদানের সুপারিশ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, আগামী ৩০শে ডিসেম্বর প্রাথমিক বৃত্তি পরীক্ষা-২০২২ অনুষ্ঠিত হবে। হবে ১ বা ২দিন পিকাইতে পারে। বিদ্যালয়ের শিক্ষার্থী ২০% হারে প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০২৩খ্রি: নতুন বই পাক-প্রাথমিক ও ৩য়, ৪র্থ, ৫ম শ্রেণির ৪ বিষয়ের বই আসছে ১৯/১২/২০২২ পর্যন্ত। আগামী ২৭/১২/২০২২খ্রি: হতে শ্রীমঙ্গল উপজেলার সকল সরকারী/কেজি/বেসরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে বিতরণ করা হবে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।<br>সিদ্ধান্ত: নতুন বছরে শিক্ষার্থীদের মধ্যে নতুন বই উৎসব মুখর পরিবেশে সুষ্ঠুভাবে বিতরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা হিসাব রক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, সকল কর্মকর্তাদের IBAS++ এ জিপিএফ এর নমিনি এবং কর্মকর্তাদের ছুটি এন্ট্রির কাজ এখনও শেষ না হওয়ায় পুনরায় সকল কর্মকর্তাগণকে পুন:তাগিদ দেয়া হলো। বিষয়টি অতীব জরুরী। এছাড়া IBAS++ স্ব স্ব মোবাইল নম্বরটি নিজ নামে রেজিস্ট্রেশনকৃত না হলে ভবিষ্যতে বেতন বিল দাখিল করতে সমস্যা হবে বিধায় এ ব্যাপারে সকলের দৃষ্টি কামনা করছি। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২৩-২৪ চক্রের উপকারভোগীদের এমআইএস আবেদন করার পর ছক "৩" পূরণ করা হয়েছে। যথাসময়ে সম্পন্ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যান মহোদয়গণকে ধন্যবাদ জানান। । এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আজ থেকে ছক "৩" পূরণ করার জন্য সার্ভার খুলে দেয়া হয়েছে। ছক "৩" উপজেলা কমিটি পূরণ করবে। ২০২৩-২৪ চক্র চূড়ান্ত করা হবে। পরবর্তীতে ডাটাবেজ সম্পন্ন করা হবে। চূড়ান্ত তালিকা সকল ইউনিয়ন পরিষদে টাঙ্গিয়ে দেয়া হবে। মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় কিশোর-কিশোরী ক্লাবে পালন করেছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা** |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, এ মাস পর্যন্ত সর্বমোট ১৫৬টি নিবন্ধিত সমবায় সমিতি রয়েছে। সমবায় সমিতিসমূহের অডিট কার্যক্রম, ভ্রাম্যমান প্রশিক্ষণ, সমবায় প্রতিষ্ঠান, বিভিন্ন ট্রেড প্রশিক্ষণ প্রদান লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয়েছে। চলতি মাস পর্যন্ত সরকারি রাজস্ব বাবদ মং-১,১৩,৮৫০/- পরিশোধ করা হয়েছে। সমবায় উন্নয়ন তহবিল মং-৮৩,৫৯২/- টাকা পরিশোধ করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তাশ্রীম ঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, আমন সংগ্রহ ২০২২-২৩ মৌসুমের সংগ্রহ কার্যক্রম চলমান আছে। ৮৩৯ মে:টন ধানের মধ্যে ৬ মে:টন ধান সংগ্রহ হয়েছে। ২৬৭৫ মে:টন সিদ্ধ চালের মধ্যে ২৫৭৫ মে:টন এর চুক্তি সম্পাদন হয়েছে। চুক্তিবদ্ধ রাইস মিল থেকে উক্ত চাল সংগ্রহ করা হবে। ধান সংগ্রহের বিষয়ে মাইকিং সহ যাবতীয় | উপজেলা খাদ্য কর্মকর্তা |

<table>
<tr><td></td><td>প্রচারণা কার্যক্রম চলমান আছে। এছাড়া শ্রীমঙ্গল পৌরসভায় ৪জন ডিলারের মাধ্যমে ওএমএস কার্যক্রম নীতিমালা অনুযায়ী স্বাভাবিকভাবে চলমান আছে। খাদ্যবান্ধব কার্যক্রমে ভোক্তা যাচাই কার্যক্রমে মোট কার্ড সংখ্যা ৬৭৩৪টি মধ্যে ৬৩৩৪টি কার্ড সঠিকভাবে সম্পন্ন হয়েছে। ভোক্তা যাচাই কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td></tr>
<tr><td>তথ্য আপা</td><td>সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td></tr>
<tr><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা)</td><td>ইউজিডিপি প্রকল্পের ইউডিএফ বলেন, পিএ-৬ এ্যাসেসমেন্ট এর প্রয়োজনীয় ডকুমেন্ট ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে এবং এ্যাসেসমেন্ট কার্যক্রম সমাপ্ত হয়েছে। ৪র্থ পর্যায়ের আইএনএফ বিল অনুমোদিত হয়েছে। ৫ম পর্যায়ের সিডি চলমান আছে এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>ইউডিএফ (জাইকা)</td></tr>
<tr><td>বিবিধ ০১</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তি অনুদান প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশের ভিত্তিতে ব্যক্তিগণের অনুকূলে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।
<table>
<tr><th>ক্র.নং</th><th>আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম</th><th>অনুদান প্রদানের কারণ</th><th>খাতের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>জনাব প্রদীপ দাশ, পিঃ মৃ প্রফুল্ল দাশ, খাসগাঁও, শ্রীমঙ্গল</td><td>চিকিৎসা করানোর জন্য আর্থিক সহায়তা প্রদান।</td><td>অনুদান খাত</td><td>২০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>জনাব ইন্দজিৎ বর্ধন, ভাড়াউড়া চা বাগান</td><td>রাস্তায় গাছের ডাল পড়ে আকস্মিক মৃত্যুবরণ হওয়ায় সাংবাদিক বিক্রম জিৎ বর্ধনের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান।</td><td>ঐ</td><td>২০০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>জনাব রেজিয়া আক্তার, বিরাইমপুর, শ্রীমঙ্গল</td><td>আর্থিকভাবে স্বাবলম্বী হওয়ার জন্য ০৪টি হাঁস ক্রয়ের জন্য আর্থিক অনুদান</td><td>ঐ</td><td>২০০০/-</td></tr>
</table></td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.২৭.৩২

তারিখ: ২৯/১২/২০২২

বিতরণ: কার্যার্থে।

১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা..............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম..............................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।.............................................................।

২৯/১২/২২

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল জানুয়ারি ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১২ জানুয়ারি ২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

সংশোধনী: স্লুইচ গেইট জাগছড়াতে নির্মাণ করা হলে কালাপুর ইউনিয়নের তিনটি গ্রামে প্রায় ৩০০ থেকে ৪০০ মণ ধান এর পরিবর্তে ৩০০ থেকে ৪০০ একর জমিতে ধান চাষাবাদ করা সম্ভব হবে কথাটি প্রতিস্থাপন করা হলো।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন,<br>১। শ্রীমঙ্গল উপজেলার প্রতিটি স্কুলের শিক্ষার্থীকে স্বাস্থ্য পরীক্ষা, কৃমিনাশক ট্যাবলেট ও রাস্তার পথশিশুদেরকে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানোর মাধ্যমে ২২-২৮ তারিখ স্বাস্থ্য পরীক্ষা ও কৃমিনাশক সপ্তাহ উদ্‌যাপন করা হবে।<br>২। বর্তমানে বাংলাদেশ করোনার প্রভাব এতটা নেই কিন্তু পৃথিবীর বিভিন্ন দেশে করোনার প্রভাব বৃদ্ধি পাচ্ছে। করোনার ২য় ও ৪র্থ ডোজ হাসপাতালে ও উপজেলা বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রে দেয়া হচ্ছে। যারা এখনও ডোজগুলো গ্রহণ করেননি তারা ডোজ গুলো গ্রহণ করতে পারবেন।<br>৩। ইউনিয়ন পরিষদসমূহে যে সভাগুলো হয়ে থাকে সেই সভার তারিখগুলো জানানো জন্য অনুরোধ করেন, তিনি বলেন সভার তারিখ জানা থাকলে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমসহ বিভিন্ন সমস্যা সমাধানে কার্যকর ভূমিকা রাখবে।<br>৪। লইয়ারকুল কমিউনিটি ক্লিনিকটি রাস্তা থেকে নিচু হওয়ায় সামান্য বৃষ্টি হলেই কমিউনিটি ক্লিনিকের ভিতরে পানি প্রবেশ করে।<br>৫। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে একটি সেফটি ট্যাংক আছে। সেফটি ট্যাংকটি ওভারলোড হয়ে ফেটে মলমূত্র বের হয়ে আসছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দিয়ে মেরামত ও পরিষ্কারকরণের সুযোগ থাকলে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>৬। মহিলা বিষয়ক কার্যালয় হতে গর্ভবতী মায়েদের গর্ভকালীন ভাতা প্রদান করা হয়ে থাকে। এই গর্ভভাতা পাওয়ার জন্য গর্ভবতী মায়েদেরকে তাদের স্ব স্ব এলাকার কমিউনিটি ক্লিনিকে প্রথমে রেজিস্ট্রারভুক্ত হতে হবে। রেজিস্ট্রারভুক্ত হলে এই ভাতার আওতাভুক্ত হবে।<br>৭। বর্তমানে শীতের প্রকোপ বেশি, শীত বেশি থাকার কারণে জ্বর, সর্দি, শ্বাসকষ্টসহ বিভিন্ন রোগ বেড়ে যাচ্ছে। তিনি বয়স্ক ও শিশুদের গরম কাপড় পড়ার অনুরোধ জানান। এছাড়া শ্বাসকষ্টের রোগী বেড়ে গেলে জরুরী ভিত্তিতে হাসপাতালে ভর্তির অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন, শব্দকর উন্নয়ন সংস্থা নামে (প্যারামেডিক্যাল) একটি সংগঠন আছে এই সংগঠনটি ৭২জনের নিকট হতে প্রেসার মাপার যন্ত্র ও চাকুরী প্রদান করবে মর্মে প্রত্যেকের নিকট হতে ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা করে আত্মসাৎ করার চেষ্টায় লিপ্ত ছিল। এছাড়া শ্রীমঙ্গলে অবস্থিত ডায়গণষ্টিক সেন্টারগুলোর সেবার মান খুব একটা ভালো না থাকায় নিয়মিত ডায়গণষ্টিক সেন্টারগুলো পরিদর্শনের অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ ১। আগামী জেলা সমন্বয় সভায় লইয়ারকুল কমিউনিটি ক্লিনিক ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে অবস্থানরত সেফটি ট্যাংক মেরামতকরণের বিষয় সম্পর্কে অবহিতকরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। স্বাস্থ্য সেবার নামে গজিয়ে উঠা বেআইনি সংস্থাকে আইনের আওতায় আনা ও ডায়গণষ্টিক সেন্টারগুলোর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | লাইসেন্স আছে কিনা নিয়মিত পরিদর্শনের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা বলেন, শ্রীমঙ্গল উপজেলার মির্জাপুর ইউনিয়নের ধোবারহাট গ্রামের কৃষকদের পক্ষে বীরমুক্তিযোদ্ধা গৌরাঙ্গ চন্দ্র দাশ বিএডিসি'র মাধ্যমে একটি অগভীর নলকূপ স্থাপনের আবেদন করেছেন। ধোবারহাট গ্রামের বোরো আবাদের উপযুক্ত জমি প্রায় ৫০ একর আছে। কিন্তু সেচের পানির অভাবে আবাদ করা সম্ভব হচ্ছে না। সেখানে একটি অগভীর নলকূপ স্থাপন করা হলে প্রায় ১৫০জন কৃষক পরিবারের উপকার হবে এবং ৫০ একর পতিত জমি আবাদের আওতায় আসবে। মির্জাপুর ইউনিয়নের ধোবারহাট গ্রামে বিএডিসি'র মাধ্যমে একটি অগভীর নলকূপ স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে প্রস্তাব করেন। এছাড়া উপজেলার বিভিন্ন অনগ্রসর এলাকার বিশেষ করে আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগী কৃষক/কিষাণিদের অপুষ্টি দুরীকরণ ও সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বসতবাড়িতে পারিবারিক পুষ্টি বাগান সৃজন করার কার্যক্রম চলছে। রবি মৌসুমে উপজেলার বিভিন্ন আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগী ৫০টি পরিবারে পারিবারিক পুষ্টি বাগান সৃজন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, আশিদ্রোণ ইউনিয়নে প্রায় ৭০০ বিঘা অনাবাদী জমি আবাদের আওতায় আনয়নের জন্য বিভিন্ন বিভাগের সাথে সমন্বয় করে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সেখানে ইজিপিপি'র মাধ্যমে খালখনন করা হয়েছে, বিএডিসি মাধ্যমে পাম্প, এলজিইডি'র মাধ্যমে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিএডিসি প্রতিনিধির সাথে আলোচনাক্রমে পানির পাম্প চালু করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্তঃ আশিদ্রোণ ইউনিয়নে ৭০০ বিঘা অনাবাদী জমি আবাদের আওতায় আনয়নের জন্য বিএডিসি প্রতিনিধির সাথে আলোচনাক্রমে ৪-৫ কার্যদিবসের মধ্যে পাম্পটি চালু করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি বলেন, বিগত মাসে ৫২০০ টি গরুকে ও ৪৯৬০০ টি হাঁস-মুরগীকে টিকা প্রদান করা হয়েছে। তৎসঙ্গে ২৯৭৫টি গবাদি পশুকে ও ৮৯৮০টি হাঁস মুরগীকে প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ৪০০টি গাভীর কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্পাদিত হয়েছে। এলডিডিপি প্রকল্পের আওতায় চলতি মাসে শ্রীমঙ্গল উপজেলায় ০৬টি গ্রামের পিজি ভিত্তিক ৩৬০জন সদস্যকে ০১ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পাধীনে পিজি ভিত্তিক ০৮টি গ্রামে বিনামূল্যে ক্ষুরারোগের টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। এনএটিপি-২ প্রকল্পের আওতায় আরো ১০টি গ্রাম ভিত্তিক সিআইজি এলাকার কৃষকদের বিনামূল্যে গবাদি পশুর টিকা ও কৃমিনাশক ট্যাবলেট প্রদান করা হয়েছে। হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প এর আওতায় আনুষ্ঠানিকভাবে শ্রীমঙ্গল উপজেলার ২১৬জন মহিষ পালন সুফলভোগীকে ৮৬৪ কেজি ভিটামিন প্রিমিক্স ও ২১৬০টি ক্রিমিনাশক ট্যাবলেট প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পাধীনে ০১জন মহিষ এ/আই কর্মীর মাধ্যমে শ্রীমঙ্গল উপজেলার সমুদয় গাভী মহিষের কৃত্রিম প্রজনন কাজ বিনামূল্যে সেবাদান কার্যক্রম শুরু হয়েছে। উল্লেখ্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (গাড়ী) এর মাধ্যমে বিগত মাসে উপজেলার দূরবর্তী অঞ্চলসমূহের আরো ৪২জন সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে। মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (গাড়ী) রাখার জন্য ২০২২-২৩ সালের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প হতে গাড়ী রাখার গ্যারেজ নির্মাণ করে দেয়ার অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সভায় চেয়ারম্যান, কালাপুর ইউপি বলেন, আগামী মাসিক সভায় কোন ইউনিয়নে কতজন সেবাগ্রহীতাকে প্রশিক্ষণ প্রদান এবং কতগুলো গরু ও হাঁস মুরগীকে প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে তার তালিকা ইউনিয়ন ওয়ারী উপস্থাপনের অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্তঃ আগামী মাসিক সভায় কোন ইউনিয়নে কতজন সেবাগ্রহীতাকে প্রশিক্ষণ প্রদান এবং কতগুলো গরু ও হাঁস মুরগীকে প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে তার তালিকা ইউনিয়ন ওয়ারী উপস্থাপনের জন্য প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, হাওরে এখন মাছ ধরার মৌসুম চলছে। হাওর শুকিয়ে যাচ্ছে, অবৈধ জাল ব্যবহার করে যেন মাছ না ধরা হয় সেই বিষয়ে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম যেমন মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান, প্রশিক্ষণ প্রদান, মাটি-পানি পরীক্ষা প্রভৃতি কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ হাওর শুকিয়ে যাওয়ায় অবৈধ জাল ব্যবহার কেউ যেন করতে না পারে সেজন্য মোবাইল কোর্ট কার্যক্রম জোরদারকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পিআইসি কার্যক্রম চলমান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ প্রকল্প কাজের গুণগতমান নিশ্চিতকরণ, প্রকল্পের কাজ শুরু হওয়ার আগে একটি ছবি এবং প্রকল্প কাজ শেষ হওয়ার ছবি বাধ্যতামূলকভাবে রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, ডিসেম্বর/২২ইং মাসে শ্রীমঙ্গল উপজেলার সক্ষম দম্পত্তির সংখ্যা ৬৫,৮৭৩ মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৫০৯৬৮ এবং পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ৭৭.৩৭% ছিল। তিনি আরও জানান এ মাসে ১৭টি স্থায়ী ( পুরুষ-০১টি এবং মহিলা ১৬টি) পদ্ধতি, ৩২টি আই.ইউ.ডি এবং ১৮৮টি ইমপ্ল্যান্ট হয়েছে। ডিসেম্বর/২২ইং মাসে শ্রীমঙ্গল উপজেলায় মোট গর্ভবতী মহিলা ছিল ২৪২৪ জন এবং পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন () সেবা কেন্দ্রের মাধ্যমে ৪১২জনকে প্রসব পূর্ব সেবা (এএনসি) সেবা, ৩জনকে প্রসব সেবা, ১৯০জনকে প্রসবোত্তর (পিএনসি) সেবা ৯৮৯জন শিশুকে স্বাস্থ্যসেবা এবং ২৮৪৭জন সাধারণ রোগীকে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প.প. কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, ভিক্ষুক পুর্নবাসনের জন্য শ্রীমঙ্গল উপজেলায় ৩.০০ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গেছে। ভিক্ষুক পুর্নবাসনের একটি কমিটি রয়েছে কমিটিতে সম্মানিত উপজেলা পরিষদ চেয়ারম্যান উপদেষ্টা, উপজেলা নির্বাহী অফিসার সভাপতি, ভাইসগণ, ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানগণ ও সকল দপ্তরের প্রধানগণ কমিটিতে অন্তর্ভুক্ত আছেন।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বরাদ্দকৃত অর্থ বন্টনের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন প্রকল্পে কতগুলো ঘরের কাজ চলমান আছে এবং কতগুলো ঘরের কাজ হয়নি তা সভাকে অবহিত করার অনুরোধ জানান।<br><br>সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, ৩৩টি ঘরের মধ্যে ৫টি'র কাজ চলমান আছে। বাকি ঘরগুলো কাজ অচিরেই শুরু করা হবে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সিদ্ধান্তঃ ১। আলোচনান্তে আগামীতে একটি সভা আহবান করে ভিক্ষুক পুর্নবাসন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। সভায় মির্জাপুর ইউপি ০১টি, সিন্দুরখান ০৩টি, কালাপুর ০৩টি, আশিদ্রোণ ০১টি, কালিঘাট ০৫টি, সাতগাঁও ০২টি, অবশিষ্ট ঘরগুলোর কাজ চেয়ারম্যান উপজেলা পরিষদসহ আগামী ০১মাসের মধ্যে আরম্ভ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, ২০১৫-১৭ সালে কর্মরতঅত্র উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব মোশাররফ হোসেন গত ১১/০১/২০২৩খ্রিঃ তারিখ ইন্তেকাল করেন। (ইন্না.................রাজিউন)। এছাড়া ২০২৩ সনে প্রাপ্ত নতুন পাঠ্য বই ১ জানুয়ারিতে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়। শিক্ষক বদলী সফটওয়্যারে অনলাইনে বদলী কার্যক্রম গত ১১/০১/২০২৩ তারিখে উপজেলা পর্যায়ে সম্পন্ন হয়েছে। শূন্যপদে শিক্ষক নিয়োগ চলমান আছে।<br>সিদ্ধান্তঃ জনাব মোশাররফ হোসেনের, সাবেক উপজেলা শিক্ষা কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর অকাল মৃত্যুতে উপজেলা পরিষদ শ্রীমঙ্গল এর পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, জাতীয় শিক্ষা কার্যক্রম-২০২২ বিষয়ক প্রশিক্ষণ সারাদেশের ন্যায় বিগত ০৬/০১/২০২৩ তারিখ হতে ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয়, শ্রীমঙ্গলে অনুষ্ঠিত হচ্ছে। বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রাপ্তির হার ৬০% (প্রায়) এবং বই প্রাপ্তি চলমান। সরকারি নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি কার্যক্রম চলমান আছে। ৫১তম শীতকালীন খেলাধুলা সম্পন্ন হয়েছে। এজন্য প্রতি বছরের ন্যায় এবারও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদানের জন্য অনুরোধ জ্ঞাপন করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের শিক্ষা, সংস্কৃতি ও খেলাধুলা খাত হতে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা হিসাব রক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় গর্ভবতী উপকারভোগীর ইউপি পর্যায়ে শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রতি মাসের ১-২০ তারিখের মধ্যে এন্টি করার জন্য সদর কার্যালয় থেকে প্রতি ইউপির উপকারভোগীদের বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রত্যেক ইউপি থেকে সদর কার্যালয়ের বরাদ্দ কপি ও উপকারভোগী নির্বাচনের শর্তাবলীসহ চিঠি প্রেরণ করা হইয়াছে। জরুরী ভিত্তিতে ১৫ তারিখের মধ্যে অনলাইনে ডাটা এন্ট্রি করানোর ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, এ মাস পর্যন্ত সর্বমোট ১৫৬টি নিবন্ধিত সমবায় সমিতি রয়েছে। সমবায় সমিতিসমূহের অডিট কার্যক্রম, ভ্রাম্যমান প্রশিক্ষণ, সমবায় প্রতিষ্ঠান, বিভিন্ন ট্রেড প্রশিক্ষণ প্রদান লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয়েছে। চলতি মাস পর্যন্ত সরকারি রাজস্ব বাবদ মং-১,১৩,৮৫০/- পরিশোধ করা হয়েছে। সমবায় উন্নয়ন তহবিল মং-৮৩,৫৯২/- টাকা পরিশোধ করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় নব যোগদানকৃত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জনাব দিপক চন্দ্র মন্ডল সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, ওএমএসএর চাল শ্রীমঙ্গল খাদ্য গুদামে এসেছে কিন্তু এগুলো মান খুবই খারাপ। তিনি চেয়ারম্যান উপজেলা পরিষদ মহোদয়কে সাথে নিয়ে ভাল মানের চাল গুলো সনাক্ত করেন এবং খাওয়ার অনুপযোগী চালগুলো ফেরত প্রদান করেন। শ্রীমঙ্গল উপজেলায় সবসময় কোয়ালিটি সম্পন্ন চাল প্রক্রিয়াজাত করে গুদামে সংরক্ষণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানান। এছাড়া আরেকটি প্রস্তাব করেন, মন্ত্রিপরিষদ বিভাগের সচিব মহোদয় শ্রীমঙ্গলে সফরে এসেছিলেন। সফর কালে তিনি বলেন, এখন প্রায়ই দেখা যায়, চালের মিল গুলোতে চাল কেটে চিকন চাল করা হচ্ছে, চাল চিকন করার ফলে চালের গুণগত মান কমে যাচ্ছে।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, ভূনবীর ইউনিয়নে রুশনী নামক একটি মানসম্মত চাল সরবরাহকারী প্রতিষ্ঠান রয়েছে। উক্ত প্রতিষ্ঠান হতে চাল সংগ্রহ করা হলে চালের সঠিকতা ও মান বজায় থাকবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br><br>সিদ্ধান্তঃ চাল কাটার ফলে চালের গুণগত মান কমে যাচ্ছে। চালের মিলগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| তথ্য আপা | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তথ্য আপা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | ইউজিডিপি প্রকল্পের ইউডিএফ বলেন, পিএ-৬ এ্যাসেসমেন্ট এর প্রয়োজনীয় ডকুমেন্ট ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে এবং এ্যাসেসমেন্ট কার্যক্রম সমাপ্ত হয়েছে। ৪র্থ পর্যায়ের আইএনএফ বিল অনুমোদিত হয়েছে। ৫ম পর্যায়ের সিডি চলমান আছে এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউডিএফ (জাইকা) |
| চেয়ারম্যান কালিঘাট ইউপি | সভায় চেয়ারম্যান কালিঘাট ইউপি প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের দৃষ্টি আকর্ষন করে বলেন, বিভিন্ন এনজিও প্রতিষ্ঠান আছে যারা প্রাথমিক স্কুলে ঝড়ে পড়া শিক্ষার্থীদের শিক্ষা দান করে থাকেন। কিন্তু অনেকাংশে দেখা যায় এনজিও থেকে যারা পিএসসি পাশ করে তাদের বয়স ১৩ বছর হয়ে যায় সেক্ষেত্রে মাধ্যমিক স্কুলে তাদেরকে ভর্তি করা হয় না। সেক্ষেত্রে কি করণীয় আছে তিনি জানতে চান। | চেয়ারম্যান কালিঘাট ইউপি |
| চেয়ারম্যান সিন্দুরখান | রাস্তার উপর পার্কিং আমাদের একটি বড় সমস্যা। রাস্তার উপর পার্কিং করার কারণে যানজটের সৃষ্টি হয়। তিনি স্থায়ীভাবে বাস টার্মিনাল করার অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্তঃ খাস জায়গা পাওয়া গেলে বাস টার্মিনাল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | চেয়ারম্যান সিন্দুরখান |
| চেয়ারম্যান মির্জাপুর | সভায় চেয়ারম্যান, মির্জাপুর ইউপি বলেন, জায়গা জমি বিক্রি করার জন্য হোল্ডিং ট্যাক্স প্রয়োজন হয়। কিন্তু সাব রেজিষ্ট্রার অফিস হতে জায়গা রেজিষ্ট্রারকরণের সময়ে হোল্ডিং ট্যাক্স অন্তর্ভুক্ত থাকে না। তিনি বলেন, জায়গা রেজিষ্ট্রারীকরণের সময় হোল্ডিং ট্যাক্স জমা রাখার অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ জায়গা বিক্রয়ের ক্ষেত্রে হোল্ডিং ট্যাক্স বাধ্যতামূলক করার জন্য সাবরেজিষ্ট্রারকে পত্র প্রদান করা হবে। | চেয়ারম্যান মির্জাপুর |
| বিবিধ ০১ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তি অনুদান প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর সুপারিশের ভিত্তিতে ০১ জন ব্যক্তির অনুকুলে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।<br><br>ক্র.নং: ০১ \| আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম: জনাব মোঃ আঃ খালেক, গ্রাম: দুর্গানগর, শ্রীমঙ্গল, মৌঃবাজার \| অনুদান প্রদানের কারণ: মাথার হাড় ভেঙ্গে যাওয়ায় চিকিৎসা করানোর জন্য আর্থিক সহায়তা প্রদান। \| খাতের নাম: অনুদান খাত \| টাকার পরিমাণ: ২০০০/- | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, আগামী সভায় কি নিয়ে আলোচনা হবে তার আলোচ্যসূচি ও বিষয়বস্তু (ইউপি চেয়ারম্যান ও বিভাগীয় কর্মকর্তাগণ) লিখে আনার জন্য অনুরোধ জানান। প্রত্যেকের আলোচ্যসূচি অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০২/২০২৩

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.২৭.৩৩ তারিখ: ০৭/০২/২০২৩

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা.............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান.............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম.............................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।..............................................................।

৭/২/২৩

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, ফেব্রুয়ারি ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | ঃ ১৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ বেলা ১২.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্যানেটারীজনিত একটি সমস্যা রয়েছে। স্যানেটারীর কাজ শুরু হওয়ার কথা ছিল কিন্তু এখনও কাজ শুরু হয়নি। হাসপাতাল এলাকায় ট্রান্সফরমার চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এছাড়া যারা করোনার ৩য় ডোজ গ্রহণ করেছেন সেটি ৪র্থ ডোজ হিসেবে বিবেচিত হবে।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, করোনার টিকা নিতে আসা মহিলাদেরকে আলাদা কক্ষে টিকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার প্রতিনিধি বলেন, করোনার টিকা গ্রহণ করতে আসা মহিলাদেরকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ২১নং কক্ষে আলাদা করে করোনার টিকা প্রদান করা হচ্ছে।<br><br>সভায় চেয়ারম্যান, ১নং মির্জাপুর ইউপি বলেন, মির্জাপুরে একটি হাসপাতাল রয়েছে এই হাসপাতালে ০১জন মহিলা চিকিৎসক কর্মরত আছে তিনি সপ্তাহে ৩দিন মির্জাপুর ইউনিয়নে এবং ২দিন ভুনবীর ইউনিয়নে অবস্থান করে থাকেন। হাসপাতালের ঔষধপত্র সহ যাবতীয় জিনিসপত্র অরক্ষিত থাকে। হাসপাতাল দেখাশুনার জন্য কোন নাইট গার্ড আছে কিনা।<br><br>সিদ্ধান্তঃ ১। আগামী জেলা সমন্বয় সভায় লইয়রকুল কমিউনিটি ক্লিনিক ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে অবস্থানরত সেফটি ট্যাংকি মেরামতকরণের বিষয় সম্পর্কে অবহিতকরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে নাইট গার্ড নিয়োগ প্রদান করা হয়েছে কিনা তার তথ্য আগামী সভার পূর্বেই উপস্থাপনের জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কৃষি সম্প্রসারণ কর্মকর্তা বলেন, কৃষি বিভাগের সকল কার্যক্রম চলমান আছে। বোরো ধানের আবাদ প্রায় ১০৮৫২ হেক্টর, সরিষা ৪০ হেক্টর বর্তমানে কর্তন যোগ্য, গম ৭০ হেক্টর এবং ভুট্টা ৬০ হেক্টর জমিতে চাষ করা হচ্ছে। তিনি বলেন, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে কৃষিখাতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা প্রকল্প গ্রহণ করা হয়। এই প্রকল্পে কৃষিজমি চাষাবাদের জন্য বিভিন্ন ইউনিয়নে পানির পাম্প ও পাইপ প্রদান করা হয়েছিল। এই যন্ত্রগুলো কৃষকরা পাওয়ার ফলে প্রায় ১০০০ হেক্টর বেশি জমি ধান চাষের আওতায় আনা হয়েছে। তিনি সম্মানীত চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জানান। মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প মাজদিহিতে প্রায় ৫০টি পুষ্টি বাগান করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া শ্রীমঙ্গল ইউনিয়নের ভুরভুরিয়াতে ০১টি স্লুইচ গেট নির্মাণ করা হলে উত্তর-উত্তরসুর, রূপসপুর, ভাড়াউড়া, ইছবপুর এলাকার ১০০০ কৃষক প্রকৃত হবে।<br><br>এছাড়া মতিগঞ্জ এলাকায় লাংলীয়া ছড়ার উপর স্থাপিত রাবার ড্যাম হঠাৎ করে ফেটে যাওয়ায় রাবার ড্যামের আওতাধীন কৃষকদের সাময়িক সেচ সমস্যা দেখা দেয়। উপজেলা প্রশাসনের আন্তরিক সহযোগিতায় এলজিইডি দ্রুতগতিতে রাবার ড্যাম মেরামতের পদক্ষেপ গ্রহণ করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল বলেন, গত কয়েকদিন পূর্বে বিএডিসি কর্মকর্তাকে ভুরভুরিয়ায় অবস্থিত বাঁধটি দেখানো হয়েছে। তিনি বলেন, প্রতিবছর ভুরভুরিয়াছড়াতে মাটি বাঁধ নির্মাণের জন্য উপজেলা | উপ: কৃষি কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | পরিষদ ও ইউনিয়ন পরিষদের তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদান করে হয়ে থাকে।<br><br>সিদ্ধান্তঃ কালাপুর ইউনিয়নের মাজদিহি আশ্রয়ণ প্রকল্পে পুষ্টিবাগান প্রকল্পের কাজ দ্রুততারসহিত বাস্তবায়নের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ০২ বছর যাবত প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়ে আসছে। তারই ধারাবাহিকতায় আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২৩ অনুষ্ঠিত হবে। প্রাণিসম্পদ প্রদর্শনী মেলায় সম্মানীত জনপ্রতিনিধিগণ ও অফিসারবৃন্দকে উপস্থিত থাকার বিশেষ অনুরোধভাবে জানান।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, অনেক সময় ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানগণ দাওয়াত পান না। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণযাতে দাওয়াত পান, বিশেষ করে দু'তিন আগে। কারণ চেয়ারম্যানগণ সবসময় ব্যস্ত থাকেন।<br><br>সিদ্ধান্তঃ আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রাণিসম্পদ প্রদর্শনী মেলার দাওয়াতপত্র সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুষ্ঠান শুরুর ০২ পূর্বে পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, বাইক্কা বিলে এখন সুষ্ক মৌসুম চলছে। গত মাসে সহকারী কমিশনার (ভূমি) মহোদয়কে নিয়ে ০৪টি অভিযান পরিচালনা করা হয়েছে। হাওরের চারদিক শুকিয়ে আসছে হাওরের সীমানা নির্ধারণ করা খুবই প্রয়োজন। সীমানা নির্ধারণে কোন ধরনের বরাদ্দ নেই তবে একটি ফান্ড আছে ফান্ডের টাকা ব্যবহারের জন্য একটি সভা আহবান করে ব্যয় মেটানো সম্ভব।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, আগামী মাসিক সভার আগে বাইক্কা বিলের সীমানা নির্ধারণ করা হবে।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, বাইক্কা বিল এবং বাইক্কা বিলের কাড়া তারপর খাস জমি, এই খাসজমি গুলো আমাদের বাইক্কা বিলের আওতায় দখলে আনতে হবে নতুবা বাইক্কা বিলের প্রবেশদ্বার বন্ধ। বাইক্কা বিলের প্রবেশদ্বারে খাকিজাল দিয়ে অবৈধভাবে মাছ আহরন করা হচ্ছে। বাইক্কা বিলের গভীরতা দিন দিন কমে যাচ্ছে। জরুরী ভিত্তিতে বাইক্কা বিলের সীমানা নির্ধারণ করা উচিত। এছাড়া বাইক্কা বিলের সাথে বিয়াই খাড়া বিল যাতে যুক্ত না করা হয়।<br>সভায় চেয়ারম্যান, মির্জাপুর ইউপি বলেন, মির্জাপুরের হাওর ধ্বংস হয়ে যাচ্ছে যে, অবৈধ মাছ ব্যবসায়ীরা বিশেষ ধরনের মেডিসিন ব্যবহার করে অন্যের মাছ নিয়ে আসে। তাদেরকে যেন বিচারের আওতায় আনা হয়। বিচারের আওতায় আনা না হলে ছোট ছোট মাছ ব্যবসায়ীরা নিঃস্ব যাবে।<br><br>সিদ্ধান্তঃ ১। হাওর শুকিয়ে যাওয়ায় অবৈধ জাল ব্যবহার কেউ যেন করতে না পারে সেজন্য মোবাইল কোর্ট কার্যক্রম জোরদারকরণ এবং আগামী মাসের মাসিক সভার পূর্বেই বাইক্কা বিলে সীমানা নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। মির্জাপুর ইউনিয়নের হাইল হাওর পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন। অচিরেই টেন্ডার প্রক্রিয়া ১০০% সম্পন্ন করা হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ প্রকল্প কাজের গুণগতমান নিশ্চিতকরণ, প্রকল্পের কাজ শুরু হওয়ার আগে একটি ছবি এবং প্রকল্প কাজ শেষ হওয়ার ছবি বাধ্যতামূলকভাবে রাখা এবং টেন্ডার প্রক্রিয়া দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প:প: কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় এককালীন আর্থিক সহায়তা ২০২২-২৩ অর্থবছরে ১৭৮৮ জন বৃদ্ধি করা হয়েছে। অর্থাৎ গত ২১-২২ অর্থবছরে বরাদ্দ ছিল ৮৮৬২, এবছর তা মোট বরাদ্দের সংখ্যা ১০৬৫০ জন। বাগান থেকে জাতীয় পরিচয়পত্রসহ তালিকা সংগ্রহ করে এমআইএস করে তাদের এককালীন অর্থ বিতরণ করা হবে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ তাগিদ দিয়ে বাগান থেকে তালিকা সংগ্রহ করার আহবান জানান।<br>সভায় চেয়ারম্যান, কালিঘাট ইউপি বলেন, বাগানের শ্রমিকদের মধ্যে স্থায়ী শ্রমিকরা তুলনামূলক স্বচ্ছল কিন্তু অস্থায়ী শ্রমিকরা অস্বচ্ছল হওয়ার দরুণ প্রফিডেন্ট ফান্ড (পিএফ) না থাকায় অস্থায়ী শ্রমিকরা সুবিধা পাচ্ছে না। | সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, চা বাগানের শ্রমিক যাদের প্রফিডেন্ট ফান্ড (পিএফ) আছে তাদের সম্পূর্ণ বিষয় দেখবে বাগান আর যাদের প্রফিডেন্ট ফান্ড (পিএফ) নাই তাদের দেখবে সরকার।<br>সিদ্ধান্তঃ ১। সভায় বিস্তারিত আলোচনান্তে অস্থায়ী শ্রমিকরা যাতে এ সুবিধা গ্রহণ করতে পারে এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। ইউপি চেয়ারম্যান বাগান কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে অবিলম্বে তালিকা সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, নবনিযুক্ত ৭২জন সহকারী শিক্ষক যোগদান করেছেন গত ২৪/০১/২০২৩খ্রিঃ তারিখে ৬৬টি স্কুলে। অফিসে জনবল সংকটের কারণে সেবা প্রদানে অধিকাংশ ক্ষেত্রে বিলম্ব হতে। এছাড়া শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, খাইছড়া ও সোনাছড়া প্রাথমিক বিদ্যালয় এখনও সরকারীকরণ হয়নি। স্কুলগুলো সরকারীকরণের জন্য কাগজপত্র কি অবস্থায় আছে তা দেখার জন্য অনুরোধ করেন।<br>সিদ্ধান্তঃ সোনাছড়া ও খাইছড়া প্রাথমিক বিদ্যালয়ের ফাইল নতুন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা হিসাব রক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসের ভিডব্লিউবি উপকারভোগীদের খাদ্য বরাদ্দ প্রস্তুত করা হয়েছে। সপ্তাহের যে কোন দিনে খাদ্য বিতরণ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগীর ডাটাএন্ট্রি অনলাইন চলছে ইউনিয়ন ও পৌরসভার উদ্যোক্তাদের মাধ্যমে। কিশোর কিশোরী ক্লাবের সম্মেলন সকলের সহযোগিতায় সুন্দরভাবে মাননীয় সংসদ সদস্যের মহোদয়ের উপস্থিতিতে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগীর ডাটাএন্ট্রি অনলাইন কার্যক্রম ইউনিয়ন ও পৌরসভার উদ্যোক্তাগণ নির্ভুল ও সঠিকভাবে করছেন কিনা তা তদারকির করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, জানুয়ারি ২০২৩ মাসে আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১,১৮,৪৫০/- টাকা, আদায়কৃত ১১৩৫০০/- টাকা, চলমান আদায়ের হার ৯৫.৮২%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫.২৭%। কিস্তি খেলাপী আদায় নাই। ঋণ খেলাপী আদায় ১৪৫৫০/-। চলতি মাসে ঋণ বিতরণ ২৭০০০০/- টাকা। পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য ১১৫২০০/- টাকা। চলমান আদায়ের হার ১০০%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৮.৮৫%। কিস্তি খেলাপী আদায় ২৫৬০০/- টাকা। ঋণ খেলাপী আদায় ৫৪০/- টাকা। চলতি মাসে ঋণ বিতরণ নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৮০.৯০%। চলতি মাসে বিতরণ নাই। এছাড়া বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, ভূনবীর ইউনিয়নের রোশনী নামক চাল সরবরাহকারী একটি বড় প্রতিষ্ঠান রয়েছে। প্রতিষ্ঠানটি পরিদর্শনকালে দেখা যায় এখানে কোন ধরনের চাল ছোট করার কোন মেশিন নেই। এই মিলের চালের গুণগত মান খুবই উন্নত। এছাড়া ওএমএস কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খাদ্যবান্ধব কর্মসূচির কার্যক্রম আগামী মার্চ/২৩ সাল হতে শুরু হবে। এছাড়া খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ চালের মিলগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| তথ্য আপা | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তথ্য আপা |
| উপজেলা | ইউজিডিপি প্রকল্পের ইউডিএফ বলেন, পিএ-৬ এ্যাসেসমেন্ট এর প্রয়োজনীয় ডকুমেন্ট ওয়েবপোর্টালে আপলোড | ইউডিএফ |

| | | |
|---|---|---|
| পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | হয়েছে এবং এ্যাসেসমেন্ট কার্যক্রম সমাপ্ত হয়েছে। ৪র্থ পর্যায়ের আইএনএফ বিল অনুমোদিত হয়েছে। ৫ম পর্যায়ের সিডি চলমান আছে এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (জাইকা) |
| বিবিধ ০১ | সভায় চেয়ারম্যান, সিন্দুরখান ইউপি বলেন, শ্রীমঙ্গল উপজেলায় বৃষ্টিপাত না হওয়াতে রাবার ড্যামের পানি কমে যাওয়ায় ভূনবীর ইউনিয়ন ও শ্রীমঙ্গল ইউনিয়নের কৃষকবৃন্দের পানির চাহিদার পরিপ্রেক্ষিতে লাংলিয়াছড়া হইতে পানি আনার জন্য লাংলিয়াছড়া সুইচ গেইটে এক কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছিল উক্ত সভায় সম্মানীত উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপস্থিত ছিলেন। তিনি বলেন, লাংলিয়াছড়া সুইচ গেইটের পানি কৃষকদের ব্যবহার করার পর অতিরিক্ত পানি ছড়াতে দেওয়ার জন্য সুইচ গেইটের উপর দিয়ে পাইপ ফিটিং করে অতিরিক্ত পানি ছড়াতে প্রদান করলে আশিদ্রোণ, ভূনবীর ইউনিয়ন ও শ্রীমঙ্গল ইউনিয়নের কৃষকদের ফসলি জমি চাষাবাদে পানির সমস্যা আংশিক সমাধান হবে। তাই লাংলিয়াছড়া, কামারপাড়া, জামসী সুইচ গেইটের পানির সমস্যা সমাধানে উপজেলা পরিষদ হতে ২০০ ফুট পাইপ ক্রয় করে দেয়ার জন্য প্রস্তাব করেন। সভায় প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, পানির অভাবে কৃষকরা যাতে কোনভাবেই ক্ষতির সম্মুখীন না হয়। সেজন্য কৃষকদেরকে পানি সমস্যা সমাধানে এই সভার মাধ্যমে পাইপ ক্রয় করে দেয়ার জন্য সকলের সম্মতি জ্ঞাপন করেন।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, বর্তমান সরকার কৃষিবান্ধব সরকার তাই কৃষকদের দুঃখদুরীকরণে আমরা সবসময় সক্রিয়। তিনি এই প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।<br>সিদ্ধান্তঃ লাংলিয়াছড়া, কামারপাড়া, জামসী সুইচ গেইটের পানির সমস্যা সমাধানে ২০০ফুট পানির পাইপ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ক্রয়ের সিদ্ধান্তটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ: ২ | <u>চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ এর ভ্রমণ ভাতা ঃ</u> চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ এর জানুয়ারি হতে ফেব্রুয়ারি, ২০২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়নের উন্নয়নমূলক কার্যক্রম দর্শন করায় বিল পাওয়ার জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন।<br>**সিদ্ধান্ত:** চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ এর জানুয়ারি ও ফেব্রুয়ারি/২৩ মাসের দাখিলকৃত ভ্রমণ ভাতা বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| বিবিধ ০৩ | সভায় মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, আমাদের ব্যবহৃত কক্ষটি সংস্কার করা খুবই প্রয়োজন। ছাদ ও সাইডের ওয়ালের প্লাষ্টারগুলো খসে পড়ছে, এছাড়া একটি ওয়ালে প্লাইউড দিয়ে ডিজাইন করা। প্লাইডে পানিতে পড়ে ফুলে বাকা হয়ে যাওয়া যে কোন সময় সেবাগ্রহণ করতে আসা সেবাগ্রহিতাদের উপর পড়ার সম্ভাবনা রয়েছে। তাই কক্ষটি সংস্কার করার জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন।<br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ খাত হতে কক্ষ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.২৭.৬৪ তারিখ: ০৭/০৩/২০২৩

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা.............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম.................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।.............................................................।

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, মার্চ ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১৩ মার্চ ২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, কৃষি বিভাগের সকল কার্যক্রম চলমান আছে। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, বাইক্কা বিলে এখন সুস্ক মৌসুম চলছে। গত মাসে সহকারী কমিশনার (ভূমি) মহোদয়কে নিয়ে ০৪টি অভিযান পরিচালনা করা হয়েছে। হাওরের চারদিক শুকিয়ে যাচ্ছে হাওরের সীমানা নির্ধারণ করা খুবই প্রয়োজন।<br><br>সিদ্ধান্ত: ১। হাওর শুকিয়ে যাওয়ায় অবৈধ জাল ব্যবহার কেউ যেন করতে না পারে সেজন্য মোবাইল কোর্ট কার্যক্রম জোরদারকরণ এবং বাইক্কা বিলে সীমানা নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। ঠিকাদারগণকে অচিরেই তাদের কাজ বুঝিয়ে দেয়া হবে। এছাড়া বাইক্কা বিলে প্রতিনিয়ত দর্শনার্থীদের আগমন ঘটে থাকে। বাইক্কা বিলের সৌন্দর্য বৃদ্ধির জন্য রাস্তা পাশে বৃক্ষরোপন ও বাইক্কা বিলের গভীরতা কমে যাওয়ায় সীমানা নির্ধারণের জন্য একটি প্রকল্প প্রস্তাব প্রেরণ। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে বাইক্কা বিলে বৃক্ষ রোপন ও বাইক্কা বিলের সীমানা নির্ধারণের জন্য ১.০০ (এক লক্ষ) টাকার একটি প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প:প: কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | সমাজসেবা কর্মকর্তা ও ইউপি |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা হিসাব রক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| তথ্য আপা | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তথ্য আপা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর কার্যক্রম ভালভাবে চলছে। ৫ম পর্যায়ের সক্ষমতা উন্নয়ন কার্যক্রম সমাপ্ত হয়েছে এখন বিল ভাউচার সমন্বয় করে পিএমইউ তে পাঠাতে হবে। পাশাপাশি অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম চলমান আছে এবং উক্ত অবকাঠামোগত কাজ অতি দ্রুত শেষ করে বিল ভাউচার পিএমইউ তে পাঠাতে হবে।<br>সিদ্ধান্ত: "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম চলমানের বিল জরুরী ভিত্তিতে প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউডিএফ (জাইকা) |
| বিবিধ ০১ | চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ এর ভ্রমণ ভাতা ঃ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ এর মার্চ, ২০২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়নের উন্নয়নমূলক কার্যক্রম দর্শন করায় বিল পাওয়ার জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন।<br>**সিদ্ধান্ত:** চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ এর মার্চ/২৩ মাসের দাখিলকৃত ভ্রমণ ভাতা বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ: ২ | সভায় প্রশাসনিক কর্মকর্তা বলেন, তার কক্ষে ব্যবহৃত টেবিলের গ্লাসটি মধ্যখানে ভেঙ্গে গেছে। গ্লাসটি ভেঙ্গে যাওয়ায় সেবাগ্রহণ করতে আসা অনেকেই হাত কেটে গেছে। তাই নতুন একটি গ্লাস স্থাপনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গ্লাস ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | ঐ |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.২৭.০৬ তারিখ: ০৫/০৪/২০২৩

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা.........................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান.........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম.........................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।.........................................।

০৫.০৪.২৩

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, এপ্রিল ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১৩ এপ্রিল ২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় উপস্থিত বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি ও সাবেক চীফ হুইপ মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানকে যথাযথভাবে দপ্তরের কাজ বাস্তবায়ন ও সেবার মান বৃদ্ধি ও সেবা প্রত্যাশীগণ যেন কোন হয়রানীর শিকার না হয় তা নিশ্চিত করার আহবান জানান এবং উন্নয়নমূলক ও সেবা প্রদান মূলক কার্যক্রমের ক্ষেত্রে তাঁকে অবহিত রেখে কার্য সম্পন্ন করার জন্য বলেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, বর্তমানে রুদ্রের তাপ ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। তাপমাত্রা বৃদ্ধির পাওয়ায় হিটস্ট্রোকের মাত্রাও বেড়ে যাবে। হিটস্ট্রোটের কবল হতে রক্ষা পাওয়ার জন্য প্রচুর পরিমাণে পানি পান করতে হবে রুদ্রে বের হলে অবশ্যই ছাতার ব্যবহার এবং প্রচুর পরিমাণে শাকসবজি খাওয়ার অভ্যাস গড়ে তুলতে হবে। তাছাড়া বৃষ্টি হলে রাস্তাঘাট, ঘর বাড়ি ময়লা আবর্জনায় ভরে যায় এবং মশা ও সাপের আক্রমণ বৃদ্ধি পায়। তাই বাড়ির আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। মশার বাহিত রোগ হতে বাচার জন্য অবশ্যই মশারী ব্যবহার করতে হবে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাক্রমে আমাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বৈকালিক স্বাস্থ্যসেবা চালু হয়েছে। প্রতি রবিবার মেডিসিন ও গাইনী এবং বুধবার সার্জারী ও শিশুরোগ বিশেষজ্ঞ চিকিৎসক মাত্র ৩০০/- টাকায় চিকিৎসা সেবা প্রদান হাসপাতাল করে থাকেন। এছাড়া হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বৈকালিক চিকিৎসা সেবার মান যাতে আরো বৃদ্ধি পায় সেদিকে দৃষ্টি রাখার জন্য উপজেলা স্বাস্থ্য প:প: কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, শ্রীমঙ্গল উপজেলায় ধানক্ষেতে ব্লাষ্টের আক্রমণ দেখা যাচ্ছে। বিশেষ করে হাওরে বেসিন এলাকায় নেক ব্লাষ্টের আক্রমণ বেশি। আক্রান্ত এলাকার পরিমাণ প্রায় ৩০ হেক্টর, ব্লাষ্টের আক্রমণ হতে দমনকৃত জমির পরিমাণ ২০ হেক্টর। অবশিষ্ট ১০ হেক্টর জমিতে ব্লাষ্টের আক্রমণ এখন রয়েছে। তিনি বলেন, ব্রি-২৮ ধান চাষ, অনুকুল আবহাওয়া এবং ইউরিয়া সারের অতিরিক্ত ব্যবহারের জন্য ব্লাষ্টের আক্রমণ বৃদ্ধি পেয়েছে। ব্লাষ্ট দমনের জন্য কৃষকদের পরামর্শ সহায়তা, আক্রান্ত জমি পরিদর্শন ও ঔষধ প্রয়োগ পরামর্শের পাশাপাশি ক্ষতিগ্রস্থ কৃষকদের তালিকা প্রস্তুত করা হচ্ছে। এছাড়া সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পর আওতায় ০৫টি কম্বাইন, ৪টি রিপার এবং ১৭টি পাওয়ার থ্রেসার এর অনুমোদন পাওয়া গেছে। ভর্তুকীপ্রাপ্ত এসব যন্ত্রপাতি বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি, মহোদয়ের সম্মতি পাওয়া গেলে জরুরী ভিত্তিতে অতিদ্রুত কৃষকদের মাঝে খুব শীঘ্রই বিতরণ করা হবে। হাওরে ধান কাটা বিক্ষিপ্তভাবে শুরু হয়েছে। আগামী ২০এপ্রিল-২১ এপ্রিল থেকে ধান কাটা পুরোদমে শুরু হবে। রাসায়নিক সার এর দাম বৃদ্ধি পাওয়া সারের সংকট। সার সংকটে কোন নৈরাজ্য যাতে না হয় তার জন্য মনিটরিং জোরদার করা হয়েছে। এছাড়া কৃষি বিভাগের সকল কার্যক্রম চলমান আছে।<br>সিদ্ধান্তঃ সার সংকট মোকাবেলায় মনিটরিং জোরদার বৃদ্ধির জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, এলডিডিপি প্রকল্পের আওতায় চলতি মাসে ০৩টি গ্রামে পিজি গ্রুপের ফার্মারস ফিল্ড স্কুলে বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে পারিবারিক পুষ্টি এবং অভিযোগ নিষ্পত্তি কৌশল বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এতে ১৫০ জন খামারী অংশগ্রহণ করেছেন। এনএটিপি-২ প্রকল্পের আওতায় আরো ৫টি গ্রামভিত্তিক সিআইজি এলাকার কৃষকদের বিনামূল্যে গবাদিপশুর টিকা ও ০১টি গ্রামভিত্তিক সিআইজি এলাকার কৃষকদের কৃমিনাশক ট্যাবলেট প্রদান করা হয়েছে। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রানি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, বৈশাখ-জ্যৈষ্ঠ মাস দেশীয় প্রজাতির ছোট মাছগুলোর প্রজনন মৌসুম। এই সময় ডিমওয়ালা মা মাছ এবং রেনু পোনা নিধন বন্ধে তিনি সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ১। বৈশাখ-জ্যৈষ্ঠ মাস দেশীয় প্রজাতির ছোট মাছগুলোর প্রজনন মৌসুম। এই সময় ডিমওয়ালা মা মাছ এবং রেনু পোনা নিধন বন্ধে মোবাইল কোর্ট কার্যক্রম জোরদার বৃদ্ধি করার জন্য মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় টেন্ডার মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের কাজ প্রায় ৮০% চলমান আছে। এছাড়া উপজেলা উন্নয়ন পরিচালন প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় রাধানগরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। ঠিকাদার-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হবে। ক্ষুদ্র নৃগোষ্ঠী মাল্টিপারপাস ভবনে বিদ্যুৎ সংযোগ পাওয়া গেছে। বিদ্যুৎ সংযোগ বাবদ মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ ৫৪১১৫/- (চুয়ান্ন হাজার একশত পনের) টাকার বিল প্রদান করেছেন। উক্ত বিদ্যুৎ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান। তাছাড়া উপজেলা পরিষদের উত্তরা ভবন ২য় তলা, উপজেলা প্রশাসনিক ভবনের নিচতলার প্রত্যেকটি কক্ষের জানালা ও ৩য় শ্রেণির ডরমেটরীর অবস্থা খুবই নাজুক, দরজা, জানালা, ফ্যান, বৈদ্যুতিক লাইন এবং ছাদ ভেঙ্গে ভেঙ্গে খসে পড়ছে। ভবনগুলো সংস্কার করা খুবই প্রয়োজন।<br>সিদ্ধান্তঃ ১। উপজেলা উন্নয়ন পরিচালন প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় রাধানগরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ কাজের বিল প্রস্তুতপূর্বক প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা) কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার এর ৫৪১১৫/- (চুয়ান্ন হাজার একশত পনের) টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিবিধ খাতে হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। উপজেলা পরিষদের উত্তরা ভবন ২য় তলা, উপজেলা প্রশাসনিক ভবনের নিচতলার প্রত্যেকটি কক্ষের জানালা ও ৩য় শ্রেণির ডরমেটরী দরজা, জানালা, ফ্যান ও ছাদ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, পবিত্র রমজান উপলক্ষ্যে সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ আছে। বাংলা বিষয়ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ ইউআরসি কার্যালয়ে চলছে। উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বাংলা নববর্ষ উদযাপিত হবে এবং বাংলা নববর্ষ ১৪৩০ উপজেলা প্রস্তুতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভার সরকারী প্রাথমিক বিদ্যালয় গুলো মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণ করবে এবং ৯টি ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়গুলোর প্রতিটি ইউনিয়নে নববর্ষ কর্মসূচিতে অংশগ্রহণ করবে। এ বিষয়টি সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়কে অবহিত করা হয়েছে। এছাড়া শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, পবিত্র রমজান উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। নতুন শিক্ষা কার্যক্রম-২০২২-২৩ এর আওতায় প্রতিষ্ঠান প্রধানের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আগামী ৩০ এপ্রিল থেকে এস.এস.সি/দাখিল পরীক্ষা শুরু হবে। এ সংক্রান্ত প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান আছে। এছাড়া মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিডব্লিউ (ভিজিডি) উপকারভোগী দের সঞ্চয়ের ২২০/- টাকা (প্রতিজন প্রতিমাসে) জমা রাখার বিষয়ে বিভিন্ন বাহক/এজেন্ট ব্যাংকে রাখার বিষয়ে পত্র পাওয়া গিয়েছে। অত্র পত্রের আলোকে পছন্দ/সুবিধানুযায়ী ব্যাংক একাউন্ট খোলার বিষয়ে ইউপি চেয়ারম্যান মহোদয়ের সাথে যোগাযোগ করা হয়েছে। যেহেতু ৩/৪ মাসের সঞ্চয়ের টাকা উপকারভোগীদের জমা করেছে। তাই অতিদ্রুত ব্যাংক একাউন্ট উপকারভোগীদের নামে খোলার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানান। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, এ পর্যন্ত মোট সমিতির সংখ্যা ১৬৩টি। মার্চ/২৩ এ মোট ঋন আদায় ৮৬,২৩,৬৬৩/- এবং মার্চ/২০২৩ মাসে ঋণ বিতরণ ৮৩,০০,০০০/- টাকা। ২০২২-২৩ অর্থবছরে শাখার মোট লাভ হয়েছে ৬০০০০০/-। শাখার অন্যান্য সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন প্রজাতির গাছ রয়েছে। এরই মধ্যে কিছু গাছ মরে গেছে এবং কিছু গাছের মধ্যভাগে ভেঙ্গে পড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। গাছগুলো চিহ্নিত করে পরিমাপ ও মূল্য নির্ধারণ করার প্রয়োজন। মরা, ঝড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য গাছ চিহ্নিত করে গাছের পরিমাপ ও মূল্য নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রেঞ্জ বনকর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের অভ্যন্তরের মরে, ঝড়ে পড়া উপড়ে পড়া গাছগুলো চিহ্নিত করে পরিমাপ ও মূল্য নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য রেঞ্জ বন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, পৌরসভার ৪টি পৃথক স্থানে ওএমএস এ চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া শ্রীমঙ্গল উপজেলার ০৯টি ইউনিয়নে ২০জন ডিলারের মাধ্যমে ১৫/- টাকা কেজি দরে ৬৬০০জন উপকারভোগীদের মাঝে ৩ কেজি করে চাল বিতরণ করা হচ্ছে। বোরো সংগ্রহ ২০২৩ কার্যক্রম আগামী মে/২০২৩ মাস হতে শুরু হবে। লক্ষ্যমাত্রা পাওয়া গেলে সকলকে অবহিত করা হবে। এছাড়া খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ওএমএস এর চাল বিতরণে কোন ধরনের অনিয়ম যাতে না হয় সেদিকে নজরদারী বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর কার্যক্রম ভালো ভাবে এগিয়ে যাচ্ছে। পরে তিনি জানান, উক্ত প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ৫ম পর্যায়ের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প-এর কাজ শেষ হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদার-বিল প্রদানের জন্য আবেদন করেছেন। যা নিম্নোক্ত- | ইউডিএফ (জাইকা) |

| ক্র.নং | প্রকল্পের আইডি | প্রকল্পের নাম | টাকার পরিমান (ভাট ও আয়কর ব্যতিত) | টাকার পরিমান (ভাট ও আয়করসহ) |
|---|---|---|---|---|
| ১. | INF-২০২০-২১-৬০৫৮৮৩-০১ | শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ। | ৩৭,৪৯,৮০৮.০০ | ৪১,৮৯,৭৩০.০০ |

| | | |
|---|---|---|
| | পরে তিনি, উপরিউক্ত উপ-প্রকল্পের কাজ পরিদর্শন করে, কাজ সমাপ্তীকরণ সার্টিফিকেট প্রদানপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদার-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পাঠানোর অনুরোধ জানান।<br>সিদ্ধান্ত : উপ-প্রকল্পের কাজ পরিদর্শন করে, কাজ সমাপ্তীকরণ সার্টিফিকেট প্রদানপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদারগণ-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| বিবিধ<br>আলোচনা: ০১ | চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ এর ভ্রমণ ভাতা : চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ এর এপ্রিল, ২০২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়নের উন্নয়নমূলক কার্যক্রম দর্শন করায় বিল পাওয়ার জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন।<br>**সিদ্ধান্ত:** চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ এর এপ্রিল/২৩ মাসের দাখিলকৃত ভ্রমণ ভাতা বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ<br>আলোচনা: ২ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, ২০১৭ সালে উপজেলা পরিষদের অফিস ও আবাসিক এলাকায় ৪০টি গাছ কর্তনের নিমিত্ত রেঞ্জ বন কর্মকর্তা কর্তৃক খাড়া গাছের পরিমাপ পূর্বক প্রতিবেদন দাখিলের প্রেক্ষিতে উক্ত গাছ বিক্রয়ের নিমিত্ত ২৮/০৮/২০১৭ তারিখে গঠিত কমিটির সুপারিশের প্রেক্ষিতে ২১/০৮/২০১৭ তারিখে রেঞ্জ কর্মকর্তা কর্তৃক ৪,৯৮,১৩০/- টাকা মূল্য নির্ধারণ পূর্বক প্রতিবেদন দাখিল করেন। তৎপ্রেক্ষিতে ৪র্থ উপজেলা পরিষদের ১৪ সেপ্টেম্বর ২০১৭ মাসের মাসিক সভায় উক্ত গাছ নিলামে বিক্রয়ের প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয় বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। পরবর্তীতে ১৫/১০/২০১৭ তারিখে মৌলভীবাজার জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সভায় উক্ত গাছ অপসারণের প্রস্তাবটি অনুমোদিত হয়। পরবর্তীতে ১২/০২/২০১৮ তারিখের উপজেলা পরিষদের মাসিক সভায় বিধি মোতাবেক ৪০টি গাছ নিলামের বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হলেও উক্ত গাছ বিক্রির কার্যক্রম বাস্তবায়িত হয়নি। ইতোমধ্যে উক্ত মরা এবং বিনষ্টযোগ্য গাছগুলো আরও বেশি ঝুঁকিপূর্ণ হওয়ায় জরুরী ভিত্তিতে তা অপসারণের প্রয়োজন। এমতাবস্থায়, উপ-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৫/০৭/২০০৭খ্রি: তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪নং পরিপত্র মোতাবেক পুনরায় মূল্য নির্ধারণ পূর্বক বর্তমানে মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ চিহ্নিতক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন।<br>সিদ্ধান্ত: উক্ত বিষয়ে মতামত প্রদানের জন্য ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠিত হবে। কমিটির প্রতিবেদনের প্রেক্ষিতে উপ-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৫/০৭/২০০৭খ্রি: তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪নং পরিপত্র মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>কমিটি<br>১। উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীমঙ্গল............................আহবায়ক<br>২। রেঞ্জ কর্মকর্তা, শ্রীমঙ্গল..................................................সদস্য<br>৩। উপজেলা প্রকৌশলী, শ্রীমঙ্গল.........................................সদস্য | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল। |
| বিবিধ<br>আলোচনা: ৩ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলার দাপ্তরিক কাজের গতি আনয়নের জন্য একটি নতুন ফটোকপি মেশিন ক্রয় করা প্রয়োজন। অফিসে রক্ষিত পুরাতন ফটোকপি মেশিন নষ্ট হয়ে যাওয়া জরুরী কাগজপত্রাদি ফটোকপি করানোর জন্য অফিসের বাহিরে যেতে হয়। তাই নতুন একটি ফটোকপি মেশিন ক্রয়ের জন্য সভায় প্রস্তাব করেন।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বিবিধ খাত হতে নতুন ফটোকপি মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.২৭.১২

তারিখ: ০৩/০৫/২০২৩

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা...............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান...............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম.......................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।..........................................................................।

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, মে ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ২৪ মে ২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় উপস্থিত বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি ও সাবেক চীফ হুইপ মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানকে যথাযথভাবে দপ্তরের কাজ বাস্তবায়ন ও সেবার মান বৃদ্ধি ও সেবা প্রত্যাশীগণ যেন কোন হয়রানীর শিকার না হয় তা নিশ্চিত করার আহবান জানান এবং উন্নয়নমূলক ও সেবা প্রদান মূলক কার্যক্রমের ক্ষেত্রে তাঁকে অবহিত রেখে কার্য সম্পন্ন করার জন্য বলেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, বর্তমানে রুদ্রের তাপ ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। তাপমাত্রা বৃদ্ধির পাওয়ায় হিটস্ট্রোকের মাত্রাও বেড়ে যাবে। হিটস্ট্রোটের কবল হতে রক্ষা পাওয়ার জন্য প্রচুর পরিমাণে পানি পান করতে হবে রুদ্রে বের হলে অবশ্যই ছাতার ব্যবহার এবং প্রচুর পরিমাণে শাকসবজি খাওয়ার অভ্যাস গড়ে তুলতে হবে। তাছাড়া বাড়ির আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। মশার বাহিত রোগ হতে বাচার জন্য অবশ্যই মশারী ব্যবহার করতে হবে। এছাড়া হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বৈকালিক চিকিৎসা সেবার মান যাতে আরো বৃদ্ধি পায় সেদিকে দৃষ্টি রাখার জন্য উপজেলা স্বাস্থ্য প:প: কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | রাসায়নিক সার এর দাম বৃদ্ধি পাওয়া সারের সংকট। সার সংকটে কোন নৈরাজ্য যাতে না হয় তার জন্য মনিটরিং জোরদার করা হয়েছে। এছাড়া কৃষি বিভাগের সকল কার্যক্রম চলমান আছে।<br>সিদ্ধান্তঃ সার সংকট মোকাবেলায় মনিটরিং জোরদার বৃদ্ধির জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, এলডিডিপি প্রকল্পের আওতায় চলতি মাসে ০৩টি গ্রামে পিজি গ্রুপের ফার্মারস ফিল্ড স্কুলে বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে পারিবারিক পুষ্টি এবং অভিযোগ নিষ্পত্তি কৌশল বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এতে ১৫০ জন খামারী অংশগ্রহণ করেছেন। এনএটিপি-২ প্রকল্পের আওতায় আরো ৫টি গ্রামভিত্তিক সিআইজি এলাকার কৃষকদের বিনামূল্যে গবাদিপশুর টিকা ও ০১টি গ্রামভিত্তিক সিআইজি এলাকার কৃষকদের কৃমিনাশক টেবলেট প্রদান করা হয়েছে। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, প্রখর রৌদ্রের কারণে হাওরের পানি শুকিয়ে যাচ্ছে। জৈষ্ঠ মাসে দেশীয় প্রজাতির ছোট মাছগুলোর প্রজনন মৌসুম। এই সময় ডিমওয়ালা মা মাছ এবং রেনু পোনা নিধন বন্ধে তিনি সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ১। দেশীয় প্রজাতির ছোট মাছগুলোর প্রজনন মৌসুম। এই সময় ডিমওয়ালা মা মাছ এবং রেনু পোনা নিধন বন্ধে মোবাইল কোর্ট কার্যক্রম জোরদার বৃদ্ধি করার জন্য মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় টেন্ডার মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের কাজগুলো প্রায় সমাপ্তের মধ্যে অবস্থায় রয়েছে। এছাড়া উপজেলা উন্নয়ন পরিচালন প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় রাধানগরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। ঠিকাদার-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে অচিরেই বিল অনুমোদিত হয়ে চলে আসবে। ক্ষুদ্র নৃগোষ্ঠী মাল্টিপারপাস ভবনে বিদ্যুৎ সংযোগ পাওয়া গেছে। বিদ্যুৎ সংযোগ বাবদ মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ ৫৪,১১৫/- (চুয়ান্ন হাজার একশত পনের) টাকার বিল প্রদান | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| | করেছেন।<br>সিদ্ধান্তঃ ১। উপজেলা উন্নয়ন পরিচালন প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় রাধানগরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ কাজের বিল অনুমোদিত হয়ে আসলে ঠিকাদারের অনুকূলে চেক প্রস্তুত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার এর ৫৪১১৫/- (চুয়ান্ন হাজার একশত পনের) টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিবিধ খাতে হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর কার্যক্রম ভালো ভাবে এগিয়ে যাচ্ছে। পরে তিনি জানান, উক্ত প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ৫ম পর্যায়ের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প-এর কাজ শেষ হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদার-বিল প্রদানের জন্য প্রকল্প পরিচালক মহোদয়ের কার্যালয় হতে বিল প্রদানের পত্র পাওয়া গেছে।<br>সিদ্ধান্ত : ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ কাজের বিল ঠিকাদারের অনুকূলে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। | ইউডিএফ (জাইকা) |
| ২০২৩-২০২৪ সালের উপজেলা পরিষদের বাজেট সংক্রান্ত | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করা হয়েছে। তিনি সকলকে বাজেট আলোচনায় অংশগ্রহণের অনুরোধ জানান। তিনি জানান, বাজেটে ২০২৩-২০২৪ অর্থ বছরে সম্ভাব্য রাজস্ব আয়, রাজস্ব ব্যয় এবং রাজস্ব উদ্বৃত্ত নিরূপন পূর্বক রাজস্ব বাজেট নির্ধারণ করা হয়েছে। অপরদিকে সম্ভাব্য উন্নয়ন আয় এবং উন্নয়ন ব্যয় নিরূপন পূর্বক উন্নয়ন বাজেট নির্ধারণ করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট "খ" মোতাবেক ২০২৩-২০২৪ সালের বাজেট সভায় অনুমোদন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ভ্রমণ ভাতা সংক্রান্ত | চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ এর ভ্রমণ ভাতা ঃ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ এর মে, ২০২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়নের উন্নয়নমূলক কার্যক্রম দর্শন করায় বিল পাওয়ার জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন।<br>**সিদ্ধান্তঃ** চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ এর মে/২৩ মাসের দাখিলকৃত ভ্রমণ ভাতা বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, শ্রীমঙ্গল উপজেলার ০৬টি ইউনিয়নে গ্রাম পুলিশের (মহল্লাদার পদে নিয়োগ এবং দফাদার পদে পদোন্নতি) শূন্য পদ পূরণের নিমিত্ত ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৪.০২৬.২০-১৫৭নং স্মারকমূলে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। তদপ্রেক্ষিতে দফাদার ও মহল্লাদার এর ০৭টি শূন্য পদের বিপরীতে প্রাপ্ত আবেদনের মধ্যে যে সকল আবেদন সঠিক পাওয়া গিয়েছে তাহার শারীরিক পরীক্ষা গ্রহণ করা হয়। শারীরিক পরীক্ষা গ্রহণ শেষে বাচাই কমিটি কর্তৃক যাচাই সম্পন্নক্রমে কালাপুর এবং কালীঘাট ইউনিয়নে দফাদার পদে যথাক্রমে মো: শামীম মিয়া এবং স্বরূপ তাঁতীকে পদোন্নতির জন্য সুপারিশ করা হয়। অন্যদিকে আশিদ্রোণ,রাজঘাট, কালীঘাট এবং সাতগাঁও ইউনিয়নে যথাক্রমে সোয়াইব আহমেদ, পিয়া তাঁতী, কনিকা কানু এবং বিমল তন্তবাইকে মহল্লাদার পদে নিয়োগের সুপারিশ করা হয়। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশবাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৮ এর (৩) ধারা মোতাবেক সভায় উপস্থাপন করেন।<br>সিদ্ধান্তঃ উপস্থাপিত নিয়োগ সভায় অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.১৪ তারিখ: ০৬/০৬/২০২৩

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা........................................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান...................................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম...........................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।..........................................................।

০৮/০৬/২৩

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, জুন ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১২ জুন ২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, আগামী ১৮ জুন ২০২৩ তারিখে ২১৭টি কেন্দ্রে ৬-১১ মাস বয়সী শিশুদেরকে নীল রংয়ের ভিটামিন-এ ক্যাপসুল ও ১২-৫৯ মাস বয়সী শিশুদের লাল রংয়ের ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো হবে। ভিটামিন-এ ক্যাপসুল শিশুদের খাওয়ালে তাদের দৃষ্টি শক্তি বাড়ে, ডায়রিয়া, হামরোগে আক্রান্ত শিশুরা তাড়াতাড়ি সুস্থ হওয়ার সম্ভাবনা থাকে। তাছাড়া গত ৪ মাস আগে কোন শিশু ভিটামিন এ ক্যাপসুল খেয়ে থাকলে সেই শিশুটি যেন ভিটামিন-এ ক্যাপসুল না খায়। মশার কারণে ডেঙ্গু রোগ বিস্তার লাভ করতে পারে। মশাবাহিত রোগ যাতে বিস্তারলাভ করতে না পারে সেজন্য অবশ্যই আপনার বাড়ি চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঢাকা হতে কোন ডেঙ্গু রোগী আসলে তাকে বাসা/বাড়ির বাহিরে বের হতে দেয়া যাবে না, মশারীর ভিতরে থাকার পরামর্শ প্রদান করতে হবে। তিনি আরো বলেন, হাসপাতালে ডেঙ্গু রোগের টেস্ট মাত্র ১০০/- টাকা ও ম্যালেরিয়া রোগের টেস্ট বিনামূল্যে করা হচ্ছে। এছাড়া হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ আগামী ১৮ জুন ২০২৩ তারিখে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানোর জন্য প্রত্যেকটি ইউনিয়নের প্রত্যেকটি গ্রামের মসজিদে মাইকিংয়ের মাধ্যমে বিষয়টি সাধারণ জনগণকে জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ঢাকা হতে কোন ডেঙ্গু রোগী আসলে তাকে অবশ্যই বাড়ির বাহিরে যেতে দেয়া যাবে না এবং মশারীর ভিতরে থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, (১) ২০২৩ সালে আউশ আবাদের লক্ষ্যমাত্রা ১২২৩৭ হেক্টর এবং চাল উৎপাদন লক্ষ্যমাত্রা ৩৪২৬৪ মেঃটন। অদ্য ১২/০৬/২৩ তারিখ পর্যন্ত আউশ বীজতলা তৈরী করা হয়েছে ১০০০ হেক্টর এবং আউশ আবাদ হয়েছে ২১০০ হেক্টর মাত্র। অনাবৃষ্টি এবং তীব্র খরার কারণে আউশ ধান এবং অন্যান্য সবজি উৎপাদন ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। (২) খরিপ-২/২০২৩/২৪ মৌসুমে আমন ধানের (উফশী জাত) আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় ১১৫০জন কৃষককে ৫ কেজি বীজ ও ১০ কেজি ডিএপি এবং ১০ কেজি এমওপি স্যার বিনামূল্যে বিতরণ করা হবে। এই লক্ষ্যে বিভাজনের মাধ্যমে মির্জাপুর, ভূনবীর, শ্রীমঙ্গল, সিন্দুরখান, কালাপুর, আশিদ্রোণসহ মোট ০৬টি ইউনিয়নে ১৬৫জন করে, রাজঘাট ইউনিয়নে ৫০ জন ও কালীঘাট ইউনিয়নে ৬০ জন, সাতগাঁও ইউনিয়নে ৫০ জন সহমোট ১১৫০ জন কৃষক নির্বাচন করা হয়। (৩) শ্রীমঙ্গল উপজেলায় সরিষা চাষ করলে চাষীরা লাভবান হবে। সরিষা লাগানোর উৎকৃষ্ট সময় নভেম্বর মাস। (৪) অভিযোগ আছে শ্রীমঙ্গল উপজেলায় সার ডিলাররা সার বিক্রির কোন মেমো প্রদান করেন না। তাছাড়া উপজেলার প্রত্যেকটি ইউনিয়নের গ্রামগুলোতে জমির মালিকগণ মাটি বিক্রি করে থাকেন। মাটি বিক্রির ফলে জমির উর্বরতা কমে যায়, জমির উর্বরতা কমে যাওয়ায় কোন ফসলই ভাল হয় না। তাই জমির মাটি বিক্রি বন্ধ করার অনুরোধ জানান। এছাড়া কৃষি বিভাগের সকল কার্যক্রম চলমান আছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, দেড় কেজি সরিষা বীজ দিয়ে কতটুকু জমিতে আবাদ হয় এবং কতজন কৃষক সরিষা চাষ করতে আগ্রহী তা আগামী সভার পূর্বেই অবহিত করার অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্তঃ ১। সভায় আলোচিত বিষয় নিয়ে শ্রীমঙ্গল উপজেলার সকল সার ব্যবসায়ীদের নিয়ে একটি সভা আহবান করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপঃ কৃষি কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, আগামী ২৯জুন পবিত্র ঈদুল আযহা, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ৫টি মেডিকেল টিম কোরবানীর হাটে সার্বিক সহায়তা প্রদান করবে। সভায় চেয়ারম্যান কালাপুর ইউনিয়ন পরিষদ প্রাণি সম্পদ বিভাগ কর্তৃক বিভিন্ন ইউনিয়নের বিপরীতে বরাদ্দকৃত মুরগী ও গরুর বিভাজন নিয়ে আপত্তি উত্থাপন করেন। এ বিষয়ে প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, কালাপুর ইউনিয়নের ৩৪৩টি পরিবারের মধ্যে ২৮৯টি মুরগী, ৫৪টি বাছুর বিতরণ করা হয়েছে এবং সকলের উপস্থিতিতে বিভাজন করা হয়েছে। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ চেয়ারম্যান, কালাপুর ইউনিয়ন পরিষদ কর্তৃক বিভাজন নিয়ে উত্থাপিত আপত্তি তুলে নেয়ায় ইতিপূর্বে প্রদত্ত বিভাজন অনুযায়ী মালামাল বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের কাজগুলো প্রায় সমাপ্তের পথে রয়েছে। এছাড়া উপজেলা উন্নয়ন পরিচালন প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের তত্ত্বাবধানে রাধানগরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় ঠিকাদারের অনুকূলে বিল প্রদান করা হয়েছে।<br>সভায় উপজেলা প্রকৌশলী আরো বলেন, ২০২২-২৩ অর্থবছরের এডিপি প্রকল্পের আওতায় টেন্ডার কার্যক্রম হতে সাশ্রিত অর্থ দ্বারা চলিতাছড়া পুঞ্জিতে সিঁড়ি নির্মাণ প্রকল্প, প্রাক্কলিত মূল্য ১,৫৫,০৬০/- (এক লক্ষ পঞ্চান্ন হাজার ষাট) টাকা মাত্র তা বাস্তবায়নের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বর্ণিত প্রকল্পের কাজ প্রকল্প কমিটি মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>সিদ্ধান্তঃ ১। উপজেলা প্রকৌশলী ২০২২-২৩ অর্থবছরের এডিপি প্রকল্পের আওতায় টেন্ডার কার্যক্রম হতে সাশ্রিত অর্থ দ্বারা চলিতাছড়া পুঞ্জিতে সিঁড়ি নির্মাণ প্রকল্পের কাজ বিধিমতে প্রকল্প কমিটির মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করবেন। | উপজেলা প্রকৌশলী |
| শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, তীব্র তাপমাত্রা কারণে প্রাথমিক বিদ্যালয় গুলো বন্ধ ছিল। গত ৯জুন হতে স্কুলগুলো পুণরায় চালু হয়েছে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা গোল্ডকাপ টুর্নামেন্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বন্ধ রয়েছে। পরবর্তী নির্দেশনা আসলে পুনরায় ফুটবল খেলা অনুষ্ঠিত হবে। এছাড়া শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, করোনা মহামারীর কারণে প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষা কার্যক্রম দীর্ঘদিন বন্ধ থাকায় এবং বিদ্যালয় খোলার পরে অটোপাস কার্যক্রম বাস্তবায়নের ফলে শিক্ষার্থীদের মধ্যে সৃষ্ট দুর্বলতা দূরীকরণে ৩৯টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে নিয়ে একটি প্রশিক্ষণ কর্মসূচি চালু করা হয়েছে। এ প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা কিভাবে ভাল করে শিখতে এবং পড়তে পারবে সে বিষয়ে একটি সমন্বিত দিক নির্দেশনা প্রদান করা হবে। পাশাপাশি এ কর্মসূচির সফলতা নির্ণয়ের কার্যক্রম চলমান থাকবে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, ০৩টি স্কুলের জন্য ২.০০ লক্ষ করে বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত স্কুলের কার্যক্রম কমিটি ও প্রধান শিক্ষক দেখাশুনা করার অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী বলেন, যে সকল বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম চলমান আছে সে সকল বিদ্যালয়ে প্রাক্কলন ছাড়া বিল্ডিং এর কাজ করা হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। প্রাক্কলন ছাড়া কোন কাজ যেন না হয় এবং সিডিউল এর বাহিরে কোন কাজ হলে ঠিকাদার উক্ত কাজের বিল প্রাপ্তি থেকে বঞ্চিত হবেন। এছাড়া প্রধান শিক্ষক ও স্কুল কমিটি কি কি কাজ করাবেন তা যেন অবশ্যই উপজেলা প্রকৌশলীকে অবহিত করবেন।<br>সিদ্ধান্তঃ ১। স্কুলের কাজ শুরুর আগে উপজেলা প্রকৌশলীকে অবগত করা এবং কাজ শেষে উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রত্যয়ন গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। স্কুলের ছাত্র ছাত্রীরা যাতে করে ভালভাবে পড়াগুলো শিখতে ও লিখতে পারে পড়তে পারে তা নিয়মিত দেখাশুনা করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, ১১টি মাধ্যমিক বিদ্যালয়ে মেয়েদের জন্য স্যানেটারী কর্ণার স্থাপনের নিমিত্ত ৫.০০ লক্ষ টাকা করে বরাদ্দ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার পক্ষ থেকে ৫৩,৬০,৬০০জন শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বাবদ ১,১৯,৭১,১২০/- (এক কোটি উনিশ লক্ষ একাত্তর হাজার একশত বিশ) টাকা বিতরণ করা হয়েছে। এছাড়া নতুন কারিকুলাম শুরু হয়েছে। এ বিষয়ে সকল শিক্ষকদের ট্রেনিং সম্পন্ন হয়েছে। সেই আলোকে পাঠদান করানো হচ্ছে। এছাড়া মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ১। ১১টি স্কুলের স্যানেটারী কর্ণার স্থাপনের কার্যক্রম একটি টিম প্রস্তুত করে তা নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। বরাদ্দ প্রাপ্ত ১১টি বিদ্যালয়ের বাহিরে মির্জাপুর উচ্চ বিদ্যালয়ে অন্য কোন তহবিলের অর্থদ্বারা ১টি স্যানেটারী কর্ণার স্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| সমাজ সেবা বিভাগ | সভায় উপজেলা সমাজ সেবা কর্মকর্তা বলেন, ইতঃমধ্যে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং চা শ্রমিকের এককালিন অর্থ প্রদানের পে-রোল শতভাগ প্রেরণ করা হয়েছে। খুব শীঘ্রই সুবিধাভোগী গণ অনলাইনে অর্থাৎ এজেন্ট ব্যাংকিং ব্যাংক এশিয়ার মাধ্যমে তাদের নিজ নিজ হিসাবে অর্থ ঢুকে যাবে। ইউনিসেফ এর সহায়তায় দুস্থ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও |

| | | |
|---|---|---|
| | ও ঝুকিপূর্ণ শিশুদের তালিকা (কেস ম্যানেজমেন্ট করণ এর মাধ্যমে) প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়েছে। প্রাপ্ত তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা হবে। ঝুকিপূর্ণ শিশুদেরকে শিশু সুরক্ষা ভাতা প্রদান করা হবে। এ বিষয়ে অতিদ্রুত তালিকা প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জ্ঞাপন করেন।<br>সিদ্ধান্তঃ ১। বয়স্ক, বিধবা প্রতিবন্ধীভাতা চা শ্রমিকের তালিকা অনুমোদন করা হলো। ২। ঝুকিপূর্ণ শিশুদের তালিকা জরুরী ভিত্তিতে প্রদানের জন্য ইউপি চেয়ারম্যান (সকল) কে অনুরোধ জানান। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, আগামী ১১ জুলাই/২৩ বিশ্ব জনসংখ্যা দিবস। এই দিবস উদযাপন উপলক্ষ্যে ঐ দিনে র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হবে। তাছাড়া প্রতিটি সেবা কেন্দ্রে বিশেষ সেবার ব্যবস্থা করা হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | |
| উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| দুর্যোগ ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, ২০২২-২৩ অর্থ বছরের ২য় পর্যায়ের সকল বরাদ্দের কাজ সমাপ্ত করা হয়েছে। আগামী জুন মাসের মধ্যে সকল কার্যক্রম শেষ হবে। ভিজিএফ চাল বাবদ ১৭৮৬৯টি কার্ড বাবদ ১৭৮ মেঃটন চাল বিতরণ করা হবে। ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দ ভিজিএফ এর তালিকা পাওয়া গেলে চাল বিতরণ সম্ভব হবে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, বর্তমানে বজ্রপাতে মৃতের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বজ্রপাতে কেউ মারা গেলে সরকার কর্তৃক ৩০০০০/- টাকা সাপে কাটা রোগীকে ২০০০০/- টাকা এবং গরু মহিষ মারা গেলেও কিছু আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।<br>সিদ্ধান্তঃ ১ম ও ২য় কিস্তির ভিজিএফ এর তালিকা আগামী ২০ তারিখের মধ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে দেয়ার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শ্রীমঙ্গল। |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর কার্যক্রম ভালো ভাবে এগিয়ে যাচ্ছে। পরে তিনি জানান, উক্ত প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ৫ম পর্যায়ের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প-এর কাজ হওয়া ঠিকাদারের অনুকূলে বিল প্রদান করা হয়েছে।<br>সিদ্ধান্ত : ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টারটি নিয়মিত দেখাশুনা করার জন্য ইউডিএফ (জাইকা) কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউডিএফ (জাইকা) |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি জানান, ঝড় তুফানে রাস্তা এবং বাড়ির গাছ পড়ে বৈদ্যুতিক লাইনে প্রচন্ড ক্ষতি সাধিত হচ্ছে। এছাড়া লোকবল কম থাকার কারণে গ্রাহকদের জরুরী সেবা প্রদান পেতে কিছুটা বিলম্বিত হচ্ছে। তাছাড়া তিনি জুন মাসের মধ্যে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সরকারী বেসরকারী কর্মকর্তাবৃন্দকে অনুরোধ জানান।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, অবৈধ সংযোগ প্রচুর রয়েছে। সেগুলো চিহ্নিতকরণের অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকল সরকারী বেসরকারী কর্মকর্তাবৃন্দকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল কর্মকর্তাবৃন্দ ও সিনিয়র জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ, শ্রীমঙ্গল |
| চেয়ারম্যান ২নং ভূনবীর ইউপি | সভায় চেয়ারম্যান, ২নং ভূনবীর ইউপি বলেন, ভূনবীর ইউনিয়নের রাস্তার পাশের গাছগুলো ঝুকিপূর্ণ অবস্থায় আছে। গাছগুলো কাটার জন্য বনবিভাগকে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে বন বিভাগের দৃশ্যমান কোন কার্যক্রম পরিলক্ষিত হচ্ছে না। বর্তমানে ঝড় তুফানের মাত্রা বেড়ে যাওয়ায় রাস্তায় থাকা গাছগুলো যে কোন সময় পথচারীদের উপর পড়ে বড় ধরনের দুর্ঘটনার শিকার হতে পারে। এছাড়া গন্ধর্ব্বপুর রামকৃষ্ণ মন্দিরে সিড়ি নির্মান করার জন্য একটি প্রস্তাব করেন।<br>সিদ্ধান্তঃ ১। আলোচিত গাছগুলোর বিষয়ে দ্রুততার সাথে বিধিমোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য রেঞ্জ কর্মকর্তা, শ্রীমঙ্গলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। ইউনিয়ন পরিষদের বরাদ্দ হতে গন্ধর্ব্বপুর রামকৃষ্ণ মন্দিরের রাস্তা নির্মাণ করণের জন্য চেয়ারম্যান, ২নং ভূনবীর ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ২নং ভূনবীর ইউপি। |
| জীপ গাড়ী মেরামত সংক্রান্ত | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক ব্যবহৃত জীপ গাড়ী নং-মৌলভীবাজার-ঘ-১১-০০৮৬ গাড়ীটি পুরাতন হয়ে যাওয়ায় গাড়ীর অনেক যন্ত্রাংশ নষ্ট হয়ে গেছে। ফলে প্রায়শঃই গাড়ীটি বিকল হয়ে যায়। গাড়ীটি চালু রাখতে মেরামত করা জরুরী প্রয়োজন। এবিষয়ে বিআরটিএ, মৌলভীবাজার | চেয়ারম্যান, উপজেলা পরিষদ |

| | | |
|---|---|---|
| | অফিস হতে গাড়ীর যে যন্ত্রাংশ সংযোজন ও মেরামত করার প্রয়োজন তার প্রত্যায়ন পাওয়া গিয়েছে। সে অনুযায়ী পরবর্তী কাযক্রম গ্রহণক্রমে একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব জরুরী ভিত্তিতে সকল কাগজপত্র স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এবিষয়ে পরিষদের সভায় অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন।<br>**সিদ্ধান্ত:** উপজেলা পরিষদের জীপ গাড়ী নং-মৌলভীবাজার-ঘ-১১-০০৮৬ মেরামতের প্রস্তাব সর্বসম্মতিক্রমে সভায় গৃহিত ও অনুমোদিত হয়। | ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| বিবিধ: ০১ | উপজেলা পরিষদে কর্মরত কর্মচারী জনাব উত্তম রায়, অফিস সহায়ক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর মেয়ের বয়স ০৬ হওয়াতে, স্কুলে ভর্তির প্রত্যয়ন পত্র ও জন্মনিবন্ধনের কপি আবেদনের সাথে যুক্ত করে শিক্ষা ভাতার পাওয়ার জন্য আবেদন করেছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদ কর্মচারী জনাব উত্তম রায়কে, শিক্ষা ভাতা প্রদান করা যেতে পারে।<br>সিদ্ধান্ত: শিক্ষা ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ: ০২ | উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা কমপ্লেক্সে স্থাপিত সিসি ক্যামেরা এবং লাইনগুলোর অধিকাংশই নষ্ট হয়ে যাওয়ায় অফিসের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। তাই নিরাপত্তা বিধানের স্বার্থে জরুরী ভিত্তিতে সিসি ক্যামেরা পুণ:স্থাপন করা একান্ত প্রয়োজন। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে ক্যামেরাগুলো পুণ:স্থাপনের প্রস্তাব করেন।<br>**সিদ্ধান্ত:** উপজেলা কমপ্লেক্সে স্থাপিত সিসি ক্যামেরা জরুরী ভিত্তিতে পুণ:স্থাপনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| বিবিধ: ০৩ | সভায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ১০টি কনফারেন্স টেবিল বৃষ্টি পানি পরে নষ্ট হয়ে যায়। তার মধ্যে ২টি টেবিল নতুন ক্রয় এবং ৮টি মেরামতকরণ একান্ত প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহে কাজ বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>সিদ্ধান্ত: কনফারেন্স টেবিলগুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ক্রয় ও মেরামতের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| বিবিধ: ০৪ | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন, বিগত কয়েকদিনের ঝড়ে শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন স্থানে ঘরবাড়ি ভেঙ্গে গেছে। এছাড়া ব্রজপাতের কারনে গরু, মহিষ ও মানুষের মৃত্যু হয়েছে। ব্রজপাতে মৃত্যু ও ঘরবাড়ি ভেঙ্গে যাওয়া ক্ষতিগ্রস্থ পরিবারকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদানের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>**সিদ্ধান্ত:** আবেদনপত্রের প্রেক্ষিতে ক্ষতিগ্রস্থ পরিবারের তালিকা প্রস্তুতক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। (অবশ্যই মাষ্টাররোল কপি সংযুক্ত করতে হবে) | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ: ০৫ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের চারপাশের ঝোপঝাড়, ময়লা আবর্জনা ও পুরাতন বিল্ডিং এর ছাদ এবং আবাসিক ভবনের ছাদগুলোতে গাছের পাতা পড়ে শ্যাওলা ও ছোট ছোট গাছ উঠে বিল্ডিং এর ছাদের প্রচন্ড ক্ষতি সাধিত হচ্ছে। তাই উপজেলা পরিষদ চত্বরের চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন করা একান্ত আবশ্যক।<br>**সিদ্ধান্ত:** উপজেলা পরিষদের চারপাশের ঝোপঝাড়, ময়লা আবর্জনা ও পুরাতন বিল্ডিং এর ছাদ এবং আবাসিক ভবনের ছাদগুলোতে গাছের পাতা পড়ে শ্যাওলা ও ছোট ছোট গাছ অপসারণসহ দ্রুত পরিস্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ: ০৬ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, ৫দিন ব্যাপী কাব ক্যাম্পরি কার্যক্রমটি মনাই উল্লাহ আর্দশ উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে ৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৯২জন কাব শিশু (বালক ও বালিকা), ৩২জন ইউনিট লিডার এবং উপজেলা ও জেলার স্কাউট থেকে ২৪জন প্রশিক্ষক ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করছেন। উক্ত অনুষ্ঠানে যে পরিমাণ ব্যয় হয়েছে তা প্রাপ্ত অর্থদ্বারা সংকুলান না হওয়ায় উপজেলা পরিষদের তহবিল হতে আর্থিক সহায়তা পাওয়ার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল বরাবরে সম্পাদক, বাংলাদেশ স্কাউটস্‌, শ্রীমঙ্গল, মৌলভীবাজার আবেদন দাখিল করেছেন। তার আবেদনপত্রের প্রেক্ষিতে সভায় প্রস্তাবটি উপস্থাপন করা হয়। সভায় উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**সিদ্ধান্ত:** উপজেলা পরিষদের পরিষদের রাজস্ব তহবিলের অনুদান খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ: ০৭ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদ সভাকক্ষের উপর টিনের ছাউনী হওয়ার কারণে চলমান বৃষ্টির মৌসুম সভাকক্ষের ভিতরে বৃষ্টি পড়ে। সভাপক্ষে বৃষ্টি পড়ার কারণে সভার কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি হয়। সভাকক্ষের টিনের ছাউনী জরুরী ভিত্তিতে মেরামতের ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব উপস্থাপন করা হয়।<br>**সিদ্ধান্ত:** জরুরী ভিত্তিতে উপজেলা সভাকক্ষে টিনের ছাউনী মেরামত করণের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী শ্রীমঙ্গল, মৌলভীবাজার |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.১৬.১৯

তারিখ: ০৬/০৭/২০২৩

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা.................................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম.....................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭। ..........................................................।

৬/৭/২৩

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার